শহীদ ড. আবদুল্লাহ আয্যাম রহ.

# ফিলিস্তিনের স্মৃতি

অনুবাদ আবদুস সাত্তার আইনী



#### অনুবাদকের কথা

শহীদ ড. আবদুরাহ আয্যাম রহ.-এর বজৃতাসংকলন 'যিকরাইয়াতু ফিলিন্তিন'-এর অনুবাদ ধারাবাহিকভাবে মাসিক রহমতে প্রকাশিত হয়েছিলো। এবার গ্রন্থাকারে প্রকাশিত হলো। এ-বইয়ে ফিলিন্তিনের মুক্তিসংথামের কাহিনি, আরব নেতাদের ধারাবাহিক বিশ্বাসঘাতকতা এবং ইসরাইলের সঙ্গে তাঁদের আঁতাত, ইসলামের আন্দোলনের বিকাশ ও সন্ধোচন ইত্যাদি বিষয়ে আলোকপাত করা হয়েছে। এ-বইয়ে এমনকিছু ঘটনা ও তথ্যের বর্ণনা আমরা পাই যে-সম্পর্কে আমাদের ধারণা ছিলো বা এ-ধরনের ঘটনা ঘটতে পারে বলে আমাদের মনে হয় নি। বর্তমানে যে-ফিলিন্তিন-সঙ্কট চলছে এবং ইহুদিদের বিরুদ্ধে কিছু মানুষের যে-সংগ্রাম অব্যাহত আছে তা বোঝার জন্য এ-ঘটনাগুলো জানা জরুরি।

আমাদের মনে হয়, ফিলিন্ডিনের মৃক্তিসংগ্রামের এক মহান সৈনিকের আত্মশৃতি বাংলাভাষায় এটাই প্রথম। কারণ, এ-ধরনের বই কখনো আমাদের গোচরীভূত হয় নি। ফিলিন্ডিন-বিষয়ে আবদ্লাহ আয্যামের আরও রচনা আছে; আমরা আশা করি, অচিরকালের মধ্যেই সে-রচনাশুলোর অনুবাদ পাঠকের সামনে উপস্থিত করতে পারবো।

আমি আরবি থেকে হবহু বাংলা অনুবাদ করার চেষ্টা করেছি। যেখাদে বক্তব্য ছিলো একেবারেই সংক্ষিপ্ত ও দুর্বোধ্য, সেধানে আমি কিছুটা বাধীনতা নিয়েছি। বয়ানে উল্লিখিত ব্যক্তিবর্গ সম্পর্কে এবং যেখানে প্রয়োজন মনে করেছি টীকা সংযোজন করেছি। আশা করি, এতে পাঠক উপকৃত হবেন।

> আবদৃস সান্তার আইনী ২০ আগস্ট, ২০১৪ abdussattarajni@gmail.com

পবিত্র ভূমির সন্তানদের সর্বাত্যকভাবে যুদ্ধে ঝাঁপিয়ে পড়ার সময় কি এখনো হয় নি? এখনো কি সময় হয় নি জান বাজি রেখে লড়াই করার? আমি যেসব ডীতি ও আতঙ্ক অনুভব করি সেগুলো আছে অপসৃত হওয়ার অপেক্ষায়... যদি ভার কৌশল পরিবর্তন করা হয় এবং শক্রর মোকাবেলায় মৃত্যুপ্রস্তুতির ঘোষণা লেয়া হয়; কিন্তু:

যখন কামড়ে ধরার জন্যে উদ্ধৃত দাঁত ছাড়া আর কিছুই থাকে না তখন সেগুলো নিয়ে ঝাঁপিয়ে পড়া ছাড়া আর কী করার থাকে? সূতরাং যারা শুরু করেছে তাদের কল্যাণ হোক... উ। ९। স। র্গ ফিলিন্ডিনের শাহাদাতবরণকারী ভাই-বোনদের উদ্দেশে

# শহীদ ড. আবদুরাহ আব্যাম রহ. ফিলিস্তিনের স্মৃতি

অনুবাদ আবদুস সান্তার আইনী

প্রকাশক বদরুদীন আহমাদ তকি মাকভাবাতুল ইসলাম

প্রথম প্রকাশ সেপ্টেম্বর ২০১৪ খ্রি.

© সংরক্ষিত

প্রচহদ 1 হা মীম কেফায়েত

সার্বিক যোগাযোগ মাকভাবাতুল ইসলাম

৬৬২ আদর্শনগর, মধ্যবাড্ডা, ঢাকা-১২১২

কোন : ০১৯১১৬২০৪৪৭ ০১৯১২৩৯৫৩৫১

E-mail: imaktabatulislam@gmail.com

মূল্য : ১৪০ (একশত চল্লিশ) টাকা মাত্র

#### FILISTINER SMRITI

Writer: Dr. Abdullah Azzam Rh. Translated by: Abdus Sattar Aini Published by: Maktabatul Islam. Price: Tk. 140.00 US \$ 8.00 only.

ISBN: 978-984-90977-2-3 www.facebook/Maktabatul Islam

30

কিছু কথা

বিশেষভাবে উল্লেখযোগ্য	22
গ্রন্থটির বিষয়বস্তু সম্পর্কে কিছু কথা	32
শহীদ ইমাম আবদুল্লাহ আযুযামের আলোকিত কথামালা	20
বাইতুল মাক্দিস থেকে কাবুল	36
জিহাদের আবশ্যকতা হজের আবশ্যকতা থেকে অগ্রবর্তী	৩৬
মুসলিম বিশ্বের কাছে দাবি	৩৮
কৌশল পরিবর্তন	ওঠ
অপ্রত্যাশিত ব্যাপার	80
কাবুল থেকে বায়তুল মাক্দিস : এক	89
বিশ্বাস ও রক্তের অভিন্নতা	88
তরবারি ছাড়া তাওহিদ রক্ষা করা যায় না	88
ইসলাম প্রতিরক্ষামূলক ধর্ম নয়	86
জিহাদ ক্ষরযে আইন	60
প্রত্যাশার যন্ত্রণা	42
জালালাবাদের পতন ঘটে নি কেনো	aa
সাদাকাতুল ফিতর জিহাদে দেয়ার বিধান	৫৬
জিহাদের ময়দানে থেকে ইসলামকে বোঝা	Qp.
শানশিরে যুদ্ধবিরতি	উত
রাশিয়ার পরাজয় শীকার	90
সম্মান ও আত্মমর্যানাবোধ	92
ইসলামি পরিভাষার প্রত্যাবর্তন	90
মুসলিম সমাজ-প্রতিষ্ঠার কৌশল : দাওয়াত ও তরবিয়ত	94
আমার জাতি আমাকে ত্যাগ করে নি এবং নিজেদের ভর্ৎসনাও করে নি	96
সুলতান আবদুল হামিদের সাহসিকতা	43
কাবুল থেকে বাইতুল জেকজালেম : দুই : দুটি ঘটনা	<b>b8</b>
টাকার বিনিময়ে ফিলিন্তিনের ভূমি বিক্রয়	৮৬

- আরব সেনাবাহিনীর বিশ্বাসঘাতকতা ৮৮
  - ইসলামি আন্দোলনের কাল ৮৯
    - আন্দোলনকে নিন্তেজকরণ ১২
      - কাতাহ ১৩
      - রক্তিম রজনী ১৪
- বিশাস্যাতকতার লজ্জাজনক পরিণাম ১৫
  - কাতাহর বিশৃঞ্জলা ১৭
  - গেরিলা কার্যক্রমের বিলুপ্তি ১০১
    - পরিশিষ্ট ১০৪

## কিছু কথা

অনেক মুসলমান ভাই আছেন, যাঁরা শহীদ ড. আবদুল্লাহ আয্যাম সম্পর্কে ভালো জানেন না। যাঁরা তাঁর লেখাগুলো পড়েন নি বা তিনি যা বলেছেন সে সম্পর্কে ধারণা রাখেন না তাঁরা হয়তো অবচেতনভাবে মনে করবেন তিনি আফগানিস্তান নিয়েই মগু ছিলেন; ফিলিন্তি নের কথা ভুলে ছিলেন এবং ফিলিন্তিনের জন্যে কোনো কাজ করেন নি। এমনকি ফিলিন্তিনের অনেক মুসলমান ভাই এ-ধরনের কথা বলেন এবং বেশ স্পষ্টভাবেই বলেন।

হায়, এই বন্ধুরা যদি সামান্য কট করতেন, তাঁর বইওলো পড়তেন, তাঁর বভূতার রেকর্ড জনতেন, তাহলে তাঁরা বুঝতে পারতেন তাঁর দেহটাই তথু আফগানিভানে ছিলো আর তাঁর হৃদয় ও আত্মা ছিলো মসজিদুল আকসা [জেরুজালেম] ও নাবলুস পাহাড়ের ভাঁজে ভাঁজে বিগলিত।

বরং আমরা বলতে পারি—বেশ দৃঢ়তার সঙ্গেই বলতে পারি, শহীদ ড. আবদুল্লাহ আব্যাম ফিলিন্তিনের জন্যে যা করেছেন, যাঁরা ফিলিন্তিন নিয়ে বেশি গান গান, বজ্তার মঞ্চে, সভায় ও সমাবেশে কথার তুবড়ি ছোটান এবং চ্যালেঞ্জ প্রকাশ করেন তাঁরা সেটা করেন নি।

কেনো নয়! তিনি শত শত ফিলিন্তিনি যুবককে সৈনিক ও আত্যোৎসর্গকারী যোদ্ধারূপে প্রস্তুত করেছেন। কেনো নয়! বিভিন্ন ঘটনার প্রেক্ষিতে আফগানিন্তানের হিন্দুকুশ পর্বতমালার অভিজ্ঞতা বর্ণনা করতে গিয়ে তিনি নাবলুস, খলিল ও জেরুজালেমের পর্বতমালার অভিজ্ঞতাও বর্ণনা করেছেন।

প্রিয় পাঠক, আপনি আবদুল্লাহ আয্যামের লেখার্য ও ভাষণে—যদি পড়ে থাকেন—তার প্রমাণ পাবেন। এবং সন্দেহ নেই, আপনি উপরিউক্ত সিদ্ধান্তে পৌছুবেন।

#### বিশেবভাবে উল্লেখযোগ্য

এ-গ্রন্থটি শহীদ ড, আবদুল্লাহ আয্যামের ফিলিস্তিন সম্পর্কিত ভাষণের ক্ষুদ্র সংকলন; তাঁর বঞ্চতার রেকর্ড থেকে সংকলিত হয়েছে। আমৃত্যু তিনি ফিলিন্তিন সম্পর্কে অনেক মৃল্যবান কথা বলেছেন, মূল্যবান ভাষণ দিয়েছেন এবং গুরুত্বপূর্ণ প্রবন্ধ লিখেছেন। তার অধিকাংশ ইতোপূর্বে তাঁর বিভিন্ন গ্রন্থে অন্তর্ভুক্ত হয়েছে এবং বিভিন্ন সাময়িকীতে ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছে। কিন্তু তথু ফিলিন্তিন বিষয়ে এককভাবে কোনৌ পূর্ণাঙ্গ সংকলন প্রকাশিত হয় নি। আমরা দুঃখের সঙ্গে জানাচিছ, ড. আবদুল্লাহ আম্যামের ফিলিন্তিন সম্পর্কিত অধিকাংশ শেখা বিভিন্ন গ্রন্থে অন্তর্ভুক্ত হওয়ার পরও আমরা সেসব লেখা সংকলন করতে বিলম্ব করে ফেলেছি। তাই আমরা সিদ্ধান্ত নিয়েছি, ফিলিন্তিন সম্পর্কিত যে-সব রচনা কোনো গ্রন্থে অন্তর্ভুক্ত হয় নি বা যেসব লেখা ও ভাষণ আমাদের হাতে অবশিষ্ট ছিলো বা পরবর্তী সময়ে আমাদের হাতে এসে পৌছেছে, সেসব লেখা একত্র করে একটি গ্রন্থ প্রস্তুত করবো। আমরা আশা করি, ভবিষ্যতে ফিলিস্তিন সম্পর্কিত যাবতীয় রচনা একত্র করে একটি বা দুটি খণ্ডে প্রকাশ করতে পারবো, ইনশাআল্লাহ।

> নিবেদক ড. আবদুরাহ আয্যাম প্রচার কেন্দ্র।

## গ্রন্থটির বিষয়বস্তু সম্পর্কে কিছু কথা

বেসব বিষয়ের আলোচনা এ-গ্রন্থটিতে সংকলিত হয়েছে তার প্রতিটি বিষয় গুরুত্বপূর্ণ। আমরা মনে করি, প্রতিটি মুসলিম যুবক বিশেষ করে ফিলিন্তিনের যুবকেরা এতে উদ্বেলিত হবেন। পাঠক চিন্তার খোরাক পাবেন এবং তার বর্তমান কর্মপন্থা কী হবে সে-বিষয়ে সিদ্ধান্তগ্রহণে সহায়তা পাবেন। এ-গ্রন্থের প্রতিটি লেখা ইমানী চেতনা জাগ্রত রাখবে এবং আল্লাহর প্রতি বিশ্বাস সুদৃঢ় রাখবে। ইসলামই একমাত্র সত্যধর্ম—এ বিশ্বাস প্রত্যেক মুসলমানের হৃদয়ে বন্ধমূল থাকা উচিত। মুসলিম হওয়ার পরও কেউ যদি জন্য ধর্মকে সত্য মনে করে এবং নিজ ধর্মের অবমাননা সহ্য করে তাহলে তার বিশ্বাস নিয়ে সন্দেহ থেকে যাবে। নিয়ে এ-গ্রন্থের বিষয়বস্ত উল্লেখ করা হলো:

- ফিলিন্তিনের নিপীড়িত-নিগৃহীত মুসলমান সম্পর্কে ড. আবদুরাহ আব্যামের বক্তব্য;
- ফিলিন্তিনে তাঁর অবস্থান এবং জিহাদে অংশগ্রহণ ও ফিলিন্তিন সীমান্ত প্রহরার স্মৃতি;
- কীতাবে বিশ্বের সারব ও অনারব গোষ্ঠী ফিলিন্তিন জাতির বিরুদ্ধে

  য়ভ্যৱে বিপ্ত রয়েছে এবং ফিলিন্তিন বিক্রি করে দেয়ার পাঁয়তারা

  করছে;
- যেসব ফিলিন্তিনি যুবক জেরুজালেম ও মসজিদুল আকসাকে
  নিজেদের অধিকারে ফিরিয়ে আনতে চায় তাদের জন্যে কিছু
  নির্দেশনা এবং সেটা কীভাবে সম্ভব তার কিছু কৌশল;

আমরা আবারো পাঠকদের স্মরণ করিয়ে দিতে চাই, ড. আবদুরাহ আয্যামের ফিলিন্তিন সম্পর্কিত যেসব রচনা পূর্বপ্রকাশিত কোনো গ্রন্থে অন্ত র্ভুক্ত হয় নি, এ-গ্রন্থ সেসব রচনারই সংকলন।

> নিবেদক ড. আবদুল্লাহ আয্যাম গবেষণা সংস্থা।

# শহীদ ইমাম আবদুল্লাহ আয্যামের আলোকিত কথামালা

- আমাদের মনে প্রথম যে-কথাটির উদয় হয় তা হলো, আমরা আফগানিস্তানের হিন্দুকুশের চ্ডায় পৌছেছি—এখন কীভাবে আমরা ফিলিস্তিনেও এই অবস্থার পৌছতে পারি।
- আমি একজন ফিলিন্তিনি ৷ যদি ফিলিন্তিনে যাওয়ার কোনো সুযোগ
  আমার হয় এবং মসজিদুল আকসায় পাহারা দেয়ায় সুযোগ আমার
  হয়, তাহলে সেখানে আমি লড়াই কয়তেই পছন্দ কয়বো।
- জেনে রাখা উচিত, মসজিদুর্ল আকসার ভালোবাসা আমাদের বিশ্বাসের অংশ; তা আমাদের আকিদার গুরুত্বপূর্ণ উপাদান এবং আমাদের দীনের একটি স্তম্ভ 

  এই চেতনা আমাদের রক্তে সর্বদা
  বহুমান এবং আমাদের আত্মায় চিরকাল বিরাজমান।
- জেনে রাখা উচিত, আমরা আল্লাহর পথে বের হয়েছি এবং সেই
  স্যোগের অপেক্ষার আছি কখন আমরা মসজিদুল আকসার চ্ডায় লা
  ইলাহা ইল্লাল্লাহ-এর পতাকা উজ্জীন করতে পারবো। কখন
  প্রিয়নবীর মেরাজের স্চনাত্বল আল-আকসায় কালিমার পতাকা
  উভাতে সক্ষম হবো।
- আমাদের প্রধান সংকল্প হলো আকগানিস্তানকে শক্রমুক্ত করা এবং
  তার সার্বভৌমত্ ফিরিয়ে আনা ! এ-কাজটি আমাদের দীনের অংশ
  এবং অত্যাবশ্যক দায়িত্ব ৷ বাইতুল মাকদিস স্বাধীন করা এবং আলআকসাকে তাওহিদের ছায়া লা ইলাহা ইল্লাক্লাহ-এর কালিমাতলে
  দিয়ে আসাও আমাদের জন্যে আবল্যক কর্তব্য ৷
- যাঁরা মনে করেন আফগানিস্তানে জিহাদ অব্যাহত রাখার অর্থ হলো
  ফিলিন্তিনে ইসলামি বিপ্লব দমিত রাখা তাঁরা আসলে ভুল বুঝছেন
  এবং সত্য থেকে দূরে রয়েছেন। আসলে নেতৃত্ব কীন্ডাবে ফিরিয়ে
  আনতে হয় এবং অধিকারে রাখতে হয় সে-ব্যাপারে তাঁদের অল্ঞতা
  রয়েছে। কীন্ডাবে আন্দোলন ও দ্রোহ-চেতনা জাগ্রত করতে হয় এবং
  কীন্ডাবে ইসলামি বিপ্লবের বীজ ছড়িয়ে দিতে হয় তা তাঁরা জানেন
  না। বিশাল আকারে ইসলামি সেনাদল তৈরি করে কীন্ডাবে পৃথিবীকে
  নৈরাজ্য-কলহ থেকে পবিত্র রাখা যায় সে বিষয়ে তাদের চিন্তা-ভাবনা
  কম।

- রক্তরঞ্জিত কাবুদের ঘটনাবলি আর ফিলিন্ডিনের রক্তাক্ত বন্ধভূমির কাহিনির সূত্র একই। হিন্দুকুশের ওপর নিহত মুসলমান ও রক্তরোত এবং গাজার নিহত মুসলমান ও রক্তরোতের মধ্যে কোনো পার্থক্য নেই। হেলমান্দ, বাল্খ ও হেরাতে এতিমদের আর্তচিংকার ও বিধবাদের বুকফাটা বিলাপ এবং নাবলুস, উম্মুন নুর, খলিল ও কুদসে বিধবাদের বুকফাটা বিলাপ ও এতিমদের আর্তনাদের উৎস একই এবং সমান দুঃখদায়ক। আফগানিস্তানের বিপর্যয় ও দুর্দশা এবং ফিলিন্ডিনের বিপর্যয় ও দুর্দশা সমান ভয়াবহ।
- এসব কাহিনি বস্তুত একই কাহিনি—রক্তাক্ত ইসলামের কাহিনি।
   পৃথিবীর চারদিক থেকে এখন শক্ররা চূড়ান্ত বর্বরতা ও হিংপ্রতা নিয়ে
   ইসলামের ওপর ঝাঁপিয়ে পড়েছে। শক্রর আগ্রাসন কবলিত দীনের
   ফাহিনি আসলে অজন্র হিংপ্রতার শিকার মুসলিম জাতির কাহিনি।
   যখন জিহাদ থেমে যাবে, ইসলামের শক্রদের আত্মা থেকে ভয় দ্র
   হয়ে যাবে এবং তাদের সাহস বেড়ে যাবে (তখন তারা অবশাই
   মুসলিম উন্মাহর ওপর ঝাঁপিয়ে পড়বে।) মুসলিম জাতি তখন বয়র্থ অথর্ব হয়ে বসে থাকবে, তখন তাদের সমগ্রতা অর্থহীনতা ছাড়া আর
   কিছু নয়। যখন অল্প ঝনঝনিয়ে উঠবে, তরবারি কোবমুক্ত থাকবে
   তখনই কেবল শেয়ালেরা তাদের গর্তে আশ্রয় নেবে।
- আমরা এখন ইহুদি ও তাদের দোসরদের এবং আমেরিকা ও তাদের সাঙ্গপাঙ্গদের প্রতি এই ইশিয়ারি উচ্চারণ করতে পারি যে ফিলিন্তিনে পরিপূর্ণ জিহাদ শুরু হওয়ার আগ পর্যন্ত আমরা ছির হবো না, ক্ষান্ত হবো না।
- বিভিন্ন প্রতিবন্ধকতা ও সীমাবদ্ধতা সৃষ্টি করে যদি আমাদেরকে
  সামান্য সময়ের জন্যে ফিলিন্তিনের জিহাদ থেকে বিরত রাখা হয়
  এবং এই উন্মাহর মসজিদুল আকসার ভূমিতে লড়াইয়ের ইবাদত
  থেকে বাধা দেয়া হয়—এর অর্থ এই নয় যে ফিলিন্তিন সম্পর্কে
  আমাদের কোনো চিন্তা-ভাবনা নেই।
- মসজিদুল আকসাকে ফিরিয়ে আনা আমাদের মতাদর্শের একটি
  অবিচ্ছেদ্য অংশ এবং আমাদের মৌশিক সংকল্প।
- মসজিদুল আকসাকে ফিরিয়ে আনা আমাদের কর্মপরিকল্পনার প্রধান
  অংশ। আমরা কাবুলে নিজেদের প্রস্তুত রেখেছি এবং শত্রুর সঙ্গে
  শড়াই চালিয়ে যাচিছ। কিন্তু ব্যাপক অন্থিরতা ও মসজিদুল আকসা
  মুক্ত করার তীব্র আকাক্তা একমুহুর্তের জন্যে আমাদের সন্তি দিচেছ

- না। ফিলিন্তিনের পবিত্র ভূমি ও বিষাদগ্রন্ত মসঞ্জিদুল আকসাকে মুক্ত করার দৃঢ় সংকল্প আমাদের নির্মুম রাখে।
- ইহুদিরা বখদই কোনো যুদ্ধের পরিকল্পনা করবে তখদই সেটা নস্যাৎ করে দিতে হবে।
- সন্তানহারা মায়ের দুংখ এবং সামীহারা নারীর দুংখ অন্যকেউ বুঝবে
  না। আমি ফিলিভিনের সন্তান এবং আমার পরিবার-পরিজন ফিলিভি
  নেই রয়েছে। আমি আমার মাতৃভূমি হারিয়েছি। আমার দেশ এখন
  শক্রুর কজায়। আমি দেশহারা, মাতৃভূমিহারা। দুংখ, আকসোস ও
  যাতনায় আমার হৃদয় ক্তবিক্ষত হয়ে আছে... ফিলিভিনের জন্যে...
  আমার প্রিয় মাতৃভূমির জন্যে।
- কিলিন্তিন অবশ্যই আফগানিস্তান ধেকে উন্তম স্থান। যখন আমাদের হাতে শিকল পরানো হলো এবং সকল সীমান্ত বন্ধ করে দেয়া হলো এবং আমরা কাপড় টেনে-চলা অন্তঃপুরের মেয়েদের মতো হয়ে গেলাম—কবি যেমন বলেছেন, গায়িকাদের দেহ থেকে ঝুলছে আঁচল, তেমন—এবং নারী ও শিক্তদের মতো বলে রইলাম, তখন আমরা সে-জীবন ত্যাগ করে আফগানিস্তানের দৃঃখ-দুর্দশার ভূমিতে চলে এসেছি। কারণ—শুধু দৃঃখীই দৃঃখীর দৃঃখ বোঝে।

প্রকাশনা ও পরিকল্পনা বিভাগ আবদুক্লাহ আয্যাম প্রচার কেন্দ্র।

#### বাইতুল মাক্দিস থেকে কাবুল

আমার ভাইরেরা, গত মজলিসে আমরা ফিলিন্ডিনের জিহাদ সম্পর্কে আলোচনা করেছি। বস্তুত আরবের যে-দেশটিতে নির্বিচারে হত্যা ও নিপীড়ন চালানো হয়েছে এবং হচ্ছে সেটা হলো ফিলিন্ডিন। কোনো আরব মুসলমান বা পৃথিবীর অন্য কোনো মুসলমান এ-ব্যাপারে আল্লাহর দরবারে জ্বাবদিহিতা থেকে রক্ষা পাবেন না। কারণ ফিলিন্ডিনের ক্ষেত্রে মুসলমানেরা যথাযথ ভূমিকা পালন করেন নি বা করছেন না। কোনো মুসলমানের হাঁচির জ্বাব দেয়া ফর্যে কেফায়া অথবা সুনুতে কেফায়া। কেউ হাঁচি দিয়ে দোয়া পড়লে উপস্থিত কাউকে না কাউকে তার জ্বাব দিতে হবে। অন্যথায় স্বাইকে গুনাহগার হতে হবে। সহিত্ব বুখারির ব্যাখ্যাগ্রন্থ কাতত্ব বারি এবং সহিত্ মুসলিম-এর ব্যাখ্যাগ্রন্থ শারহন নাবাবিতে এ-ব্যাপারে সুস্পষ্ট ব্যাখ্যা রয়েছে। কারো আগ্রহ জাগলে দেখে নেবেন।

হাঁচির উত্তর দেয়ার বিধান সম্পর্কিত ব্যাখ্যা যেমন রয়েছে তেমনি এক মুসলমানের ওপর আরেক মুসলমানের কী হক তারও ব্যাখ্যা রয়েছে। পৃথিবীর কোনো প্রান্তে যদি মুসলিম জাতি আক্রান্ত হয় এবং পীড়নের শিকার হয়, তাহলে তাদের উদ্ধার ও সহযোগিতায় গোটা মুসলিম জাতির এগিয়ে আসা ফরয। যদি কোনো দেশের মুসলমানেরা এগিরে আসে এবং আক্রান্ত দের উদ্ধারের জন্যে প্রচেটা ব্যয় করে তাহলে হয়তো পাপ থেকে বাঁচা যাবে। অন্যথায় সব মুসলমানই গুনাহগার হবে।

দৃঃখের কথা, ফিলিন্ডিনিদের প্রতি কোনো মুসলিম রাষ্ট্রই সর্বাত্মকভাবে এগিয়ে আসে নি এবং যথাবথ ভূমিকা পালন করে নি। মুসলিম বিশ্ব যদি যথাযথ ভূমিকা পালন করতো তাহলে ১৯৬৭ সালের বিপর্যয় এড়ানো যেতো। ১৯৬৭ সালের বিপর্যয় এতোটাই ভয়াবহ ছিলো—আমি মনে করি না আধুনিক পৃথিবীর ইতিহাসে মানুষের জীবনে এ-ধরনের বিপর্যয় কখনো মটেছিলো।

১৯৬৭ সালের টেই জুন ইসরাইল পার্শ্ববর্তী দেশগুলোর ওপর অন্তর্কিত হামলা চালায়। মাত্র তিন ঘণ্টার হামলায় সে জর্জান, মিসর, ইরাক ও সিরিয়ার আকাশ-প্রতিরক্ষা ব্যবস্থা সম্পূর্ণ ধ্বংস করে দেয়। মাত্র তিন ঘণ্টায় ছোটো একটি রাষ্ট্রের হাতে তিনটি দেশের পরাজয় ঘটে। ইসরাইল—যার আয়তন পার্শবর্তী রাষ্ট্রগুলোর বিশ ভাগের একভাগও নর, যার জনগোন্ঠী পার্শ্ববর্তী রাষ্ট্রগুলোর জনগোন্ঠীর পনেরো ভাগের একভাগও নয় এবং যার সৈন্যসংখ্যা পার্শবর্তী রাষ্ট্রগুলোর সৈন্যসংখ্যার অর্থেকও নয়—সেই ইসরাইলের হাতে

তিনটি রাষ্ট্রের পরাজ্ঞয় ঘটে। আরবদের কপালে এই কলঙ্কতিলক কেয়ামত পর্যন্ত বিদ্যমান থাকবে।

হামলার তিনদিনের মাথায় ইসরাইলি স্থলবাহিনী সুয়েজ এলাকা দখল করে নেয়। একই গতিতে তারা মিসর ফ্রন্টে গাজা ও সিনাই উপত্যকা, জর্ডান ফ্রন্টে পূর্ব জেরুজালেম ও পশ্চিমতীর এবং সিরিয়া ফ্রন্টে গোলান মালভ্মি দখল করে নেয়।

হস্তান্তর ছাড়া গোলান মালভূমির পতনের কোনো সন্থাবনাই ছিলো না। গোলান মালভূমিতে বিশাল বিশাল পাহাড়ের সমাবেশ এবং সেখানে রয়েছে বিশাল বিশাল গর্জ। বিমান থেকে ছয়মাস বোমা বর্ষণ করেও তার একটি পাহাড় ধসানো থেতো না। আমি মনে করি, এই রাষ্ট্রগুলো দখল করতে পাঁচলো ইহুদিও নিহত হয় নি। অথচ (আফগানিস্তানের) কেবল জাজি ফ্রন্টে—সেই রমজানে আমি সেখানে উপস্থিত ছিলাম—শত শত রুশ সেনা নিহত হয়েছে। ১৯৬৭ সালে আরব-ইসরাইল যুদ্ধের তিনটি ফ্রন্ট মিলিয়েও সে-পরিমাণ ইহুদি সেনা নিহত হয় নি। ইসরাইল যা করেছে ঠিকই করেছে। তাদের তো কেউ প্রতিরোধ করে নি!

মিসরীয় সেনাবাহিনী সংবাদ সম্মেশন করে জোর গলায় ঘোষণা দিয়েছিলো, আমরা ইসরাইল ও তার মিত্রদের বিরুদ্ধে যুদ্ধ করবো। তারা এমন ভাব দেখিয়েছিলো যে, হে সমুদ্রের মৎসকুল, তোমরা ক্ষুধার্ত হও; আমরা ইহদিদের ধরে তোমাদের মুখের ওপর নিক্ষেপ করবো। তারা ভেবেছিলো তেলআবিব তাদের দখলে চলে আসবে এবং মিসরের গায়িকা উন্মে কুলসুম সেখানে গান গাইবে। তারা এগিয়ে গেলো এবং সিনাই উপত্যকার

<sup>&#</sup>x27; পাকিস্তান-আক্সানিস্তান সীমান্তবর্তী একটি এলাকা। এখানে ১৯৮৭ সালের ২০ শে যে থেকে ১৩ই জুন পর্যন্ত যুদ্ধ হয়। এ-যুদ্ধে মুজাহিদদের পক্ষে নেডা ও কমান্ডার ছিলেন জালালুন্দিন হস্কানি, মুহাম্মদ আনোয়ার ও আবদুক্তাহ আব্যাম এবং লোভিরেত বাহিনীর পক্ষে নেতা ও কমান্ডার ছিলেন বরিস গ্রোমন্ড, গর্ভাচেন্ড, নাজিবুল্লাই ও মুহাম্মদ রফি। এখানে বহু রুশ সেনা হতাহত হয়। এই যুদ্ধ জাজির যুদ্ধ নামে পরিচিত।

<sup>&#</sup>x27;উদ্যে কুলস্ম: বিখ্যাত আরব গায়িকা; 'প্রাচ্যের নক্ষত্র' অভিধায় পরিচিত। তাঁর আসল নাম কাতেমা ইবরাহিম। মিলরের লমুপ্রতীরবর্তী জেলা লাকহালিয়া-এর তামাই আবযাহারারা অঞ্চলে ডিনি ১৯১০ সালে জন্মগ্রহণ করেন। শৈশবে ধর্মীয় শিক্ষা লাভ করেন এবং
কুরআন শরিফ হিফ্য করেন। চমংকার কন্তের অধিকারী হওয়ার কারণে সংগীতে অশ্ব
বয়সেই খ্যাতি অর্জন করেন। চমংকার কিন্তাত কবি আহমদ লাওকি, হাকিয় ইবরাহিম,
আযিয় আবাহা, আহমদ রামি প্রমূবের লেখা গানে সুরারোপ করেন। অন্যান্য শ্রেষ্ঠ আরব
কবি ও পাকিস্তানের জাতীয় কবি মৃহান্দ্র ইকবালের লেখা গানেও সূর দেন ভিনি। গান
গাওয়ার পাশাপাশি ভিনি কয়েকটি ফিল্রে অভিনয়ও করেন। বিপুল বিত্তের অধিকারী উদ্বে
কুলস্ম সালানিয়ে জীবন্যাপন করতেন এবং মিলরের দরিল্র জনগোন্ঠীর জন্যে দান
করতেন।

একমাসব্যাণী অবস্থান করলো। ওখানে তারা ভোজ ও সংগীতে নেতে থাকে। তারা জপতে থাকে... উন্দে কুলসুম এই যুদ্ধে ভোমার সঙ্গে আছে... আবদুল হালিম এই যুদ্ধে তোমার সঙ্গে আছে... আরো নানা কিছু। আফসোস, আমরা একবারও তাদের বলতে তনি নি এই যুদ্ধে আল্লাহপাক ভোমার সঙ্গে আছেন। প্রেসিডেন্ট জামাল আবদুন নাস্যেরের নিকট রিপোর্ট পেশ করা হলো: সোমবারের আক্রমণ কারো কোনো ক্ষৃতি হয় নি; কেউ ইতাহত হয় নি। কোনো ভূমি হাতাছাড়া হয় নি, কেউ পালিয়ে যায় নি, কোনো কিছুর পরিবর্তন ঘটে নি।

মিসরীয় সৈন্যরা এমনি এমনি অবস্থান করেছে। তারা মরুভূমিতে বান্ধার বা

জামাল আবদুন নাসের ইসলামবিরোধী কর্মকাণ্ডের কারণে ইসলামি আন্দোলনের নেতা-কর্মীদের কাছে অপ্রিয় ছিলেন। তিনি ইবস্তয়ানুল মুসলিমিনের হাজার হাজার কর্মীকে কারাক্রম করেছিলেন, তাদের ভয়াবহ নির্যাতন করেছিলেন। ১৯৬৬ সালে তিনি সাইয়িাদ কুতুবকে ফাঁসিতে স্থালিয়ে হত্যা করেন।

<sup>°</sup> জারাল আবদুদ নাদের ১৫ই জানুয়ারি ১৯১৮ নালে আলেকজান্দ্রিয়ার আসইয়োভ জেলার বনি মূর (বাকোস) এলাকায় জন্মগ্রহণ করেন। আবদুন নাসের ও ফাহিমা দম্পত্তির প্রথম শস্তান তিনি। জামাল আপেকজাপ্রিয়া ও কাররোতে পড়ালোনা করেন। তিনি ফুল ও কলেজে ভালো ছাত্র ছিলেন না । উচ্চমাধ্যমিক দ্বিতীয় বর্ষে মাত্র ৪৫ দিন উপস্থিত ছিলেন। ছাত্রাবস্থাতেই তিনি ইজিন্দিরান সোশ্যালিস্ট পার্টির মাধ্যমে রাজনীতিতে যুক্ত হন। ১৯৩৭ সালের মার্চ মাসে রব্র্যাল মিলিটারি একাডেমিতে ভর্তির আবেদন করে ব্যর্থ হওয়ার পর আইন কশেজে ভর্তি হন। ক্ষিন্ত আইন কলেজে অকৃতকার্ব হওয়ার পর পুলিশ একাডেমিতে ভর্জি হওয়ার চেষ্টা করেও ব্যর্থ হন। সেক্রেটারি অব<sup>্</sup>স্টেট ইবরাহিম খাইরি পালার সহায়তায় দাময়িক কলেজে ভর্তি হম এবং ১৯৩৮ সালে সেকেন্ড বেফট্যানেন্ট পদে কয়িশন লাভ করেন। সামরিক কলেজে আনোয়ার সাদাত 🖷 আবদুল হাকিম আমের তাঁর সতীর্থ ছিলেন। ১৯৪৩ সালে কায়রোর রয়্যাল মিলিটারি একাডেমিতে শিক্ষকতার যোগ দেদ। ১৯৪৮ সালে ফিলিন্তিন যুদ্ধে অংশগ্রহণ করেন। ১৯৪৯ সালে স্বাধীন কর্মকর্তা সমিতির সভাপতি নির্বাচিত হন। ১৯৫২ সালের ২৩ শে জুলাই জেনারেল মুহামদ নাজিবের নেতৃত্বে অভ্যুথান ঘটিয়ে রাজা প্রথম ফারুককে উৎপাত করেন। ১৯৫৩ সালে ১৮ই জুন মুহাম্মদ নাজিব প্রেসিডেন্ট এবং জামাল ভেপুটি প্রেসিডেটের দায়িত্ব গ্রহণ করেন। জামাল ১৮ই জন ১৯৫৩ থেকে ২৫ শে ফেব্রুয়ারি ১৯৫৪ এবং ৪ঠা মার্চ ১৯৫৪ থেকে ১৮ই এপ্রিল ১৯৫৪ পর্যন্ত ডেপুটি প্রেসিডেন্ট ছিলেন। ১৯৫৪ সালের ১৪ই নভেম্বর তিনি রেভুগ্যশনারি কমান্ড কাউন্সিলের চেয়ারম্যান নির্বাচিত হন। ২৩ শে জুন ১৯৫৬ সালে রষ্ট্রপতি নির্বাচিত হন এবং ১৯৭০ সালের ২৮ শে সেপ্টেমর মৃত্যু পর্যন্ত তিনি রাষ্ট্রপতি পদে আসীন থাকেন। একই সঙ্গে ডিনি ১৯৫৪ সালের ২৫ শে ফেব্রুয়ারি থেকে ৮ই মার্চ ১৯৫৪, ১৮ই এপ্রিল ১৯৫৪ থেকে ২৯ সেপ্টেম্ব ১৯৬২, ১৯ শে জুন ১৯৬৭ থেকে মৃত্যু পর্যন্ত দেশের প্রধানমন্ত্রী ছিলেন। ৫ই অক্টোবর ১৯৬৪ থেকে ৮ই সেপ্টেম্বর ১৯৭০ পর্যন্ত জোট নিরপেক্ষ আন্দোলন (NAM)-এর মহাসচিব ছিলেন। 'প্রথম ফিলিন্ডিন যুদ্ধের স্মৃতি', 'মিসরের স্বাধীনতা : বিপ্লবের দর্শন', 'মুক্তির পথে' তার উল্লেখযোগ্য গ্রন্থ।

<sup>🎙</sup> ১৯৬৭ সালে যেদিন ইসরাইল একই সঙ্গে সিরিয়া, মিসর ও জর্ডানে আক্রমণ করেছিলো।

ব্যক্তিরক্ষাদূর্গ নির্মাণ করে নি; যদিও সৈনিকদের জন্যে আবশ্যক হলো বাদ্ধার বা প্রতিরক্ষাদূর্গ নির্মাণ করা। তারা যে-বাদ্ধার নির্মাণ করে নি তার কারণ আছে। একজন ব্যক্তি প্রেসিডেন্ট আবদুন নাসেরকে জিজ্ঞেস করলেন, আপনারা কি ইসরাইলের বিরুদ্ধে যুদ্ধ করবেন?' প্রেসিডেন্ট বললেন, আপনি কি মনে করেন আমরা যুদ্ধ করবো? আপনি যা দেখছেন তার সবকিছু হলো রাজনৈতিক প্রদর্শনী। গোলান মালভূমি থেকে ট্যান্কগুলোকে ফিরে আসতে নির্দেশ দেয়া হয়েছে।'

চার্চিশ বলেন, 'যখন সিরিয়ার গোলন্দাঞ্জ বাহিনী ইসরাইলে দখলকৃত এলাকায় ন্ত্পীকৃত আবর্জনা ও ওকনো ঘাসের ওপর হাজার হাজার টন গোলা কেলছিলো তখন ইসরাইল তাদের ট্যান্ধবহরের বেষ্টনীতে বুলডোজার দিয়ে গোলান মালজ্মির দিকে পথ তৈরি করছিলো।' তিনি আরো বলেন, 'মিসরীয় ট্যান্ধওলোর প্রত্যাবর্তনের সময় তাদের একটি ট্যান্ধের চেইন বিকল হরে পড়ে। সেই ট্যান্ধ-চালক তার ট্যান্ধের গোলামুখ মালভ্মিতে নিয়োজিত ইসরাইলের ট্যান্ধবহরের দিকে তাক করে এবং হামলা করে বসে। সে তাদের ছয়টি ট্যান্ধ ধ্বংস করে এবং আট ঘন্টার জন্যে ইসরাইলের অথবারো থামিয়ে দের। বিধ্বন্ত ট্যান্ধওলো অন্যান্য ট্যান্ধ চালনার জন্যে বাধা হয়ে দাঁড়ায়।' সেই মৃহুর্তে ইসরাইল এই সামান্য বাধার মুখে পড়ে।

জর্জানের প্রধানমন্ত্রী সা'দ জুমআ<sup>5</sup>—যিনি সেই ভয়াবহ বিপর্যয়কালে জর্জানের প্রধানমন্ত্রী ছিলেন—বলেন, 'আমরা এবং সিরিয়া একমত হয়েছি, আকাশপ্রতিরক্ষাব্যবস্থাকে আমরা শত্রুদের আক্রমণ থেকে নিরাপদ রাখবো।' ইনিই জর্জানের প্রধানমন্ত্রী, ইনিই সেই ব্যক্তি বিনি তার কৃতপাপাচারের প্রায়তিত্ত করার জন্যে আল্লাহর দরবারে তওবা করেছিলেন এবং তাঁর সঙ্গে

<sup>ీ</sup> এখানে (نشرشل) চার্চিল বলে Randolph Churchill বা Winston Churchill-কে বোঝানো হয়েছে। তাঁরা দূজন যৌধভাবে জারব-ইসরাইল যুদ্ধের ওপর The Six Day War গ্রন্থটি রচনা করেন। গ্রন্থটি ১৯৬৭ সালে Houghton Mifflin Company থেকে প্রকাশিত হয়েছে। তবে এই উইনস্টন চার্চিল ব্রিটিশ রাজনীতিবিদ 
লেখক স্যার উইনস্টন চার্চিল নম। কারণ তিনি ১৯৬৫ সালে মৃত্যুবরণ করেন।

র্মাণ মুহান্দদ জুমআ ১৯১৬ সালে দক্ষিণ জর্ডানের তাঞ্চিলা এলাকার জন্মাহণ করেন। জাতিতে তিনি কুর্দি। দামেক বিশ্ববিদ্যালয় থেকে ১৯৪৭ সালে আইন বিষয়ে স্নাতক ডিব্রি লাভ করেন। ১৯৬৭ সালের ২৩ লে এপ্রিল থেকে ৭ই অক্টোবর পর্যন্ত জর্ডানের প্রধানমন্ত্রী ও প্রতিরক্ষামন্ত্রী ছিলেন। এর আগে তিনি আন্দানের মেয়র (১৯৫৪-১৯৫৮), উপপররাষ্ট্রমন্ত্রী (১৯৫৮-১৯৫৯), ইরাল ও সিরিয়ায় রাষ্ট্রদ্ত (১৯৫৯-১৯৬২), মার্কিন যুক্তরাট্রে রাষ্ট্রদ্ত (১৯৫৯-১৯৬২), চিফ অব রয়্যাল হাশেমিয়া কোর্ট (১৯৬৫) ইত্যাদি গুরুত্বপূর্ণ পদে দারিত্ব পালন করেন। ১৯৬৯ সালে যুক্তরাজ্যে রাষ্ট্রদ্ত ছিলেন। এ-বছরই তিনি লভনে মৃত্যুবরণ করেন। সা'দ জুমআর আরেকটি উল্লেখযোগ্য গ্রন্থ হলো: ১৯৯৯ বা ঘূণার সমান্ত।

যাঁরা ছিলেন, যাঁরা প্রতিটি যুদ্ধক্রটে বিশ্বাসঘাতকের কর্মকাও করেছিলেন, ভাদের সবার অপদস্থতার কারণে আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করেছিলেন। সা'দ জুমআ মৃত্যুর পূর্বে তাঁর যাবতীয় দায়-দায়িত্ব আল্লাহর নিকট সমর্পণ করে কয়েকটি গ্রন্থ রচনা করেছিলেন। তিনি লিখেছিলেন এই বিশ্বাহারর পথ অথবা ধ্বংসা, ভেওঁই বিশ্বাহারর পর অথবা ধ্বংসা, বিশ্বাহার প্রার্হার পর অথবা ধ্বংসা, বাহু বিশ্বে তিনি মর্ম্যাতনা বিশ্বাহার পর লড়াই ছাড়াও অন্যান্য গ্রন্থ; এসব গ্রন্থ লিখে তিনি মর্ম্যাতনা ও যুদ্ধের প্রত্যক্ষ তয়াবহ অভিজ্ঞতা থেকে সাজ্বনা লাভ করার চেষ্টা করেছিলেন। জীবনের শেষ দিনওলোতে ভিনি সুস্থ থাকেন নি। ধ্যনিতে রক্ত জ্মাট বাধার কলে মৃত্যুবরণ করেছিলেন। তিনি যা দেখেছিলেন সবই সত্য বর্ণনা করেছিলেন। তিনি যা দেখেছিলেন ও জেনেছিলেন জনসম্মুখে তা প্রকাশ করে দিয়ে কৃতপাশের প্রায়ণ্ডিন্ত করেছিলেন।

সা'দ জ্মতা বলেন, 'সিরিয়ার সঙ্গে আমরা এই সিদ্ধান্তে পৌছি যে আকাশপ্রতিরক্ষাব্যবস্থা অটুট রাখা আমাদের আবশ্যক কর্তব্য। এ-ব্যাপারে আমি সকাল এগারোটার দিকে তাঁদের সঙ্গে বোগাযোগ করি।'

সা'দ জুমআ খণেন, 'আমি প্রেসিভেন্ট জামাল আবদুন নাসেরের সঙ্গে যোগাযোগ করি। জিজ্ঞেস করি, "পরিস্থিতি কী?" প্রথমে আবদুন নাসের বলেন, "আমরা শক্রদের তিনটি বিমান ভূপাতিত করতে পেরেছি। আমাদের বিমান তেলআবিবের আকাশে রয়েছে। মহারাজ আপনার কৌশল সৃদ্দৃ হোক।"

এই তারবার্তার লিখিত কপিতে "সালমা" নামের স্বাক্ষর ছিলো। এমনকি সঙ্কেতলিপিতেও আবদুন নাসেরের নাম "সালমা" ছিলো; সালমান নয়।

দুঃৰ 

অাধনোদ হলো, এই তারবার্তা ইসরাইলের হস্তগত হয়। আমি সেই

অড়াইয়ের সময় পশ্চিমতীরে ছিলাম। ইসরাইলি রেডিও স্টেশন সেই

তারবার্তা ঘণ্টায় ঘণ্টায় প্রচার করছিলো: 'আমরা শক্রদের তিনটি বিমান

ভূপাতিত করতে পেরেছি। আমাদের বিমান তেলআবিবের আকাশে রয়েছে।

মহারাজ আপনার কৌশল সৃদৃঢ় হোক। সাক্ষর—— সালমা।' সবকিছু ছিলো
রহস্যময় ও হতাশাব্যঞ্জক।

সেই দিন সকাল এগারোটার সময়ই মিসরের বিমান চলাচলব্যবস্থা পুরোপুরি ধ্বংস হয় এবং তাদের কোনো বিমান ইসরাইলি সীমান্তে পৌছতে পারে নি। ঠিক সেসময়ে জর্ভান যুদ্ধক্ষেত্রে প্রবেশ করে এই আশ্বাসে যে মিসরীয় বাহিনীর বিমান তেলআবিবের আকাশে রয়েছে।

সা'দ জুমআ বলেন, 'আমরা সিরিয়ার নেতৃবৃন্দের সঙ্গে যোগাযোগ করি। তাঁরা বলেন, আমাদেরকে এক ঘন্টা সময় দিন। আমরা বারোটার সময় আবার তাদের সঙ্গে যোগাযোগ করি। ভাঁরা বলেন, আমাদেরকে এক ঘন্টা সময় দিন। কিছে তার এক ঘণ্টা পরও তাঁদের পক্ষ থেকে কোনো জবাব আদে না। তিনি বলেন 'এখনো আমরা তাদের জবাবের অপেক্ষায় আছি।'
১৯৬৭ সালে মসঞ্জিদুল আকসার পতন ঘটে এবং ইগুদিরা তাতে প্রবেশ করে। আমি তখন সেঘানে ছিলাম। অর্থাৎ, ইগুদিরা যখন মসজিদুল আকসা দখল করে নের তখন আমি পশ্চিমতীরে অবস্থান করছি। তারা মসন্ধিদে প্রবেশ করে এবং চিংকার তক্ষ করে দেয়। তারা চিংকার করছিলো এবং আমি তনছিলাম: 'মুহাম্মদ মারা গেছে; মুহাম্মদ মারা গেছে এবং কিছু অবলা তার উত্তরাধিকারী, হয়েছে।' মোশে দায়ান (Moshe Dayan)' জেকজালেম থেকে ইয়াসরিব পর্যন্ত এই ঘোষণা দেন।

আমরা মিসরীয় সেনাবাহিনীর আলোচনায় ফিরে আসি। ইসরাইলি ট্যান্তবহর এগিয়ে আসে এবং সুয়েজ খাল দখল করে নেয়। মিসরীয় সৈন্যদল মরুভূমিতে অবস্থান করতে থাকে। তাদের একটি বৃহৎ অংশ ক্ষুধা-ভৃষ্ণায় মারা পড়ে। তাদের উদ্ধার-কাজের জন্যে রেডক্রসকে অনুমতি দেয়া হয়। বেসব সৈন্য কায়রোতে ফিরে যেতে ইচ্ছুক, ইহুদিরা তাদেরকে কিরে যাওয়ার অনুমতি দেয়। তারা হাজার হাজার মিসরীয় সৈনিককে বন্দি করে এবং তেলআবিবে পাঠায়। তেলআবিবে বন্দি সৈনিকদের জিজ্ঞেস করা হয়, 'তোমরা এখন কোধায়ে' স্বাভাবিক কারণেই তাদের চোখ বাঁধা ছিলো। তারা জ্বাব দেয়, 'আমরা জানি না আমরা এখন কোধায়।' ইহুদিরা বলে, 'তোমরা এখন ভেলআবিবে আছো। উন্দে কুলসুম তেলআবিবে তোমাদের গান গেয়ে শোনাবে।' হায়, উন্দে কুলসুম তেলআবিবে গান গেয়েছিলো।

এই লজ্জাজনক পরাজয়ের মধ্য দিয়ে ১৯৬৭ সালের যুদ্ধ শেষ হর, যার দৃষ্টাম্ভ ইতিহাসে বুঁজে পাওয়া যাবে না।

সেখানে আত্মোৎসর্গকারী মুজাহিদদের একটি সংগঠন ছিলো সেটি হলো ফাতাহ<sup>ট</sup>। সব আরব রাষ্ট্রের পতনের প্রেক্ষাপটে ফাতাহ ঘোষণা দিয়েছিলো

<sup>ী</sup> ১৮৮১ প্রের ১৯১৫, মৃত্যু ১৯৮১) : ইসরাইলি রাজনীতিবিদ ও সামরিক কর্মকর্তা।
১৯৫৬ সালের যুদ্ধে ইসরাইলি বাহিনীর কমাভার ছিলেন। মিসর, সিরিয়া ও জর্ভানের
বিক্রছে ১৯৬৭ সালের ছয় দিনের বৃদ্ধেও তিনি ওক্তত্বপূর্ণ ভূমিকা রাখেন। ১৯৭৭ সালে
ইসরাইলের পররাইমন্ত্রী হন। ইসরাইল ও আরবের মধ্যে শান্তি প্রতিষ্ঠায় যথাবথ ভূমিকা
রাখতে পারছেন না মনে করে ১৯৭৯ সালে পদত্যাণ করেন। ১৯৫৯ থেকে ১৯৬৪ পর্যন্ত কৃষিমন্ত্রী এবং ১৯৬৭ থেকে ১৯৭৪ পর্যন্ত প্রতিরক্ষামন্ত্রী ছিলেন। ১৯৪৮ সালে তিনি কিলিন্তি নদখল যুদ্ধেও অংশগ্রহণ করেছিলেন।

শৈ খাতাহ (فيم): পুরো নাম حركة الخمير الوطني الفلسطين ना The Palestinian National Liberation Movement. এ-সংগঠনের নামকরণ করা হয়েছে সুরা 'আলশাতাহ'র নামের অনুকরণে। কারণ এ-সুরার হুদারবিয়ার সন্ধি করে মুসন্দমানরা ফাতাহ বা সুস্পষ্ট বিজয় লাভ করেছে বলে উল্লেখ আছে। ১৯৬৫ সালে ইয়াসির আরাফাতের নেভৃত্বে

যে তারা ইহুদিদের বিরুদ্ধে লড়াই চালিয়ে যাবে। সুভরাং যারা এই লড়াইয়ে এগিয়ে আসতে চায় তারা যেনো এগিয়ে আসে। হে মুসলমানেরা, এগিয়ে আসো। হে আরব, তোমরা এগিয়ে আসো। যারা ফিলিন্তিনকে উদ্ধার করতে চাও তারা এগিয়ে আসো। কিন্তু কিছু অল্পবরসী তরুণ ছাড়া কেউ এগিয়ে আসো । তারা ভৃতীয় ন্তরের সামরিক প্রশিক্ষণে ব্যর্থ হয়েছে এবং অধিকাংশই সেনাবাহিনীতে বাধ্যতামূলক অন্তর্ভুক্তি (Conscription) থেকে পালিয়ে এসেছে। তারা এসেছিলো, কিন্তু এই পরিস্থিতিতে বান্তবতা ভালাপালা ছড়াতে থাকে এবং প্রয়োজনে বান্তবতা ভিনু ভিনুরূপে প্রকাশ পায়।

হে মুসলমানেরা, তোমরা এগিয়ে আসো। মুসলমানেরা এগিয়ে আসে নি। হে জানী সম্প্রদায়, তোমরা এগিয়ে আসো। জ্ঞানী সম্প্রদায় এগিয়ে আসে নি। ১৯৬৭ সালের একবছর পর থেকে মুসলমানেরা চেট্টা তরু করে। বভাবতই মুসলমানেরা ছিলো ঘূমিয়ে। মিসরে ইসলামি আন্দোলন ছিলো মৃত। এই শক্জাজনক পরাজয়ের মাত্র নয় মাস আগে জাতি হারিয়েছিলো সাইয়িদ কুতুব রা.-কে। তিনি ছিলেন মিসয়ে ইসলামি আন্দোলনের পুরোধা ব্যক্তিত্ব। আবদুন নাসের বৈপ্লবিক ইসলামি চিত্তাবিদ সাইয়িদ কুতব' ও তাঁর দূই

ফাতাহ প্রতিষ্ঠিত হয় এবং ২০০৪ সালে তাঁর মৃত্যু পর্যন্ত তিনি এটির প্রধান ছিলেন। সংগঠনটির গঠনতত্ত্ব ২৭ টি ধারা আছে। এটির মৃগনীতি চারটি : ১. ফিলিজিনি ফাতীয়তাবাদ; ২. সামাজিক গণতত্ত্ব; ৩. সেকুলারিজম বা সাম্যুবাদ; ৪. দ্বিরাষ্ট্রীয় সমাধান। প্রাথমিক অবস্থায় সংগঠনটি ইসলামিক সংগঠন ছিলো। প্রধান কার্যালয় রামাল্লায় অবস্থিত। বর্তমান প্রধান মাহমুদ আকাস। ফাতাহর আছে ৬ থেকে ৮ হাজার যোদ্ধা এবং ৪৫ থেকে ৩০০ রাজনীতিক। ২০০৬ সালের ২৫ শে জানুয়ারির সংসদীয় নির্বাচনে ফাতাহ হামাসের কাছে পরাজিত হয়। ২০০৯ সালে ফাতাহর নতুন কর্মনীতি নির্বারিত হয়। মৃলনীতি ও কর্মপদ্বতিতে হামাসের সঙ্গে ফাতাহর বিরোধ রয়েছে।

শ্বিরা নাম সাইয়িদ কৃতুর ইবরাহিম হুসাইন আশ-শারিবি। মিসরের আসইয়েত জেলার মুশা থানে ১৯০৬ সালে জনুথাহণ করেন। বাবা উপমান হুসাইন এবং মা ফাতেমা। কুতৃর জার বংশীর অভিধা। থামেই তিনি প্রাথমিক শিক্ষা লাভ করেন এবং কুরআন পরিফ হিন্তুয় করেন। ১৯২২ সালে কায়রের মাদরাসাতুল মুআদ্বিমিন আশ-আওয়ালিয়া (আবদূল আঘিয়)-এ ভর্তি হুল। ১৯২৪ সালে এবানে তিল বছরের কোর্স সমাও করে ১৯২৫ সালে মাদরাসা-ই-ভাজহিনিয়্যাতে ভর্তি হুল। এখানে চার বছরের শিক্ষা সম্পন্ন করে ১৯২৬ সালের শেব দিকে দারুল উলুম বিশ্ববিদ্যালয়ে আরবি ভাষা ও সাহিত্য বিভাগে ভর্তি হুন। ১৯৩৩ সালে বিশ্ববিদ্যালয়ের চার বছরের পাঠ সম্পন্ন করেন। একই বছরের ডিসেম্বর ভারজিরিয়া দাউনিয়্যাতে শিক্ষকভার মধ্য দিয়ে কর্মজীবন তার করেন। ১৯৪০ সাল পর্যন্ত আরো ভিন্তি মাদরাসার শিক্ষকভার মধ্য দিয়ে কর্মজীবন তার করেন। ১৯৪০ সাল পর্যন্ত আরো ভিন্তি মাদরাসার শিক্ষকভার মধ্য দিয়ে কর্মজীবন তার করেন। ১৯৪০ সালে প্রয়োর আরেরিকা ধ্বের করে। ১৯৫০ সালে আমেরিকা ধ্বের জিরে আসেন। ১৯৫২ সালের ১৮ই অট্টোবর ভিনি মন্ত্রণায়লয়ে পদত্যাগপত্র জ্বমা দেন। কিন্তু মন্ত্রী ভার পদত্যাগপত্র গ্রহণ করেন নি। ১৯৫৪ সালের ১৩ই জানুয়ারি সাইবিদ

সহযোদ্ধাকে ১৯৬৬ সালে ২৯ শে আগস্ট ষড়যন্ত্রমূলকভাবে ফাঁসিতে ঝুঁলিয়ে শহীদ করে। এই কলচ্ক মিসরীয় জাতির কপালে চিরদিন লেপ্টে থাকবে। আবদুন নাসের ইসলামি আন্দোলনের ১৭ হাজার কর্মীকে জেলখানায় বন্দি করে এবং ভাদের ওপর অমানবিক নির্যাতন চালায়। তার উদ্দেশ্য ছিলো ইসলামি আন্দোলকে চিরতরে শেষ করে দেয়া। ইসলামি আন্দোলনকারীদের জন্যে জামিন নিষিদ্ধ করা হয়। কারো যদি কারাদণ্ডের মেয়াদ শেষ হয়ে যেতো তাকে পুনরায় আটকাদেশ দেয়া হতো।

নিরিয়ায়ও ইসলামি আন্দোলন নিডেজ হয়ে পড়েছে। সেখানে সমাজতন্ত্রীরা সমাজে প্রভাব বিস্তার করছে এবং ছড়াচেছ—

وبالعروبة دينا ما له ثاني

آمنت بالبعث ربا لا شريك له

কুড়ুবের পদত্যাগণত্র করা গ্রহণ হয় এবং অভিযোগ করা হয় যে তিনি মরণালয়ে কর্মরত থাকাকাগে সরকারবিরোধী সংগঠন ইষওয়ানুল মুসলিমিনের সঙ্গে সম্পৃক্ত ছিলেন।

১৯৫০ দাল থেকেই সম্পৃক্ত থাকলেও সাইয়িদ কুতুব ১৯৫৩ সালে আনুষ্ঠানিকভাবে ইঘওয়ানুল মুসলিমিনে যোগ দেন। ১৯৫৪ সালে তাঁকে গ্রেণ্ডার করা হয় এবং তাঁর ওপর অমানবিক নির্বাতন চালানো হয়। ১৯৫৫ সালের ১৩ই জুলাই পিগল্স কোর্ট সাইয়িদ কুতুবকে পনেরো বছরের সম্রাম কারাদেও প্রদান করে। ১৯৬৪ সালে তিনি কারাণার থেকে মুক্তি পান। ১৯৬৫ সালের ৯ই আগস্ট তাঁকে পুনরায় গ্রেণ্ডার করা হয়। ১৯৬৬ সালের ২১ শে অগস্ট সাইয়িদ কুতুবসহ সাতজনের মৃত্যুদ্বাদেশ দেয়া হয়। ২৯ আগস্ট ভোর রাভে সাইয়িদ কুতুব ও তাঁর দুই সঙ্গীর ফাঁসি কার্যকর করা হয়।

সাইয়িদ কুতুবের কর্মজীবনকে দুই ভাগে ভাগ করা যায় : সাহিত্যিক কর্মকাণ্ড ও ইসলামি কর্মকান্ত। দারুল উলুম বিশ্ববিদ্যালয়ের ছাত্র থাকাকালেই তিনি বিভিন্ন পত্র-পত্রিকায় লেখালেখি খন্ধ করেন। তাঁর রচিত উল্লেখযোগ্য প্রস্তের একটি তালিকা দেয়া হলো। কবিচা : আশ-শাতিউল মাজহল/অজ্ঞাত তট; কাফেলাতুর ব্যক্তিক/অভিযাত্রীদল; হিলমুল ফাজুর/ভোরের স্বপু; দিওয়ানু সাইয়িদ কুতুব/সাইয়িদ কতুবের কাব্য। **সাহিত্যসমালোচনা** : কুতৃব ওয়া শাখসিয়্যাত/গ্রন্থ ও ব্যক্তিত্ব: আন-নাকদূল আদাবি উসুলুহ ওয়া মানাহিজুহ/সাহিত্যসমালেচনা : নীতি ও পদ্ধতি। **ইমনামি শিক্ষা ও দর্শন**: আত-তাসবিক্ষন ফান্নি ফিল কুরআন/ কুরআনের শিয়াশৈলী; মাশাহিদুল কিয়ামাহ ফিল কুরআন/ কুরআনে বর্ণিত কিয়ামত-দৃশ্য; আল-আদালাভূল ইজতিমাইয়্যাভু ফিল ইসলাম/ইসলামে সামাজিক নাায়বিচার; মারিকাতুল ইসলাম ওয়ার রাসমিয়্যাহ/ইসলাম ও পুঁজিবাদের ধন্দ; আস-সালামূল আলামি ওয়াল ইসলাম/ইসপাম ও বিশ্বলান্তি; আমেরিকা আল্লাতি রাআইত/যে-আমেরিকা আমি দেখেছি; হায়াদ্ দীন/এই ধর্ম; মুস্তাক্বালু হায়াদ্ দীন/এই ধর্মের ভবিষ্যং: আল-ইসলাম ওয়া মুশকিলাড়ল হাদারা/ইসলাম ও সভ্যতার সম্ভট; নাহবা মুজতামায়িল ইসলামি/ইসলামি সমাজের অভিমুখে; তাফসির ফি যিলালিল কুরআন (৩০ খণ্ড); আল-জিহাদ ফি সাবিশিল্লাহ/আক্সাহর পথে জিহাদ। **অন্যান্য** : তিকলুন মিনাল কারইয়াহ/গ্রামীণ বালক (ছেলেবেলা); আল-আলওয়াক/আকাজ্ঞা (ব্যক্তিজীবনের প্রেম); আল-মুদুনুল মাশহরা/খ্যাতির নগরী (উপন্যাস); আল-আওইয়াফুক আরবাআ/চার ছায়ামৃর্ডি (চার ভাইবোনের চিন্ধাধারা); আফরাশ্রর রুহ/আজার সুব (চিঠির সংকলন); "আল-খারিফ/শরংকাল (আত্মজীবনী মূলক উপদ্যাস)।

'আমরা আন্দোলনকে প্রস্থ হিসেবে মেনে নিয়েছি বার কোনো শরিক নেই এবং অভ্যুত্থানকে ধর্ম হিসেবে মেনে নিয়েছি যার কোনো বিকল্প নেই।'' এবার জর্ভানের কথা বলি। সেখানে ইসলামি আন্দোলনের নেতারা নিজেদের বিশৃঞ্জলা ঘোচাতে এবং পরাজরের ক্ষতের কথা ভূলে যেতে চেটা করলেন। জর্ভানে এবং ইসলামি বিশ্বে ও আরব রাইওলোতে ইসলামি আন্দোলনের দায়িত্বশীলের সংখ্যা বেড়ে গোলো। তাঁরা আহ্বান জানালেন, হে মুসলমানেরা, তোমরা জেগে ওঠো। তোমরা ফিলিভিনের জন্যে জেগে ওঠো। কিন্তু মুসলমানেরা ছিলো গভীর ঘূমে মগু এবং তাদের নাক ডাকার আওয়াজ লোনা যাচিছলো।

সুষ্বের কথা, কিছু ব্যক্তি এগিয়ে এলেন। এই ব্যক্তিরা ছিলেন ফাতাহর সাবেক ক্যাডার, নায়িফ হাওয়াতমা<sup>১</sup> কর্তৃক প্রতিষ্ঠিত গণভাষ্ত্রিক জোটের

<sup>&</sup>lt;sup>20</sup> হাফিজ আল-আসাদ সিরিয়ার রেডিও স্টেশন থেকে এই মোরণা দেন। সমাজতান্ত্রিক বিপ্লবের ক্ষেত্রে হাফিজ আল-আসাদ ও তাঁর অনুসারীদের মতাদর্শ অ উদ্দেশ্য এক হলেও ব্যক্তি-পর্যারে তাদের বিশ্লোথ ছিলো অনেকঃ এই হাফিজ আল-আসাদ আলাহণাককে জাদুমত্রে স্থাপন করেন। (নাউযুবিল্লাহ) তিনি হুমাত শহরের জামেউস সুলতান মসজিদ এবং দামেকের উমায়ি মসজিদ ধ্বংস করেছিলেন এবং এই দুটি মসজিদের সব মুসল্লিকে খুন করেছিরেন। তাঁকি

এই মতাদর্শের কবিরা সমাক্ষতন্ত্র ও জাতীরতাবাদকে ইসলামের ওপর প্রধান্য দিরে কবিতা রচনা করেছিলেন। তার আরো কিছু নমুনা : (سيلاً بعده رسيلاً بعده) কুক্রিকে জানাই সালাম, তা আমাদের ভেতর ঐক্য প্রতিষ্ঠা করেছে এবং তারপর জাহাল্লামকে জানাই অভিনদন। (لا تسل عن ملتي أو مذهبي أنا بعني التواكي عربي) আমার ধর্ম ও মতাদর্শ সম্পর্কে জিজ্জেস করো না; জামি বিপ্রবী সমাজতন্ত্রী আরব।

<sup>ু</sup> বিদ্যালিক প্রকাশ করে দ্যা দিবারেশন অব প্যালেস্টাইন (DFLP)-এর মহাসচিব। ধর্ম: ক্যাথলিক প্রিস্টান। মার্ক্সবাদ ধারা প্রভাবিত। ১৯৩৫ সালে জর্ডানের সালাত শহরে জন্মহণ করেন। বয়রুত থেকে সমাজবিজ্ঞান ও দর্শনে লেসাল ডিমি অর্জন করেন। ১৯৫৪ সালে আরব জাতীয়েভাবাদী আন্দোলনে যোগ দেন। জর্ডানে রাজনৈতিক কর্মকাণ্ডের কারণে তাঁকে মৃত্যুদও দেয়া হয়। কিন্তু ১৯৬৭ সালের যুক্তের পর বাদশাহ হুসাইন তাঁর দও মওকুক করেন। জর্জ হারাশের সঙ্গে পপুলার ক্রন্ট ফর দ্যা লিবারেশন অব প্যাদেস্টাইন-এর নেতৃত্বে যোগ দেন। ১৯৬৯ সালের ফেব্রুয়ারি মাসে সে-দল ত্যাগ করে এসে গণতান্ত্রিক জ্যেট প্রতিষ্ঠা করেন। নায়িক হাওয়াতমা ১৯৭৩ সালে পভিমতীর, গাজা এবং অন্যান্য অঞ্জন মিলিরে কিলিন্তিন রাষ্ট্র প্রতিষ্ঠার দাবি জানান। তিনি ফিলিন্তিন-সমস্যার সমাধানের লক্ষ্যে ইসরাইলের সঙ্গে আলোচনায় বসার কারণে প্যালেস্টাইন লিবারেশন অরগানাইজেশন (PLO)-এর রাজনীতির বিরোধিতা করেন এবং দামেকে এ-আলোচনার বিরোধিতাকারী আন্দোলন ও সংগঠনওলার সঙ্গে মৈত্রীবন্ধন গড়ে তোলেন। ১৯৬৭ সালের পর ২০০৭ সালে প্রথম হারের মত তিনি PLO-এর বৈঠকে যোগ দেয়ার জন্যে পতিতীরে বাওয়ার অনুষতি পান।

সাবেক ক্যাড়ার বা জর্জ হাবাশ<sup>১২</sup> কর্তৃক প্রতিষ্ঠিত ফিলিন্টিন-মুক্তির জাতীয়তাবাদী জোটের সাবেক ক্যাডার। প্রত্যেকেই তাঁদের নিজ নিজ অবস্থান থেকে সহায়তা প্রদানের চেষ্টা করেছিলেন। আবদুন নাসের জর্জ হাবাশকে নিঞ্জের পুত্র হিসেবে গ্রহণ করেছিলেন। প্রতিবেশী প্রত্যেক দেশই কিছু সামরিক লোকবল পাঠিয়েছিলো। কিন্তু এদের মধ্যে দীল-ধর্ম কিছু ছিলো না। সিরিয়া 'সিরিয়ান ডেখ প্রাটুন' ও ইরাক 'ইরাকি ডেখ প্রাটুন' প্রস্তুত করেছিলো; এরা সবাই নিজেদের মতাদর্শ বিস্তারের জন্যে ফিলিভিন-জর্ডান সীমান্ত এলাকায় সমবেত হয়েছিলো। মুসলমানেরা এই অঞ্চলে ইসলামের নাম ঘোষণাকারী কোনো দল বা সংগঠন প্রতিষ্ঠা করতে পারে নি। ভারা সে-এলাকা পর্যবেক্ষণ করে : কোন দলগুলো আল্লাহর দীনের কাছাকাছি, কোনটির কুফরি কম, কোন দলের অপরাধ কম বা কোন সংগঠন কম খারাপ ইত্যাদি। তারা কাতাহকে খুঁজে পায়। অফিসাররা ফাহাতর নেতৃবুন্দের সঙ্গে সাক্ষাৎ করে বলে, আমরা আপনাদের নামের আওতায় কাজ করতে চাই। তবে শর্ত হলো, কাজের কৌশল আমরা নির্ধারণ করবো, অন্তর্ভ থাকবে আমাদের; স্বকিছু হবে আপনাদের থেকে পৃথক। তারা বলে, আমরা প্রশিক্ষণ-শিবিরের মতো শিবির স্থাপন করতে চাই। এই প্রশিক্ষণ-শিবির চারমাস পর্যন্ত ছিলো।

4

যাই হোক। মানুষের জন্যে আল্লাহপাকের নেয়ামত রয়েছে। তাঁর একটি বড়ো নিয়ামত হলো জিহাদের স্বাদ গ্রহণ করতে পারা। আমি মনে করতে পারি, যে-চারমাস আমি সেখানে ছিলাম সেই চারমাসের মধ্যে একবেলা

خورج حيث ২২ প্রারব জাজীয়ভাবাদী আন্দোলন এবং পপুলার দ্রুন্ট কর দ্য লিবারেশন অব প্যালেস্টাইন (PFLP)-এর নেতা। ধর্ম: অর্থোডক্স খ্রিস্টান। তাঁর আরো দৃটি নাম আল-হাকিম ■ আবু মারসা। মাঙ্কবাদ, লেনিনবাদ ও নাসেরিজম বারা প্রভাবিত। ১৯২৬ সালের ২রা আগস্ট ফিলিভিনের আল-লুদ শহরে জনুমাহণ করেন। ইয়াফা ও কুদসে পড়ালোনা করেন। ১৯৪৪ সালে বয়রুতের আমেরিকান ইউনিভার্সিটির চিকিৎসা অনুষদে ভর্তি হন এবং ১৯৫১ সালে চূড়ান্ত ডিথি অর্জন করেন। শ্বর্জ হাবাশ মুসলমানদের সংখ্যামকেই কিলিন্তিন-পুনরুদ্ধারের একমাত্র উপায় বিবেচনা করেন। তিনি আরব সংহতি ও ফিলিস্কিনের সাধীনতা অর্জনের শক্ষো আরব গেরিদা বাহিনী প্রতিষ্ঠায় ভূমিকা রাখেন। ছাত্র সংগঠন আল-উরওয়াছুল উসকার জন্যতম প্রতিষ্ঠিতা। তাঁর নেতৃত্বে ১৯৫১ সালে আরব জাতীয়তাবাদী আন্দোলন (ANM) প্রতিষ্ঠিত হয়: ১৯৫৭ সালে জর্ডানে ধারাবাহিক বিক্ষোরণের অভিযোগে তাঁর দল অভিযুক্ত হয়। ফলে তিনি দামেকে চলে যান এবং ১৯৬১ সাল শর্যন্ত সেখানে অবস্থান করেন। এ-সময় আবদুন নামেরের সঙ্গে তাঁর যোগাকোণ হয়। ১৯৬৭ সালে আরব রষ্ট্রেগুলোর পরাজয়ের পর ভিনি পপুলার ফ্রন্ট ফর দ্য নিবারেশন অব প্যালেস্টাইন গঠন করেন। ১৯৬৮ সালে তার সংগঠন ইসরাইলি দখলদারিত্বের বিরুদ্ধে সশার লড়াই <del>তরু করে। ২০০৮ সালের ২৬ শে জানুয়ারি আন্দানে মৃত্যবরণ করেন জর্জ</del> श्वाम ।

ব্যতীত কোনোবারই তৃত্তির সঙ্গে খেতে পাই নি। পুরো চারমাস সকালে অর্ধেক রুটি, দুপুরে অর্ধেক রুটি এবং সন্ধ্যার অর্ধেক রুটি।

হাঁ, সত্যিই আমরা সে-দিনগুলোতে প্রচণ্ড ক্ষুধা সহ্য করেছিঃ কিন্তু সে-দিনগুলো ছিলো উপভোগ্য; বরং এই জীবনের সবচেয়ে উপভোগ্য দিন ছিলো সেগুলো। আমাদের প্রত্যেকের ভেতর এই অনুভূতি কাজ করতো যে পৃথিবীর সব মানুষের কর্তৃত্ব আমাদের হাতে রয়েছে এবং আমরা সবার সেরা। প্রত্যেকে মনে করতো সে সব ব্যাপারে স্বাধীন; তার ওপর কর্তৃত্ব কলাবার কেউ নেই। তাছাড়া আল্লাহপাকের সম্ভষ্টিপ্রাপ্তির অনুভূতি সবাইকে সুখ ও স্বস্তি দিতো। সেখানে পারস্পরিক ভালোবাসা ও সহযোগিতা এতো বেশি ছিলো যে ভার দৃষ্টান্ত খুব বিরল। সে-এলাকায় আমরা হাড়া আর কেউ ছিলো দা। সেধানে মুসলমানদের একই মনোভাবের লোক ছিলো এবং কেউ কারো ক্ষতি করার চিন্তাও করতো না। কেউ কাউকে বলতো না যে তোমার বিশাস এ-রকম, তোমার মনোভাব ঐ-রকষ বা তোমার সংকার এ-রকম। আলহামদুলিল্লাহ, সেখানে মুসলমানদের অন্যকোনো দল ছিলো না, ফলে সবসময় আমরা স্বস্তি বোধ করতাম। তবে একটি বিষয় আমাদের বিরক্তিতে ডুবিয়ে রাখতো। সেটি ছিলো আমাদের চারপাশের লোকদের ধর্মনিরপেক্ষ মনোভাব ও নিয়মনীতি। তারা গণতান্ত্রিক দল ও জাতীয়তাবাদী জোটের সদস্য ছিলো।

সেটা ছিলো পূর্বতীরবর্তী এলাকা। পূর্বতীরের অধিবাসীরা হলো এই এলাকার [শারখ বেখানে বক্তৃতা করছেন] অধিবাসীদের মতো। বিভিন্ন গোত্রের এলাকা। আফগান জাতির মতোই তাদের ভেতর কৌলীন্যবোধ, অহংকার, পৌরুষ ও আঞ্চলিকতাবোধ ছিলো। তারা আমাদের সাদরে গ্রহণ করলো এবং তাদের বাগান আমাদের জন্যে উনুক্ত করে দিলো। কারণ আমাদের ঘাটি তাদের তেমন বিদ্ন ঘটায় নি। আমরা গেরিলা মৃদ্ধ নিরে আলোচনা করতাম এবং গেরিলাদের মতোই থাকতাম। আমরা ছোটো ছোটো দলে ভাগ হয়ে গর্তে বসবাস করতাম। আমরা মখন গর্তে প্রবেশ করতাম তখন আমার কুরআনের এই আয়াত মনে পড়তো এবং আমি তাদের গাঠ করে শোনাতাম—

তিন্তা। তারা আমাদের শায়খ বলে সমোধন করতো এবং আমাদের প্রিনীর মতো আমাদের জিনতা। তামাদের করতো। তামাদের প্রতিপালক ভোমাদের জন্যে তার অনুগ্রহ বিস্তার করবেন এবং তিনি তোমাদের জন্যে তোমাদের কাজকর্মকে ফলপ্রস্ করবার ব্যবস্থা করবেন।' [সুরা কাহ্ফ : আয়াত ১৬] জর্জানের সীমান্তবর্তী সেনাবাহিনী পাকিস্তানের সেনাবাহিনীর মতো আমাদের চিন্তো। তারা আমাদের শায়খ বলে সমোধন করতো এবং আমাদের

þ

ঘাটিকে বলতো শারখদের ঘাঁটি। তাদের কমান্ডার ব্রিগেডিয়ার জেনারেলের ক্র্যা আমার মনে পড়ে। সেখানে তিনটি ব্যাটাপিয়ন ছিলো। তারা সেখানকার নিমুভূমি পাহারা দিতো। সেই ব্রিগেডিয়ার জেনারেলের নাম ছিলো খাল্ফ রাফে। তিনি বেদুইন ছিলেন। তাঁর ভেতরে আঞ্চলিকতাবোধ ছিলো এবং আঞ্চলিকতার পৌরুষ ও গর্ব ছিলো। তিনি যখন আমাদের কাউকে সামনে পেতেন তাঁর গাড়ি থামাতেন। জ্রিজ্ঞেস করতেন, কী খবর শায়খ? কোনো খেদমত? আমাদের তরুণতম যুবকটিও বলতো, আল্লাহ আপনাকে উত্তম বিনিময় দান করুন। তারপর হেঁটে চলে আসতো। জ্বর্ডানের সেনাবাহিনী আমাদের সম্মান করতো: অন্য লোকদের প্রতি তেমন সম্মান দেখাতো না। সত্যি কথা বলতে, অন্য লোকেরা সেনাবাহিনীর সঙ্গে খুব দুর্ব্যবহার করতো। সেনাবাহিনী পূর্বতীরের সীমান্তবর্তী এলাকায় কাল্প করতো। কেউ এদিকে এলে ব্যাটালিয়ন-প্রধান তাকে বিভিন্ন জিজ্ঞাসাবাদ করতেন : এই যুবক, কোপায় যাচেছা, কী করছো ইত্যাদি ইত্যাদি। এখানে ব্যাটালিয়ন-প্রধানকে যে সহযোগিতা করতো সে ছিলো ফিলিন্তিনি। সে বেচারা পড়তো বিপদে। কারণ সে চাইতো ফিলিন্তিনে জিহাদ হোক। সেনাবাহিনী যাদের জিজ্ঞাসাবাদ করতো তারা সাধারণত থাকতো তালিযুক্ত আলখাল্লাপরা। তারা সেসব আলখাল্লার নিচে কালাশনিকভ পুকিয়ে রাখতো। কেউ কেউ আবার গাড়িতে করেও রাশিয়ান অস্ত্র, এনএসভি হেভি মেশিনগান, গোলাবারুদ ও রকেটলাঞ্চার বহন করে নিয়ে বেতো। ব্যাটালিয়ন-প্রধান তালের জিঞ্জেস করতেন, কোথায় যাচেছা যুবকেরা? তারা বদতো, আমাদের কাজ আছে। ভারা আসলে জর্ডান নদীর তীর থেকে ইসরাইলে হামলা করার চেষ্টা করতো: ব্যাটালিয়ন-প্রধান তাদের বলতেন, যদি তোমরা নদীর এ-পাড় থেকে তোমাদের কাজ না করে নদী পার হয়ে গিয়ে ও-পাড় থেকে করো তাহলে সুবিধা হয়। যুবকেরা বলতো, কী সুবিধা? ব্যাটালিয়ন-প্রধান বলতেন, আমরা তোমাদের সহযোগিতা করবো : তোমাদের রক্ষা করার চেষ্টা করবো। হামলা করার সময় কামানের গোলা নিক্ষেপ করে ভোমাদের সাপোর্ট দেবো, যাতে ভোমার পিছু হটে পালিয়ে আসতে পারো। প্রয়োজনে তোমাদের অন্ত, বোমা ও গোলাবারুদ দেবো। তোমরা যদি নদীর এ-পাড় থেকে বাতাসে হামলা করো এবং বাতাস পোড়াও তাহলে আমাদের জন্যে তা ক্ষতির কারণ হয়ে দাঁড়াবে। আজ রাতে তোমরা হামলা চালাবে আর পর্বদিন স্কালে ইসরাইলি বিমানবাহিনী এসে আমাদের ওপর হামলা করবে এবং আমাদেরকে মাটির সঙ্গে মিশিয়ে দেবে। এটা ভো আমরা মেনে নিভে পারবো না।

কোনো কোনো ভরুগ—বে ইসলাম বা আদব কোনোটাই জানতো না— এগিয়ে এসে বলতো, তুমি সরকারের কর্মচারী, তুমি সরকারের পঞ্চেই কথা বদছো। এখানে আমাদের ওপর তোমাদের সরকারের কোনো নিয়ন্ত্রণ নেই, তোমরা এখানে কী নিয়ন্ত্রণ করবে? আমরা এখানে ইন্দলামের জন্যে কাজ করছি। আমরা নোংরা কথাবার্তা বলতে বা মানুষের প্রতি বাড়াবাড়ি করতে পছন্দ করি না। ইন্দাম আমাদেরকে এ-ব্যাপারে বিরত থাকতে বলেছে। ব্যাটালিয়ন-প্রধান কথা বেশি বাড়ালে সেই তরুণ তাঁর মুখে থুথু ছিটিয়ে দিয়েছে। ব্যাটালিয়ন-প্রধান আর কিছু বলতে চাইলে তরুণ তাড়াতাড়ি মাটিতে শুয়ে পজিশন নিয়ে তাঁর দিকে অন্ত তাক করে গুলি চালাতো এবং তাকে হত্যা করতো। এরপর আর কীঃ

আসলে সরকারের নীরব ভূমিকায় সেখানকার ভরুণোরা অস্থির ও অনিয়ন্ত্রিভ হয়ে পড়েছিলো। ইসরাইল সে-এলাকায় হামলা চালিয়ে সবকিছু তছনছ করে দিয়েছিলো। তাছাড়া সেনাসদস্যরা সেসব তরুণদের সন্দেহের চোপে দেখতো এবং তাদের নিয়ন্ত্রণ করার চেষ্টা করতো। অবশ্য আমাদের প্রতি তাদের ব্যবহার ছিলো ভিন্ন। আমাদের কেউ যখন কোথাও যেতো, তারা জিজেস করতো, কোথায় যাচেছন, শায়খং আমরা বলতাম কাজ' আছে। তারা জিজেস করতো, নদীর পূর্বতীরে না-কি নদীর পশ্চিমতীয়েং আমরা আমাদের কাজের কথা তাদের কাছে ব্যাখ্যা করতাম। তারা বলতো, আপনারা সত্য বলেছেন, আপনারা যান। তারা আমাদের খুব সম্মান করতো এবং সম্মানের সঙ্গে কথা বলতো।

একটি ঘটনা আমার খুব মনে পড়ে। আমরা আমাদের একটি অপারেশন নদীর পূর্বতীর থেকে পরিচালনা করেছিলাম। নদীর পশ্চিম দিকে একটি একটি ইসরাইলি বিমান টহল দিছিলো। আমরা নদীর পূর্বতীরে ওত পেতে থেকে বিমানটি রেঞ্জের ভেতরে এলে হামলা করলাম। আলহামদূলিল্লাহ, আমরা বিমানটি ভূপাতিত করতে পারলাম। যারা বিমানে ছিলো ভারাও মারা পড়লো। ইসরাইলি বিমানবাহিনী টের পেয়ে মুহুর্মূহ হামলা শুরু করলো। তারা একই সঙ্গে বিমান থেকে বোমা এবং কামান থেকে গোলা বর্ষণ করছিলো। আমরা নদীর পূর্বতীরে টিকেও থাকতে পারছিলাম না আবার সরেও আসতে পারছিলাম না। অনবরত বিমান ও কামান হামলা চলছিলো। আমরা একটি ছোটো পুলের নিচে সন্ধ্যা পর্যন্ত লুকিয়ে রইলাম। যুদ্ধক্ষেত্রে আমাদের দুন্ধন এবং সিরিয়ার দুক্ষন আহত হলো। আল্লাহপাক ভাদের উত্তম বিনিয়য় দান করল।

ব্যাটালিয়ন-প্রধান বোমা ও গোলা বর্ষণের মধ্যেই আমাদের দিকে এগিয়ে এলেন এবং আমাদের এক আহত ভাইকে তাঁর গাড়িতে তুলে নিলেন। তিনি নিজেও আহত হলেন। আমাদের খুব বিস্ময়কর লাগছিলো, তিনি কীভাবে আমাদের দিকে এগিয়ে এলেন এবং নিজেকে আহত করে আমাদের এক ভাইকে তার গাড়িতে তুলে নিলেন! তিনি তাকে নিয়ে সরাসরি শহরের হাসপাতালে চলে গেলেন।

আমার মনে পড়ে, একদিন সেনাসদস্যরা এগিয়ে এসে সন্ধ্যা পর্যন্ত অপেক্ষা করছিলো। তারা যখন আমাদের দেখতে পেলো চমকে উঠলো। আমরা কাঁধে করে আমাদের আহত ভাইদের ও অক্সশস্ত্র বহন করে নিয়ে আসহিলাম। আমরা ক্লান্ডিতে ও বোঝার ভারে ন্যুক্ত ছিলাম। আমরা না আহতদের না অস্ত্রশস্ত্র কোনোটাই ঠিকমত বহন করতে পারহিলাম না। সেনারা আমাদের দিকে এগিয়ে এলো। আমাদের আহত ভাইদের ও অস্ত্রশস্ত্র নিজেদের কাঁধে তুলে নিলো। তারা সেদিন রাতে আমাদের জন্যে ভালো খাবারের ব্যবস্থা করেছিলো। সত্যি কথা বলতে, আমি আমার জীবনে কখনো সেনাছাউনিতে বা যুক্তফ্রন্টে এমন সুস্বাদ্ খাবার খাই নি। অবশেষে তারা আমাদেরকে তাদের গাড়িতে চড়িয়ে আমাদের ঘাঁটিতে নিয়ে গেলো।

ষভাবতই সেনাসদস্যরা সেখানকার বিদ্রোহী তরুণ ও আত্মোৎসর্গকারী গেরিলাদের দমন করার চেষ্টা করছিলো। আরব রাষ্ট্রগুলো গেরিলা আক্রমণ পছন্দ করে না। তাছাড়া সংবাদপত্রগুলো এ-ব্যাপারে ভুল ও মিধ্যা খবর ছাপছিলো। গেরিলাদের ভুলক্রটিগুলো বড়ো করে প্রকাশ করছিলো। সেনাদের সঙ্গে গেরিলাদের সংঘর্ব বেড়ে যাচিছলো। তারা সেনাসদস্যদের ধরে নিয়ে যাচিছলো এবং আটকে রাখছিলো। সেনাক্রমাভাররা লিখে দিতো অমুক সেনাকে ভুলে নেয়া হয়েছে। নিখোজ সেনার জন্যে তারা একটি নম্বর নির্ধারণ করে দিতো এবং বিভিন্ন ভিভিশনের মধ্যে সমন্বয় করে নিতো।

শেষে সেনাসদস্যদের সঙ্গে বিদ্রোহী তরুণ ও গেরিলা যোদ্ধাদের সম্পর্কের চরম অবনতি ঘটে। সেনাসদস্যরা কোনো কোনো গেরিলাকে ধরে নিয়ে যাচিছলো আবার গেরিলা যোদ্ধারাও কোনো কোনো সেনাসদস্যকে ধরে নিয়ে যাচিছলো। কিন্তু ওখানকার গেরিলাদের সুশৃঙ্খল নিয়মনীতি ছিলো না। তারা সেনাসদস্যদের ধরে নিয়ে গিয়ে তাদের নাক-কান কেটে দিতো। সেনারা তাদের কাটাকান কাটানাক নিয়ে তাদের স্ত্রীদের কাছে যেতো, পরিবার-পরিজনের কাছে যেতো বা সেনাবাহিনীতে ফিরে আসতো। কর্তৃপক্ষ লিখে দিতো, অমুক সেনার নাক-কান কেটে দেয়া হয়েছে এবং সে অমুক ডিভিশনের সেনা।

অবশেষে সেনাবাহিনী ক্রুধে ফুঁসে উঠলো। তারা প্রেসিডেন্টের কাছে অভিযোগ করলো। প্রেসিডেন্টকে তারা জানালো, এ-অবস্থা আমরা আর সহ্য করবো না। আমরা পদত্যাগ করবো এবং নিজ নিজ এলাকায় ফিরে গিয়ে আত্মসম্মান বাঁচাবার চেষ্টা করবো। সেনা অফিসারদের অনেকেই তাঁদের ব্যাজ ত্যাগ করলেন। তাঁদের ফোধ বুক চিরে কন্ঠনালী পর্যন্ত উঠে এসেছিলো বা তার কিছুটা নিচে ছিলো। তাঁরা এই ক্রোধকে কন্ঠনালীর ওপরে তুলে আনতে চাইছিলেন। প্রেসিডেন্ট তাঁদের ক্রোধ সংবরণ করতে এবং শান্ত থাকতে বললেন। সেনাবাহিনী প্রতিশোধ নেয়ার কথা বললো। প্রেসিডেন্ট তখন বললেন, 'না, আমরা স্বাই আত্মোৎসর্গকারী আর এরা আমাদের ভাই... ইত্যাদি ইত্যাদি।'

তার কিছুদিন পরে সেনাবাহিনীর এক সমাবেশে—যেখানে প্রেসিডেন্ট ও সেনাবাহিনীর অফিসারগণ উপস্থিত ছিলেন—ব্রিগেডিয়ার জেনারেল খাল্ফ রাফে প্রেসিডেন্টকে উদ্দেশ করে বললেন, 'আপনারা ষদি গেরিলাদের হত্যা করতে চান তাহলে আমাদের মুসলমান ভাইদেরকেই হত্যা করবেন: আপনারা মুসলমান ভাইদের হত্যা করবেন না। তারা তো ভালো মানুষ।' তারপর পানি যেখানে গড়িয়ে যাওয়ার সেখানেই গড়ালো। প্রেসিডেন্টের রহস্যময় কথার অর্থ পরিষ্কার হয়ে উঠলো। সরকার কুরআন ছেপে সেনাবাহিনীর সদস্যদের মধ্যে বিতরণ করলো। সরকার ঘোষণা করলো, এইসব গেরিলারা কাকের ও শিয়া। ওরা দেশটাকে শিয়ায় পরিপূর্ণ করে ফেলতে চায়। এরা মা-বান ও অন্যদের মধ্যে কেনো পার্থক্য করে না। সবাই এদের কাছে সমান। এরা শিয়াদের নিয়ম অনুযায়ী মাকেও বিয়ে করে, বোনকেও বিয়ে করে।

'আর তাদের কথা এই ছিলো যে, তারা বললো, হে আমাদের রব, আমাদের পাপ এবং আমাদের কাজে বাড়াবাড়িকে ক্ষমা করুন। আমাদের পদক্ষেপ সূপ্রতিষ্ঠিত করুন এবং কাঞ্চের সম্প্রদায়ের বিরুদ্ধে আযাদের বিজয় দান করুন।' [সুরা আলে ইমরান : আয়াত ১৪৭]

#### প্রত্যাশার যম্রণা

মানুব মনে করে আফগানিতান সহজেই এই পর্যায়ে পৌছে গেছে। অধন আফগানিস্তানে এমন কোনো ঘর নেই যেখানে এতিমের কান্না নেই, বিধবার বিলাপ নেই, সন্তানহারার হাহাকার নেই। আমি আমাদের এক ভাইয়ের জন্যে বিবাহের প্রস্তাব দিয়ে আমার স্ত্রীকে এক আফগান বোনের কাছে পাঠিয়েছিলাম। তার বড়ো বোন আমার স্ত্রীকে বললেন, হে উন্দে মুহাম্মদ, আপনি কি মনে করেন আমাদের ভেতর বংশধর সৃষ্টির বাসনা বা কামাকাজ্ঞা অবশিষ্ট আছে? আত্মহর কসম, আমি বিয়ে করেছিলাম এই ভেবে যে, যাওয়া-আসার পরে যেনো আমার একজন পুরুষ থাকে, মাহরাম থাকে। অথচ বিয়ের পর দুইমাস চলে গেলো আমিও তাকে দেখি নি, সেও আমাকে দেখে নি।

মানুষ সেখানে পেরেক ও কাঁটায় আকীর্ণ পথে হেঁটেছে। দাউদাউ আগুনে গড়াগড়ি খেয়েছে এবং জ্বন্ড কয়বায় বসবাস করেছে। চলমান পেষণযন্ত্র মানুষকে; তাদের হাড় ও পাঁজরকে, সায়ু-শিরা-আত্মাকে পিষেছে। এমন আফগান কমান্তারও আপনি পাবেন যিনি রাশিয়ার পায়ের নিচের মাটিকে কাঁপিয়ে দিয়েছে। রুশ বাহিনী শুধু তার নাম শুনেই শুয়ে কেঁপে উঠেছে। অথচ কোনো আকস্মিক ঘটনায় জার মগজ বিক্ষিপ্ত হয়েছে, তার মেরুদণ্ড ভেঙ্গে পড়েছে। ওষুধ কেনার পয়সা নেই, খাবার কেনার পয়সা নেই। কিছু কেনার পয়সা নেই।

হ্যা, আমি ঠিকই বলেছি, ওষুধের পয়সা নেই, খাবারের পয়সা নেই। তাদের প্রত্যেকে চারপাশে তাকাচ্ছে, বাবাকে বুঁজছে আর বাবা মাটির নিচে চাপা পড়েছে। মাকে খুঁজছে আর মায়ের ওপর খর ধসে পড়েছে। বড়ো ভাইকে খুঁজছে, আর সে অনেক আগে থেকেই বন্দি আছে। তারা জানে না তাদের গম্ভব্য কী।

তারা তাদের সম্ভানদের বৃঁজছে; তাদের কেউ হয়তো গোলার আঘাতে ছিন্নভিন্ন হয়েছে, কেউ হয়তো মেরুদণ্ডে প্রচণ্ড আঘাতের ফলে পক্ষাঘাতগ্রন্ত হয়ে পড়েছে। কেউ হয়তো অপ্রকৃতিস্থ হয়ে পড়েছে। কেননা ছোটোবেলা থেকেই প্রতিদিনই সে দেখে আসছে তাদের বাড়িযরে গোলা আঘাত হেনেছে, ক্ষেপণাব্র আঘাত হেনেছে। সূতরাং তার মানসিক বিকৃতি ঘটা বা বিকৃতমন্তিক হওয়াই আভাবিক। কেউ কেউ বা সায়ুরোগে আক্রান্ত হয়েছে। আপনারা কী বলবেনং আপনারা তাদের ব্যাপারে কী চিন্তা করেনং

বর্তমান সময়ে পাকিস্তানের পেশোয়ারে পঁয়ত্রিশ লাখ মুহাজির রয়েছেন। ইরানে পনেরো লাখ মুহাজির রয়েছেন। (লোকে তাদের বলে আফগান শরণার্থী।) এবং আফগানিস্তানের ভেতরে বাস্ত্রচ্যুত হয়ে—চার লাখ দুই হাজার চারশো চকিশ বর্গমাইলের আফগানিস্তানের এক এলাকা থেকে আরেক এলাকায়—পুই কোটি আফগান নাগরিকের ভেতর হিজরত করেছেন সত্তর লাখ বা এক কোটি বিশ লাখ নাগরিকের ভেতর হিজরত করেছেন সত্তর লাখ বা এক কোটি বিশ লাখ নাগরিক। (২০১০ সালের সমীক্ষা অনুযায়ী আফগান লোকসংখ্যা দুই কোটি বিরাশি লাখ।) এই হিজরত হয়তো চলতেই থাকবে। তারপরও... আলহামদুলিল্লাহ।

এক আফগান কমাভার—দাম তাঁর আগা ওয়ালিদ, তাখার ও উত্তরাঞ্চলের ইশকামাশ এলাকায় বড়ো কমাভার ছিলেন—আমাকে বলেছেন, 'একদিন আমাদের বাড়িতে বিমান হামলা হয় এবং বাইশজন নিহত হয়। আমার শ্রীসহ আমার সকল আজীয়-স্বজন একমুহুর্তের ভেতর মাটিতে মিশে যায়।' এই খবর নতুন কিছু নয়; এইসব ঘটনা আফগানিস্তানে স্বাভাবিক ব্যাপার। ভারপরও তারা অভীষ্ট লক্ষ্যে দৃঢ় পদক্ষেপে এগিয়ে যাচেছ।

আরেকদিন এক আফগান আমাকে তাদের গল্প বলছিলেন। হঠাৎ তিনি বললেন, 'একবার আমাদের কাছে খবর আসে যে আমার আত্মীয়-সঞ্জনের বিশজন বা বাইশজন শাহাদাত বরণ করেছেন।' এই কথা বলেই তিনি থেমে গেলেন এবং জিহাদের আরেক গল্প তরু করলেন। এইসব গল্প তাকে বিচলিত করছিলো না, ভাকে উদ্বিপ্ন করছিলো না। যেনো তিনি হাম্যা রা., মুয়াবিয়া রা. বা বাদশা হারুনুর রশিদের সময়কার বা অন্য কোনো সময়ের গল্প বলছেন।

তারা এগিয়ে যাচেছ। মৃত্যুর ভয়ে তারা পিছু হটছে না এবং মৃত্যু তাদের অন্ত রে কোনো ভয় সৃষ্টি করতে পারছে না। আপনি যদি আফগানিস্তানে যান এবং হাঁটেন, দেখবেন পুরো আফগানিস্তানের মাটি পুড়ে তামা হয়ে গেছে। ক্ষেপণাস্ত্রের কাঠামো, বোমার শ্প্রিন্টার ও গোলার খোসায় আফগানিস্তানের মাটি পরিপূর্ণ। অন্তত পাঁচবার ক্ষেপণাস্ত্র আর বোমা আর গোলায় আফগানিস্তানের মাটি ঢেকে দেয়া হয়েছে। টনকে টন গোলা সেখানে নিক্ষেপ করা হয়েছে। আমি অনেক জায়গা থেকে ক্ষেপণাস্ত্রের আঘাতে আগুনের লাভা বের হতে দেখেছি। অন্যান্য গোলার চেরে ক্ষেপণাস্ত্র বেশি ধ্বংসাত্মক, ভূত্বকের জন্যে অধিক ক্ষতিকারক। ক্রন্থ বাহিনী দেখলো গোলা আঘাত হানছে ঠিকই, কিন্তু সেগুলার শক্তি মাটির ভেতরেই নিঃশেষ হচেছ। তখন তারা আরেকটি কাজ করলো। প্যারাশ্যুটে বেঁধে গোলা ফেলতে লাগলো, যাতে সেগুলো মটির ভেতরে ঢুকে না যায় এবং সব শক্তি ভূপৃষ্ঠ-ধ্বংসে কাজে লাগে।

আমরা যখন ঘূমিয়ে থাকতাম, বোমারু বিমান আসতো এবং ছোটোছোটো মাইন কেলতো। সেগুলো ঘাসকড়িংয়ের মতো সবুজ ঘাসের ওপর পড়ে থাকতো। সামান্য শব্দের আঘাতেই সেগুলো বিক্লোরিত হতো। সেগুলোর ওপর পাড়া দেয়ার দরকার নেই আপনার। আপনি সেগুলোর পাশ দিয়ে হেঁটে গেলেই বিক্লোরিত হবে এবং আপনাকে উড়িয়ে দেখে।

### জালালাবাদের পতন ঘটে নি কেনো

এই জালালাবাদ, লোকেরা বলে, হায়, জালালাবাদের তো পতন ঘটে নি! প্রথমত, জালালাবাদ শিয়াদের উৎসভূমি। দ্বিতীয়ত, জালালাবাদ এমন শহর, যাতে এক লাখ শিয়া রয়েছে। তৃতীয়ত, জালালাবাদে রয়েছে বিমান বন্দর। চতুর্থত, তারা মরণপণ লড়াই করে। কেননা তারাও আফগান। আফগানরা সবসময় কঠোর হয়ে থাকে। বিশেষ করে শিয়ারা অধিক কঠোর। এক মুজাহিদ আমাকে গল্প বলেছেন। তিনি বলেন, "আমরা একটি শিয়াকে পাকড়াও করলাম এবং তার মৃত্যুদন্ডের আদেশ দিলাম। আমরা তাকে বললাম, 'তুমি 'লা ইলাহা ইল্লাল্লাহ' বলো।' সে বললো, 'সম্ভব নয়। বিশ বছর ধরে 'লা ইলাহা ইল্লাল্লাহর বিরুদ্ধে সংগ্রাম করছি, এর এখন আমি 'লা ইলাহা ইল্লাল্লাহ' বলবো?' আমরা ভার গলায় রশি লাগালাম এবং তাকে বলপাম, বলো 'লা ইলাহা ইল্লাল্লাহ'। সে বললো, 'না, সম্ভব না।' আমরা তার গলায় রশি শক্ত করে এঁটে দিলাম। তার চোখ ঘোলাটে হয়ে এলো এবং তার দাঞ্চ থেকে ব্রক্ত ঝরতে লাগলো। তারপর আমরা রশি টিল করলাম এবং তাকে বললাম, বলো 'লা ইলাহা ইল্লাল্লাহ'। সে বললো, 'না, সম্ভব না।' অবশেষে আমরা রশি শব্দ করে কষে ধরলাম। কিছুক্ষণের মধ্যে সে মারা গেলো এবং জাহান্লামে পৌছালো। তা কতোই না নিকৃষ্ট আবাসস্থল।"

এখন সরকার মুজাহিদদের ওপর টনকে টন গোলা নিক্ষেপ করছে। সাড়ে পাঁচ টন ওজনের গোলাও রয়েছে। এসব গোলা এক বর্গমাইলব্যাপী সবকিছু ধ্বংস করে দিচেছ। আপনারা কেউ ভাববেন না আফগানিস্তানে জিহাদ ও লড়াইয়ের বিষয়টি খুব সহজ। শত শত মানুষ সেখানে ধূলির সঙ্গে মিশে গিয়েছে। তাই আরবদের আগমন তাদের জন্যে ছিলো রহমত। আরবরা তাদের মনোবল চাঙ্গা করেছে। তাদেরকে উজ্জীবিত করেছে। আফগানরা তাদের অবিদেরকে তাদের পাশে পেয়েছে। ফলে তাদের চেতনা নতুনভাবে শাণিত হয়েছে এবং তাদের সংকল্প সৃদৃচ হয়েছে। তারাও পুরুষ। তাদেরও গৌরুষ আছে। আজ্বসম্মানবোধ আছে। তাদেরও বীরত্ব আছে। তারা যখন আরবদের দেখলো তারা সামনে এগিয়ে গেলো। যদিও মৃত্যু ছিলো তাদের প্রতীক্ষায়। তারা আরবদেরকে পেছনে ফেলে এগিয়ে গেলো। যদিও তারা ছিলো ক্লান্ড, বিধবস্ত। অধিক আত্মত্যাগের লক্ষ্যে তারা আরবদেরকে ছাড়িয়ে গেলো। মানুর তো রক্ত-মাংস ছাড়া কিছু নয়। মাংস-হাড়-শিরা।

হেরাতে একদিনে চবিবশ হাজারও নিহত হয়েছে। বাক্যটি আরো একবার পড়ুন—একদিনে চবিবশ হাজারও নিহত হয়েছে। কাবুলে মুজাহিদরা রুশ ও শিয়াদের বিরুদ্ধে লড়াই চালিয়ে গেছে। তারা শিয়াদেরকে পরাস্ত করেছে। শিয়ারা অন্যভাবে নির্মম প্রতিশোধ নিয়েছে। তারা মুজাহিদদের পরিবারকে

ধ্বংস করেছে, তাদের সন্তানদের ধ্বংস করেছে। পোকেরা মসজিদে সমবেত হয়েছে। দুর্বল নারীরা ও শিশুরা মসজিদে আশ্রয় নিয়েছে। শিয়ারা যখন জিহাদের ময়দানে পরান্ত হয়েছে, তারা মসজিদে বিমান হামলা করেছে। নারী ও শিশুদের ওপর গোলা বর্ষণ করেছে। তাদেরকে মাটির সঙ্গে মিশিয়ে দিয়েছে। মসজিদে কেউ আর জীবিত থাকে নি। তবে এক মায়ের কোলে একটি শিণ্ডটি রক্ষা পায়। সেই মা ছিলো মৃত। গোলার আঘাতে সে ছিন্নুভিন্ন হয়ে পড়েছিলো। তার মাথা দ্বিখণ্ডিত হয়ে ছড়িয়ে পড়েছিলো। তার মগজের একটি অংশ বিভিন্ন হয়ে শিশুটির মুখের ওপর পড়ে। ফলে শিশুটি অজ্ঞান হয়ে যায়। সৌদি আরবের এক যুবক আদেল তার অভিজ্ঞতার কথা বলেন, "সবকিছু ধ্বংস হয়ে যাওয়ার পর আমি ও কমাভার (তিনি ছিলেন কঠিন আত্মর্সন্মানবোধসম্পন্ন) মসঞ্জিদে এলাম। আমি হাউমাউ করে কেঁদে উঠলাম। কমান্ডার আমাকে বললেন, ভূমি কাঁদছো কেনো? দেখুন আফগান কমাভার আরব যুবককে বলছে, তুমি কাঁদছো কেনোং আমি বললাম, আমি কাঁদবো না? এরা কি আপনার পরিবার-শরিজন, আপনার আত্মীয়-স্বজন নয়? ডিনি আমাকে বললেন, ভাতো অবশ্যই। তবে যুদ্ধ এক দীর্ঘ-ব্যাপক ধ্বংসাজ্যক প্রক্রিয়া। যুদ্ধ দাবি করে আগুন ও রক্ত। এবং আমরা এই পথেই হাঁটবো। আর আমি এবং তুমি, দুইজনের জীবনই এই পথে শেষ হতে পারে। এখানে আরেকটি বিষয় আছে যা আমাদেরকে আরো বেশি আঘাত দেয়। তুমি কি জানো তা কী? আমি বললাম, না। তিনি বললেন, এই বিনাশসাধনের পাশাপাশি আমাদের জাতিরই একটি দল আমাদেরকে মুশরিক আখ্যা দেয়। এইসব দৃশ্য দেখার চেয়ে তাদের এই অপবাদ আমাদের আরো বেশি আঘাত করে, আরো বেশি পীড়া দেয়।"

### সাদাকাতৃল ফিতর জিহাদে দেয়ার বিধান

হে বন্ধুরা, ভালো করে শুনুন। আবদুল্লাহ ইবনে বাষ কভােয় দিয়েছেন, সাদাকাতৃল ফিতর আফগানিস্তানে পাঠানো জায়েষ হবে। রাবেতা আল আলম আল ইসলামি রিয়াদে তিন মিলিয়ন রিয়াল সংগ্রহ করেছে। তারা আমার সঙ্গে যোগাযোগ করে বলেছেন, সব রিয়াল খরচ করে ফেলুন। একদিনের বেশি যেনো তা অবশিষ্ট না থাকে। তিন মিলিয়ন রিয়াল দিয়ে খাদ্যসামগ্রী ক্রেয় করুন এবং দ্রুভ বন্টন করে দিন। যারা আফগানিস্তান থেকে ইরানে হিজরত করেছে তারা এখন তীব্র সন্ধটে আছে। ভাদের প্রয়োজন সবচেয়ে বেশি।

তাদের কাছে কোনো জনকল্যাণমূলক সংস্থা যায় নি; আরব থেকেও যায় নি, জারবের বাইরে থেকেও আসে নি। না কোনো মুসলমান সংস্থা, না কোনো খ্রিস্টান সংস্থা, কোনো ধরনের সংস্থাই ইরানে প্রবেশ করে নি এবং একটি

**৫৬। ফিলিন্তিনের** স্মৃতি

খাদ্যশস্যও তাদের দিকে বাড়িয়ে দেয় নি। কোনো কোনো সংস্থার ইরানে প্রবেশের বিষয়টি হয়তো নিষিদ্ধ ছিলো। ইরানের সরকারও হয়তো মুহাজিরদেরকে তেমনকিছু দেয় নি। গুরুত্বপূর্ণ বিষয় হলো, আমার বন্ধুরা উদুল ফিতরের রাতে খাদ্যসামগ্রী ক্রেয় করেন এবং ইরানে আগ্রিত আফগান মুহাজিরদের মাঝে বন্দন করে দেন। এক কিলোগ্রাম, দেড় কিলোগ্রাম, দুই কিলোগ্রাম—এইভাবে তারা মুহাজিরদের মাঝে খাদ্যসামগ্রী বন্দন করেন। আমার ভাইরেরা আমাকেও সামান্য দায়িত্ব দেন। আমরা দুই কিলোগ্রাম খাদ্যসামগ্রী নিয়ে একেকটি পরিবারের কাছে বেতাম আর তারা উদুল ফিতরের রাতে এই খাদ্যসামগ্রী পেয়ে আনন্দে কেঁদে কেলতো। দীর্ঘ দিন তারা অনাহারে থেকেছে, দীর্ঘ সময় তারা কোনো খাবার দেখে নি। আমরা শিতদেরকে এতিমখানায় নিয়ে আসতামু। তারা এতিমখানায় একমাস-দুইমাস থাকলেও ভাত খেতে জানতো না। তারা জানতো না কীভাবে ভাত খেতে হয়। তারা জীবনে কখনো ভাত দেখে নি।

হেরাতে, আফগানিতান-ইরানের সীমান্তবর্তী এলাকায় অনেক উদ্বান্ত ছিলো।
তারা দীর্ঘদিন ঘাস খেয়ে বেঁচেছে। দীর্ঘদিন ঘাস খাওয়ার ফলে তাদের ঠোঁট
ছাগলের ঠোঁটের মতো খসখসে-কালো-শক্ত হয়ে গিয়েছিলো। সবুজ রং
তাদের চেহারায় প্রকাশ পাছিলো এবং তাদের ঘামে দেখা বাছিলো ঘাসের
রং। তাদের দলপতি তাদের কাছে এলো এবং তাদেরকে বললো, 'তোমরা
যদি এই জায়গা ছেড়ে অন্য জায়গায় চলে যেতে। এখানে তো কোনো পানি
পাওয়া যায় না। তোমরা যদি কোনো ঝরনার পাশে চলে যেতে এবং সেখানে
বসবাস করতে।' লোকেরা বললো, 'ঝরনার পাশে ঘাস কোথায় পাবো?
ঝরনার পাশে তো ঘাস নেই। ঘাস খেয়েই তো আমরা বাঁচি।'

তারা টক ও জমাটবাধা দুধ থেতা। রুটি তাদের জুটতো না, ভাত তাদের জুটতো না, কোনোকিছুই তাদের জন্যে জুটতো না। ফলে তারা পাকস্থলীর রোগে আক্রান্ত হয়। তাদের পাকস্থলীতে ক্ষতের সৃষ্টি হয়। তারা অন্থির হয়ে খাবার খুঁজে বেড়াতো। পুরোনো খাবার, গত বছরের পুরোনো খাবার। টক দুধ ছাড়া তারা কিছুই পেতো না। টক দুধ খেয়ে তারা জীবন ধারণ করতো। ফলে তাদের পাকস্থলীতে ক্ষত সৃষ্টি হয়। হায়, তারা সামন্য রুটিও পেতো না, সামান্য ভাতও পেতো না। অবশেষে তারা পাকস্থলীর চিকিৎসা নিতে আসতো। আল্লাহপাক হয়তো তাদেরকে লক্ষ্য করেই বলেছেন—

নৈ ক্রিটা করেবে, অথচ তালাহপাক জানবেন না তোমাদের মধ্যে কে জিহাদ করেছে আর তোমাদের মধ্যে কে ধ্রিটালিকা প্রান্ত প্রত্যা আলে ইমরান : আয়াত ১৪২]

### জিহাদের ময়দানে থেকে ইসলামকে বোঝা

মানবজাতি জানের জিহাদ করা ছাড়া ইসলামকে সম্পূর্ণরূপে উপলব্ধি করতে পারবে না। আমি মালের জিহাদের কথা বলছি না; আমি বলছি জানের জিহাদের কথা। আমি বলছি 'জিহাদ বিন নাফস'-এর কথা। দৃশ্যটি কল্পনা করুন, আমাদের সামনে একটি পাহাড় আছে। পাহাড়টির উচ্চতা চার হাজার মিটার। কোনো আফগানকে বলা হলো, সে যেনো তার গাধার ওপর তার অন্ত্র-আসবাব-খাদ্য বোঝাই করে এবং গাধাটিকে নিয়ে পাহাড়ের চূড়ায় ওঠে। তারপর গাধাটিকে নিয়ে নিচে নেমে আসে। দেখা যাবে, গাধাটি পথেই মারা গেছে এবং তার মালিকেরও প্রাণনাশের আশক্কা দেখা দিয়েছে। এমনও দেখা গেছে, হয়তো কেউ খচ্চর নিয়ে পাহাড়ে উঠতে গেছে, খচ্চরটি পাহাতে ওঠার পথেই ক্রান্ত হয়ে পড়েছে এবং রাস্তার কিনারায় এসে উপত্যকায় উপ্টে পড়েছে। ফলে খচ্চর ও খচ্চরের আরোহী মারা পড়েছে। পাহাডে ওঠার এক মাইলের ভেতরে হয়তো ৭৫টি খাঁজ বা সিঁড়ি কাটা আছে। সিঁডিগুলো বরফে ঢাকা। আপানকে বলা হলো, আপনি এখন পাহাড়ে 'উঠবেন। আপনার পাশে একজন আফগানও আছে। তার সামনে আছে তার গাধাটি। সে তার গাধাটিকে উপরের দিকে ঠেলে তোলার চেষ্টা করছে। নামার সময়ও হয়তো সে ভার গাধাটির সহায়তা নেবে। কিন্তু হঠাৎ গাধাটির পা পিছলে গেলো এবং সেটি উপত্যকায় পতিত হয়ে মারা পড়লো। সঙ্গে তার আরোহীও মারা পড়লো। আপনি ভাবুন যে আপনি ওপরের দিকে আরোহণ করছেন। আর ওপর থেকে অনেকগুলো ঘোড়া বা গাধা মালামাল নিয়ে নামছে। হঠাৎ কোনো ঘোড়ার বা গাধার পা পিছলে গেলো এবং আপনার ওপর এসে পড়ুলো ৷ ঘোড়াটি বা গাধাটি হয়তো তার মাধায় আপনাকে সেঁধিয়ে নিয়ে নিচে পতিত হবে এবং আপনি আপনার জীবনের চূড়ান্ত পরিণতিতে উপনীত হবেন। আপনি বিষয়টিকে হালকা ভাববেন না এবং এটিকে সহজ মনে করার উপায় নেই। আপনি মনে করবেন না তাদের এই বিজয় এতো সহজেই সূচিত হয়েছে। **আল্লাহপাক বলেছেন** 

لَمْ حَسِبْتُمْ أَنْ تَدْخُلُوا الْجَنَّةُ وَلَمَّا يَأْتِكُمْ مَثَلُ الَّذِينَ خَلَوْا مِنْ قَبْلِكُمْ مَسُشْهُمُ الْبَأْسَاءُ وَالعَشَّرَاءُ وَزُلْوِلُوا حَتَّى يَقُولَ الرَّسُولُ وَالَّذِينَ آمَنُوا مَعَهُ مَنَى نَصْرُ اللَّهِ أَلَا إِنَّ نَصْرَ اللَّهِ قَرِيبٌ

'ভোমরা কি মনে করো ভোমাদের কাছে ভোমাদের পূর্ববর্তীদের নিদর্শন আসার পূর্বেই ভোমরা জান্নাতে প্রবেশ করবে? তাদেরকৈ গ্রস্ত করেছিলো দুর্দশা ও কষ্ট এবং তারা প্রকম্পিত হয়েছিলো। অবশেষে রাসুল এবং তাঁর সংক যারা ঈমান এনেছিলো তারা বলেছিলো, আল্লাহর সাহায্য আসবে কখন?' [স্রা বাকারা : আয়াত ২১৪]

চিন্তা করুন কী ভয়াবহ দুর্দশায় ভাঁরা পতিত হয়েছিলেন, শেষ পর্যন্ত রাসুলও আর্তস্বরে বললেন, আল্লাহর সাহাষ্য আসবে কখন?

ফজরের আয়ানের পর আমরা নামায পড়তাম। তারপর আমরা ঘোড়ায় আরোহণ করতাম। সাধারণত এই পরিস্থিতিতে ঘোড়ায় আরোহণ করে কোথাও যাওয়া আপনার পক্ষে সম্ভব নয় । আমহা যোড়ায় চড়ে কিছুসূর বেতাম এবং নেমে পড়তাম। কিন্তু আরোহণ না করে কোনো উপায় থাকতো না। চারদিকে বরফের আন্তর পড়ে আছে। আপনি যেখানেই পা রাখবেন আপনার পা পিছলে যাবে। আমরা এক খণ্ড মাটি, কোনো পাথর পা পাথুরে জমিন অথবা মৃত গাধা পাওয়ার আকাজ্কা করতাম, যাতে আমরা সেটার ওপর কিছুক্ষণ স্থির দাঁড়াতে পারি। আমরা দুই হাত ও দুই পা—চারপায়ে হাঁটতাম। অর্থাৎ আমরা হামাগুঁড়ি দিয়ে এগোতাম। সেখাদে মানুষের পক্ষে দাঁড়িয়ে হাঁটা সম্ভব ছিলো না। পাহাড়ের চূড়ায় ওঠার যখন আরো একশো মিটার বাকি থাকতো, আমরা ক্লান্তিতে এতোটাই অবসনু হয়ে যেতাম যে নিজেদেরকে আর উঁচু করতে পারতাম না। এখনো আমার বিস্ময় জাগে, কীভাবে তখন আমার পক্ষে পাহাড়ের চূড়ায় ওঠা সম্ভব হয়েছিলো! এভাবে ক্লান্ত হয়ে যখন কোনো গাধা পতিত হওয়ার উপক্রম করতো, তার আরোহী তাকে বাঁচাবার চেটা করতো। সে সেটির পেছনে পেছনে কিছুদ্র যেতো তারপর হতাশ হয়ে পড়তো। তারপর সে তার গাধাটিকে মৃত্যুর পথেই ছেড়ে দিতো।

এইসব কটে কখনো কখনো আমি অট্টহাসি হাসতাম। ভয়াবহ বিপদ কি মানুষকে অট্টহাসি হাসায়? মনে করুন, আমার সঙ্গে আপনি সফরে আছেন। আপনার গম্ভব্যস্থলে যাওয়ার পথে রয়েছে সাতটি পাহাড়। আপনি সেখানে আসমান ও জমিনের মাঝখানে ঝুলে আছেন।

ফণ্ডারের নামাথের সময় নামায পড়তে চাইতাম। তেমনিভাবে যোহরের ও আসরের নামায পড়তে চাইতাম। কিন্তু কোখার পড়বো নামায়ং সে-সময়ে তো আমরা পাহাড়ের নিচে নামতে পারি না। মাগরিবের আ্যানের পর অবশ্য নামা যায়। সেই ফজর থেকে নিয়ে মাগরিব পর্যন্ত একটানা পহাড়ের ওপর দিয়ে পথচলা। যুবকেরা পাহাড়ের ওপর ক্লান্তির তীব্রতায় মৃত্যু কামনা করতো। কখনো কখনো ক্লান্তি মানুষকে পেয়ে বসে।

পাহাড়ের ওপরে থাকতো বরফের ভূপীকৃত স্তর। জ্যাকেট বা শীতের পোশাক থাকতো অল্ল। বুক-পিঠ জ্যাকেট দিয়ে শুধু শরীরের মধ্যাংশ ঢাকা যেতোটা সে-জ্যাকেটও বহন করা যেতো না। আমি তা খুলে গাধা বা ঘোড়ার পিঠে রেখে দিতাম। একবার একটি ঘটনা ঘটলো। পাহাড়ের শিখরে ওঠার আগে আমার কাছে এক আফগান এগিয়ে এলো। দে বললো, ঘোড়া তো মরে গেছে। তারগর সে ঘোড়ার পিঠের সব আসবাব নিজের কাঁধে তুলে নিলো এবং এগিয়ে চললো।

পথে এক যুবকের দেখা পেলাম। তার বাড়ি ইরাক এবং নাম আলি। সে আমাকে বদলো, 'ভারা কি আমাকে এখানে এই জন্যে কেলে রেখে গিয়েছে যে আমি এখানে মারা যাই?' আসলে ইচ্ছা থাকা সত্ত্বেও এখানে কারো পক্ষে করার কিছু নেই। আপনি তার গাঁটরি বহন করতে পারবেন না। এমনকি তার কোনো কলমণ্ড আপনার পক্ষে বহন করে নিয়ে যাওয়া সম্ভব নয়। তারা তাকে ফেলে গিয়েছে ৰাতে সে বরফের মাঝে মৃত্যুবরণ করে। তার কাছে ব্লিপিং ব্যাগ ছিলো। সঙ্গীরা তাকে ব্লিপিং ব্যাগের ভেতর ভরে তইয়ে রেখে ণিয়েছিলো। সে ঘূমিয়ে পড়েছিলো এবং মৃত্যুর জন্যে অপেক্ষা করছিলো। রাতে সে ছিলো একা। তারা ভাকে পাহাড়ের চূড়ায় রেখে গিয়েছিলো যাতে সে সেখানে মারা যায়। তাদের কেউ তাকে কোনো সহায়তা করতে পারে নি। তাকে বহন করে নিয়ে যাওয়ার মতো শক্তি তাদের ছিলো না। তারা জানিয়েছিলো, তুমি থৈর্য ধরো, তোমার সঙ্গে আল্লাহপাক আছেন। সে সেখানে তিনদিন সেভাবে পড়ে ছিলো। অবশেষে একটি দল তার কাছে এলো এবং তাকে বহন করে নিয়ে গেলো। তারা তাকে হাসপাতালে পাঠালো। তার দুই পা অবশ হয়ে গিয়েছিলো। ফলে তার দুই পায়ের **আঙ্গুলগুলো কেটে কেলতে হলো**।

কতো মানুষ এভাবে বরফের কবলে পড়ে ঠাগুর মৃত্যুবরণ করেছে। এরা সব আরব বুবক। আমরা আশা করি আল্লাহপাক তাদেরকে উত্তম প্রতিদান দেবেন।

যিনি (কাতারের রাজধানী) দোহার মতো শহরে বাস করেন, যেখানে আছে স্থিম ছায়া, কোমল পানীয়, সুপেয় পানি, আছে পর্যাপ্ত ফল ও মিষ্টান্ন, আছে ক্লটি এবং হরেক রকমের গোশত ও কাবাব, রসনাবিলাসের সব উপকরণ আছে, আছে আরাম-আয়েশের সব উপকরণ—তাঁর মনে হয়তো ইসলামের খেদমত করার আকাজ্জা জাগতে পারে। তিনি তাঁর আকাজ্জা মেটাবার জন্যে কোনো মজলিসে অংশগ্রহণ করবেন বা কোনো উপস্থিত মজলিসে বভূতা দেবেন। তারপর দ্রুত তাঁর সুবাসিত স্থিম আবাসে ফিরে আসবেন। এভাবেই তিনি ইসলামের বেদমত করার চেষ্ট করবেন।

আর যারা আসলেই ইসলামের খেদমত করতে চায় নিজেদের জান দিয়ে, শরীরের রক্তবিন্দুকে জলে পরিণত করে, যারা ইসলামকে অধিষ্ঠিত করতে চায় চূড়ান্ত মর্যাদার আসনে, তাদের অবস্থা দেখুন। তারা সকালে পানশির থেকে তাখারের অভিম্থে রওরানা হয়। সারাদিন পথ হেঁটে সন্ধ্যায় ক্লান্ড হয়ে পড়ে। সন্ধ্যার পর ভক্ত হয় শৈত্যপ্রবাহ। মাগরিবের নামান পড়ে তারা আবার চলতে ভক্ত করে। শৈত্যপ্রবাহের ভেতর দিয়ে তারা চলতে থাকে। বরফ পড়তে ভক্ত করে। বরফের জ্প মাড়িয়ে তারা এগিয়ে যেতে থাকে। বরফের ছোটো ছোটো টুকরো তাদের ছুতার ভেতর চুকে পড়ে। তারা হয়তো তা টের পায় না। তারা চলতে থাকে এবং তাদের শরীর থেকে যাম ঝরতে থাকে। অবশেষে তারা আল্কুমানে পৌছায়। তারা তাদের মোজা খুলতে চায়। কিন্তু বিধিবাম! ভাদের পা কুলে গেছে এবং মোজা পায়ের সঙ্গে আটকে গেছে। ব্যথা ভক্ত হয়। তারা যতোই মোজা খোলার চেটা করে ব্যথা ততেই বাড়ে। তারা চিৎকার ভক্ত করে। আশপাশের গ্রামের লোকজন এসে তাদের পাশে জড়ো হয়। ভারা দেখতে পায় আগত্তকদের পায়ের আকুলঙলো বরফের ছাঁচে পরিণত হয়েছে এবং কোনো কোনো আকুল ভেঙ্গে গেছে।

জিহাদের বিষয়টা আসলেই কঠিন বিষয়। জিহাদ ছাড়া সব ইবাদতই ঘরে থেকে স্থান-কন্যা-প্রদের মাঝে বাস করে পালন করা আপনার পক্ষে সম্ভব। আপনি লীতাতপনিয়ন্ত্রিত কক্ষে নামায আদায় করছেন। আপনি রোযা রাখছেন, আপনার চারপাশে স্থা ও ছেলেমেয়েরা আছে। আপনি হজের সফরে গেলেন, কোনে আপনার পরিবারের সবার খোঁজখবর রাখলেন। মনে হবে, কতো সুখেই না আছেন আপনি! আর জিহাদ! আপনি সেখানে আপনার স্থাকে নিয়ে যেতে পারবেন না। আপনার পুত্রকন্যাদের নিয়ে যেতে পারবেন না। এয়ারকভিশনারও নিয়ে যেতে পারবেন না। মার্সিডিস-পাজেরো গাড়ি নিয়েও জিহাদে যাওয়া আপনার পক্ষে সম্ভব নয়। আপনি পাহাড়ের ওপর আপনার মার্সিডিস-পাজেরো চালাতে পারবেন না। নুরসাতান বা হিন্দুক্শ পর্বতের ওপর আপনার পাজেরো-মার্সিডিস চলবে না। সেখানে আপনার পা-ই আপনার গাড়ি। পাহাড়ের খাঁজই আপনার মার্সিডিস।

একারণেই জিহাদ মানুষকে পার্থিব জীবন থেকে সম্পূর্ণরূপে বিচ্ছিন্ন রাখে। আপনি আপনার কোম্পানিতে থেকে রোযা আদায় করতে পারবেন। আপনি আপনার অফিসে থেকে নামায আদায় করতে পারবেন। আপনি আপনার বিশ্ববিদ্যালয়ে থেকে যাকাত আদায় করতে পারবেন। কিন্তু আপনি এওলোর কোনো একটিতে থেকে আল্লাহর পথে জিহাদে অংশগ্রহণ করতে পারবেন না। এ-কারণেই আল্লাহপাক বলেছেন—

قُلْ إِنْ كَانَ آبَاؤُكُمْ وَأَبْنَاؤُكُمْ وَإِخْوَالُكُمْ وَأَزْوَاجُكُمْ وَعَشِيرَتُكُمْ وَأَمْوَالَ افْتَرَفْتُمُوهَا وَيَجَازَةُ تَحْشُونَ كَسَادَهَا وَمَسَاكِنُ تُرْضُونَهَا أَحَبُ إِلْيُكُمْ مِنَ اللّهِ وَرَسُولِهِ وَجِهَادٍ فِي مَنِيلِهِ فَتَرَبُّصُوا حَتَّى يَأْتِيَ اللّهُ بِأَمْرِهِ وَاللّهُ لَا بَهْدِي الْقُومَ الْقَاسِقِينَ

বৈলো, ভোমাদের নিকট যদি আল্লাহ, তাঁর রাসুল এবং আল্লাহর পথে জিহাদ করা অপেকা অধিক প্রির হয় ভোমাদের পিতা, ভোমাদের সপ্তান, ভোমাদের ভাই, ভোমাদের স্ত্রী, ভোমাদের বংগান্তী, ভোমাদের অর্জিত সম্পদ, ভোমাদের ব্যবসাবাণিজ্য, যার মন্দা পড়ার আশঙ্কা ভোমরা করো এবং ভোমাদের বাসস্থান, যা ভোমরা ভালোবাসো, তাহলে অপেকা করো আল্লাহর বিধান আলা পর্যন্ত । আল্লাহপাক সভ্যত্যাগী সম্প্রদায়কে সংপথে পরিচালিত করেন না।' [সুরা ভওবা : আয়াত ২৪]

যদি সমন্ত দুনিয়া একহাতে থাকে তাহলে অপর হাতে থাকবে জিহাদ। কারণ এই দৃটিকে একত্র করা সম্ভব নয়।

# পানশিরে যুদ্ধবিরতি

আহমদ শাহ মাস্টদ<sup>ং৯</sup>। আপনারা এই নেতার নাম ওনেছেন। আপনারা

<sup>২৯</sup> আহমদ শার সাস্ট্রত ১৯৫৩ সালের ২রা জানুয়ারি পানশিরের জানকালাক এলাকার বাজারাক গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর বাবা দোন্ত সুহাম্মদ খান আকগান রয়াল আর্মিডে कर्तन हिल्ला। पार्यम भार कातून विश्वविद्यालय थरक श्रव्होभनविद्याय छिपी पर्वन করেন। ডিনি পশ্রু ছাড়াও ফরাসি, ফার্সি, উর্নু ভালো বলতে পারতেন এবং ইংরেজি ভালো পড়তে পারতেন। বিশ্ববিদ্যালয়ে থাককালীন জমিয়তে ইসলামির ছাত্র সংগঠন স্থ্যান-ই জোওয়ানান-ই মুসলমান (Organization of Muslim Youth)-এ যুক্ত হন। তথন জমিয়তে ইসলামির সভাপতি ছিলেন অধ্যাপক বুরহান উদ্দিন রকানি। ১৯৭৫ সালের দিকে জমিয়তে ইসলামি ও ওলবুদ্দিন হেকমভিয়ারের নেতৃত্বাধীন হিয়বে ইসলামির মধ্যে বিরোধ গুরু হয়। এ-সময় হিয়বে ইসলামির কমীরা আহমদ পাহকে হত্যা করার চেষ্টা করে। ১৯৭৮ সালের ২৭ এপ্রিল পিপলস্ ডেমোক্র্যাটিক পার্টি অব আফগানিস্তান (মাস্ক্রবাদী) এবং সেনাবাহিনীর একটি দল প্রেসিডেন্ট দাউদ খানকে হত্যা করে রাষ্ট্রক্ষমতা দখল করে। তারা সমাজতান্ত্রের বিভার এবং সেভাবে নীতি নির্ধারণ করতে চাইলে দেশের ইনলামি দলগুলোর সঙ্গে বিরোধ সৃষ্টি হয়। এ-সময় সমাজতন্ত্রী সেনাদের হাতে সারাদেশে পঞ্চাশ হাজার থেকে এক লাখ মানুষ নিহত হয়। ১৯৭৯ সালে ২৪টি প্রদেশে সংঘাত শুরু হয়। অর্থেকের বেশি সৈনিক সেনাব্যহিনী থেকে পালিয়ে যায়। ৬ই জলাই আহমদ শাহ মাসউদ পানশিরে সরকারের বিস্তুদ্ধে প্রতিরোধ গড়ে ভোলেন। সম্মুখ যুদ্ধে সফল না হয়ে গেরিলা যুদ্ধ শুরু করার সিদ্ধান্ত নেন। এ-বছরেই ২৪ শে ডিসেম্বর সোভিয়েত ইউনিয়ন আফগান সরকারকে টিকিয়ে রাখার জন্যে সেনা প্রেরণ করে। সরকারবিরোধীদের তারা নির্বিচারে হত্যা করতে থাকে। আহমদ শাহ সোভিয়েত বাহিনীর বিক্লম্বে গেরিলা যুদ্ধ চালিয়ে যেতে থাকে এবং প্রতিরোধ যুক্ষের কেন্দ্রীয় চরিত্র হয়ে ওঠেন। ১৯৮৯ সালের ১৫ই ফেব্রুয়ারি রূপ বাহিনী আফগানিস্তান ত্যাগ করে। তারপরও পিপলস ডেমোক্র্যোটিক পার্টির সরকার মুজাহিদদের বিরুদ্ধে যুদ্ধ চালিয়ে বেতে থাকে। আহমদ শাহ মাসউদ সরকারবিরোধী লড়াই অব্যাহত রাখেন। দেশে চরম দুরবস্থা বিরাজমান রেখে ১৯৯২ সালে ১৭ই এপ্রিল এ-সরকার ক্ষমতা ত্যাগ করে। ২৪ শে এপ্রিল পেশোয়ারে সমাস্ততন্ত্রবিরোধী দলগুলোর মধ্যে শান্তি ভ ক্ষমতাবটন চুক্তি সম্পাদিত হয়। এ-চুক্তিতে আহমদ শাহ মাসউদকে প্রতিরক্ষামন্ত্রী ও গুলবৃদ্দিন হেকয়তিয়ারকে প্রধানমন্ত্রী করা হয়। কিন্তু হেকমতিয়ার এই চুক্তি প্রত্যাখ্যান করেন। পরে অবশ্য তিনি প্রধানমন্ত্রীর দায়িত গ্রহণ করেন। ২৭ শে সেন্টেম্বর তালেবাদ ক্ষমতা দখল করে। এ-সময় প্রেসিডেন্ট ছিলেন অমিয়তে ইসলামির বরহান উদ্দিন রব্বানি এবং প্রধানমন্ত্রী ছিলেন হিব্বে ইস্লামির ভগবুদিন হেক্মতিয়ার। তালেবান ক্ষমতা দখলের পর প্রেসিডেন্ট হন মোল্লা মুহান্দদ উমর এবং প্রধানমন্ত্রী হন মোল্লা বুরহান উদ্দিন। আহমদ শাহ মাসউদ তথনো প্রতিরক্ষামন্ত্রী। কিন্তু হেকমতিয়ার ও তালেবান নেতাদের সঙ্গে তাঁর বিরোধ অব্যাহত ছিলো এবং তিনি তালেবান সরকারের বিরুদ্ধে যুদ্ধ চালিরে গেছেন। যদিও তাঁরা উভয়ই তালেবান সরকারবিরোধী উ<del>ত্তরাক্ষলীয় জোটে ছিলেন।</del>

তাঁর সম্পর্কে আর কী জানেন? এখন তাঁর সম্পর্কে বলি। মনে করুন, তাঁর এলাকার আশেপাশে প্রায় তিনশোটি ট্যান্ক ও স্বয়ংক্রিয় মেশিনগান রয়েছে। এগুলো কোনো এলাকা বা গাড়িবহরকে ধ্বংস করে দিতে পারে। রুশ বাহিনী তখন জানালো, আমরা কীভাবে এই বিপর্যয় থেকে রেহাই পেতে পারি? আমরা তো ক্লান্ত হয়ে পড়েছি। তারা আহমদ শাহ মাসউদের কাছে এই মর্মে প্রতিনিধিদল পাঠালো যে আমরা আপনার সঙ্গে একটি যুদ্ধবিরতি-বৈঠক করতে চাই। আহমদ শাহ মাসউদ আলেমদের কাছে পরামর্শ চাইলেন। আলেমগণ জ্ঞানালেন, যুদ্ধবিরতি বৈঠক করতে কোনো সমস্যা নেই। রুশ বাহিনী ভাঁকে আহ্বান জানালো, আপনি আমাদের কাছে আসুন। তিনি জানালেন, না, আমি আপনাদের কাছে আসতে পারবো না। রুশ বাহিনী জানালো, ভাহলে আমরা পথের মাঝামাঝি স্থানে মিলিড হয়ে বৈঠক করি ৷ আহমদ শাহ মাসউদ জানালেন, না, বরং আপনারা আমার কাছে আসুন। রুশরা জানালো, তাহলে আপনি আমাদের কাছে (বৈঠকের নিরাপত্তাবিধানের জন্যে) জামানত রাখুন। আহমদ শাহ মাসউদ জানালেন, না, আমি আপনাদের কাছে কোনো জামানত রাখতে পারবো না। এমনিতেই আপনারা আমার কাছে আসবেন। ফলে রুশ কমান্ডাররা নীচ-হেয় হয়ে আহমদ শাহ মাসউদের সামনে উপস্থিত হলো। তিনি তথন অনেক পরিণত হয়েছেন। তাঁর বয়স হয়েছে তখন ৩৭ বছর। পনেরো বছর আগে ২২ বছর বয়সে তিনি জিহাদ ওক্ষ করেছিলেন। তিনি ও ক্লশ বাহিনীয় জেনারেপ বা উচ্চপদত্ব সামরিক কর্মকর্ভাগণ বৈঠকে মিলিত হলেন। প্রথম রাত গেলো, দ্বিতীয় রাত গেলো, ভৃতীয় রাত গেলো। কিন্তু কোনো সমাধানে পৌছানো গেলো না। ক্লশ জেনারেলরা বললেন, আপনি হয়তো আমাদের প্রকৃত অবস্থা

২০০১ সালে ৯ই সেন্টেম্বর (টুইন টাওয়ারে হামলার মাত্র দুই দিন আগে) উত্তর আফগানিস্ত ।নের তাখার প্রদেশে খাজা বাহাউদ্ধিন এলাকায় এক আত্রঘাতী হামলায় আহমদ শাহ মাসউদ নিহত হল। এই হমলার জন্যে আল-কায়েলাকে অভিযুক্ত করা হয়। কারণ ওসামা বিন লাদেনের সঙ্গে তাঁর বিরোধ ছিলো। এর আগে বহুবার কেন্দ্রিবি, আইএসআই, আফগান কমিউনিস্ট কেএইচএডি, ভালেবান ও আল-কায়েলা তাঁকে হত্যা করার চেষ্ট্রা করে। কিন্তু ভাদের সেসব প্রচেষ্ট্রা ব্যর্থ হয়। তাঁর জন্মন্তান বাজারাকেই তাঁকে দাফন করা হয়। কমিউনিস্টবিরোধী যুদ্ধে অসীম সাহসিকভার জন্যে তাকে 'লেরে পানলির' বা পানলিরের সিংহ নামে ভাকা হয়। তিনিই একমাত্র আফগান নেতা যিনি কখনো আফগানিস্তানের বাইরে থাকেন নি। ২০০১ সালে হামিদ কারজাইর সরকার ভাকে 'আফগানিস্তানের জাতীয় বীর' উপাধিতে ভ্বিত করে। ব্যক্তিগত জীবনে তিনি এক পুত্র ও পাঁচ কন্যার জনক। তাঁর দ্রী সাদিকা মাসউদ ২০০৫ সালে করাসি ভাষায় রচিত তাঁর Pour l'amour de Massoud (মাসউলের ভালোবাসার জন্যে) গ্রন্থটি থকাশ করেন। এতে তিনি প্রিরতর স্বামীর বাজিজীবনের বর্ণনা দেন।

জানেন না; কী ভয়াবহ বিপর্যয়কর অবস্থায় আমরা আছি। আমাদের মানসিক অবস্থা কী দাঁড়িয়েছে। এই নির্বোধ উন্যাদ দেতা (ব্রেজনেভ<sup>৩০</sup>) আমাদের এই অবস্থায় নিক্ষেপ করে আমাদের ত্যাগ করেছেন (মৃত্যুবরণ করেছেন)। আমাদের মনে হচ্ছে, আমাদের পায়ে বেড়ি পরানো হয়েছে। আমরা বন্দি হয়ে পড়েছি। আমরা নিজেদেরকে এই অবস্থা থেকে মুক্তি দিতে চাই।

তারপরের রাত থেকে তারা বা কিছু আলোচনা করেন তা আমি লিখে রাখার সিদ্ধান্ত নিলাম। পরে ভাবলাম তা ঠিক হবে না। এটা হবে একটা নীচু ধরনের কাজ। তাছাড়া এতে মজলিসের আমানত রক্ষা হবে না।

তারা একটি যুদ্ধবিরতি চুক্তি করপেন। পানশিরে ছয়মাস যুদ্ধ বন্ধ থাকবে। আহমদ শাহ মাসউদ মুজাহিদদের পানশিরের বাইরে পাঠাতে লাগলেন। তারা অন্যান্য এলাকায় শত্রুর বিক্লদ্ধে লড়াই করবে এবং পানশিরে ফিরে আসবে। পানশিরে ছয়মাস যুদ্ধ নিবিদ্ধ। পানশির এবং সালাং গমনের মধ্যবর্তী স্থানে একটি পাহাড় আছে। তিনি মুজাহিদদের একটি দল বা সেনাদের একটি কোম্পানি সালাংয়ে প্রেরণ করেন। তারা সেখানে অভিষান চালায় এবং পানশিরে কিরে আসে। এদিকে পানশিরের আকাশে বিমান চলাচল নিবিদ্ধ। ট্যাঙ্ক থেকে গোলাবর্ষণ নিবিদ্ধ। ফলে রুশরা বুঝতে পারে, তাদের যুদ্ধবিরতির চুক্তি লাভজনক হয় নি।

<sup>🥗</sup> পুরে: নাম পিউনিদ ইলিচ ব্রেজনেন্ড। ১৯০৬ সালের ১৯ শে ডিসেমর - রাশিয়ার কামিরানকিতে (বর্তমানে পিশ্রোদজারঝিনক, ইউক্রেন) জন্মগ্রহণ করেন। দিপ্রোদজারঝিনক মেটালারজিক্যাল টেকনিকাম থেকে ১৯৩৫ সালে স্রাতক ডিমি অর্জন শেষে ধাতব প্রকৌশলী হিসেবে ইউক্রেনের পূর্বাঞ্চলে কৌহ ও ইস্পাত কারখানায় যোগ দেন। বিভীয় বিশ্বযুদ্ধে জরুরিভাবে সামরিক বাহিনীতে প্রেরিড হন এবং ১৯৪৬ সালে মেজর জেনারেল পদবি নিয়ে অবসর গ্রহণ করেন। ১৯৫২ সালে কেন্দ্রীয় কমিটির সদস্য হন এবং এবং ১৯৬৪ সালে মহাসচিব হিসেবে নিকিজ্যি ক্রন্ডেন্ডের স্থলাভিষিত হন। ব্রেজনেত ১৪ই অস্টোবর, ১৯৬৪ থেকে ১০ই নভেম্বর ১৯৮২ পর্যন্ত সোভিয়েড ইউনিয়ন কমিউনিস্ট পার্টির মহাসচিব ছিলেন। মূলত কমিউনিস্ট পার্টির নেতারাই দেশ পরিচালনা করতেন। রাষ্ট্রপ্রধান 🕿 সরকারপ্রধানরা ছিলেন তাঁদের হাতের পুতুল। কারণ কমিউনিস্ট পার্টির মহাসচিবের চেরে বড়ো কোনো শদ ছিলো না। ব্রেজনেন্ড জোনেফ স্টালিনের পর সর্বাধিক আঠারো বছর ক্ষমভায় থেকে ১৯৬৪ সাল থেকে মৃত্যুর পূর্ব পর্যন্ত দেশ পরিচালনা করেন। তিনি সামরিক খাতে উল্লেখযোগ্য হারে ব্যয় বৃদ্ধি করেন যা ছিলো মোট জাতীয় উৎপাদনের প্রায় ৫০%। ১৯৭০ সালের মাঝামাঝি সময়ে সৃষ্ট অর্থনৈতিক সন্ধট নিরসনে ভূমিকা রাখতে না পেরে স্থবির অর্থনীতির জন্ম দেন। আফগানিস্তানের কমিউনিস্ট সরকারকে টিকিয়ে রাখার লক্ষ্যে ১৯৭৯ সালে সেনাবাহিনী শেরণ করেন। ১৯৮২ সালের ১০ শে নডেমর মক্ষোতে তাঁর মৃত্যু হয়।

আন্দ্রোপভের<sup>৩১</sup> মৃত্যু হয় এবং তারপর চেয়নেনকাে<sup>৩২</sup> ক্ষমতায় অথিষ্ঠিত হন।
কিয়্ক আপনারা বিশ্বপ্রতিপালক আল্লাহপাকের কৌশল দেখেন। সুবহানাকা
ইয়া রব! আপনারা কি কখনো শুনেহেন মাত্র চার বছরে সোভিয়েভ
ইউনিয়নের তিনজন নেতার মৃত্যু হয়েহে? আফগানিভানের মজলুম ও
নির্যাতিতদের দোয়া আল্লাহপাক এভাবেই কার্যকর করেছিলেন। মাত্র চার
বছরে সোভিয়েত ইউনিয়নের তিনজন নেতা মারা গেলেন। স্টালিন<sup>৩৩</sup> তিরিশ
বছর রাশিয়া শাসন করেন। [স্টালিনের পর জর্জি মালেন্কভ কয়েক মাস
পার্টির ফার্স্ট সেক্রেটারি এবং ৫ই মার্চ, ১৯৫৩ থেকে ৮ই ক্ষেব্রুয়ারি, ১৯৫৫
এই দুই বছর প্রধানমন্ত্রী ছিলেন। গার্টির ক্ষমতা নিয়ে কুন্টেভের সঙ্গে তাঁর
বিরোধ ছিলো। তারপর আসেন কুন্টেভ<sup>৩৬</sup>। তিনি শাসন করেন দশ বছর।
কুন্টেভের পর প্রেসিডেন্ট হন ব্রেজনেভ। ব্রেজনেভ রাশিয়া শাসন করেন
গনেরো বছর। [তিনি মূলত মৃত্যুর পূর্ব পর্যন্ত আঠারো বছর দেশ শাসদ
করেন।] তারপর তিনি মাত্র এক বছর বেঁচে ছিলেন। (তিনিই আফগানিস্তানে
আক্রমণ করার জন্যে রুশ সামরিক বাহিনী প্রেরণ করেন।) তারপর ক্ষমতায়
আসেন আল্রোপভ। দেড়ে বছরের মাধায় তিনি মারা যান। তারপর আসেন

<sup>&</sup>lt;sup>৩১</sup> পুরো নাম ইউরি স্লান্ডিমিরোভিত আস্রোগত। ১৯১৪ সালের ১৫ই জুন রাশিরার স্টানিট্সা নাওট্কারা অঞ্চলে জন্মগ্রহণ করেন। ১২ই নভেৎর ১৯৮২ থেকে ৯ই ফেব্রুয়ারি ১৯৮৪ শর্বন্ত কমিউনিস্ট গার্টির মহাসচিব হিলেন। এ-দিনেই মকোতে তাঁর মৃত্যু হয়।

শব্দ কার্যভানত সাচের মহাসাচব হিলেন। আনালনেই মকোতে তার মৃত্যু হয়।

শব্দ পুরো নাম কোন্স্টান্টিন ইউস্টিনোভিচ চেরনেনকো। ১৩ই ক্রেরারি ১৯৮৪ বেকে মৃত্যুর

দিন ১০ই মার্চ ১৯৮৫ পর্যন্ত কমিউনিস্ট পার্টির মহাসচিব ছিলেন। তার জন্ম ১৯১১ সালে।

শব্দা নাম উওসেক তিসারিওনতিচ জুগাল্তিলি। আমাদের দেলে জোসেক স্টালিন বা আলিন নামে পরিচিত। ১৮৭৯ সালে জর্জিরার জন্মহণ করেন। কল কমিউনিস্ট একনায়ক।

শেলিনের মৃত্যুর পর সোভিরেত ইউনির্ন ও ক্রিউনিস্ট পার্টির সবচেরে কর্তৃত্বমর 
প্রভাবশানী নেতা। বললেভিক বিপ্লবের পর ১৯২২ সালের বলশেভিক দলের সাধারণ

সম্পাদক নির্বাচিত হন। ১৯২৪ সালের লেনিনের মৃত্যুর পর কামিনিয়েভ ও জিনোভিরেভের সঙ্গে যৌথভাবে লেনিনের স্থাভিবিক হন। প্রধান দুই প্রতিষকী এখনি ও জিনোভিরেভকে

শার্টি থেকে বহিছার করে ১৯২৭ সালে তিনি পার্টির সর্বমর কর্তৃত্ব প্রহণ করেন। ১৯৫৩ সালে তাঁর মৃত্যুর পর সোভিরেত ইউনিয়নে আমলাতন্ত্রের প্রবর্তক হিসেবে স্টালিনের বিক্রপ্রে সমাপোচনার বড ওঠে।

<sup>\*\*</sup> পুরো নাম নিকিতা সেগেইয়েন্ডিচ ক্রুন্টেড (ক্রুন্টেড লেখা হলেও উচ্চারণ ক্রুশ্পোফ)।
১৮৯৪ সালের ১৭ই এপ্রিল রালিয়ার ডিমিট্রিইয়েড্ব্লি এলাকরে কালিনভ্কা গ্রামে তাঁর জন্ম।
১৯১৮ সালে কমিউনিস্ট পার্টিডে যোগ দেন। ১৯৩৪ সালে কেন্দ্রীয় কমিটির সদস্যপদ
পান। ১৯৩৮ সালে ইউক্রেনের জ্বাঞ্চলিক কমিটির ফার্স্ট সেক্রেটারি নির্বাচিত হন। ১৪ই
সোল্টেখর থেকে ১৯৫৩ থেকে ১৪ অক্টোবর ১৯৬৪ পর্যন্ত কমিউনিস্ট পার্টির ফার্স্ট সোক্রেটারি ছিলেন। ১৯৫৮ সালে পার্টিপ্রধানের পালাপালি প্রধানমন্ত্রী হয়ে সর্বময় ক্ষমভার
অধিকারী হন। ১৯৬৪ সালে উভর পদ থেকে জ্বসারিত হন। ১৯৭১ সালের ১১ই
সোক্টেখর মন্দ্রোতে তাঁর মৃত্যু হয়।

চেরনেনকো এবং এক বছরের মাধার মারা যান। এভাবেই মার চার বছরে পরপর তিনঞ্জন নেতা মৃত্যুর মিছিলে যোগ দেন। আফগানিস্তানের নির্যাতিত নর-নারীর আহাজারি আসমানে পৌছেছিলো এবং তাদের ওপর শাস্তি আপতিত হয়েছিলো। আহাহপাক তাদেরকে ধ্বংস করেছেন।

চেরনেলকো ক্ষমতায় এসেই ঘোষণা করপেল, এইভাবে মার খাওয়া আমাদের জন্যে পরিহাস ছাড়া কিছু নয়। আপনারা নতুনভাবে কমিটি গঠন করল। এই কমিটি আহমদ শাহ মাসউদের সঙ্গে যুদ্ধবিরতি নিয়ে আলোচনা করবে। তারা নতুন কমিটি গঠন করে। এই নতুন কমিটি যুদ্ধবিরতির জন্যে কতোগুলো শর্ত লিপিবদ্ধ করে। কমিটি শর্তসম্বালত কাগজপত্র আহমদ শাহ মাসউদের কাছে প্রেরণ করে এবং এই মর্মে দুয়্বথ প্রকাশ করে যে, আগের কমিটি গেঁবা দিয়েছিলো এবং শর্ত ভঙ্গ করেছিলো। এবার আমরা নতুনভাবে কমিটি গঠন করে নতুন শর্ত তৈরি করেছি। আমরা আগামীকাল যুদ্ধবিরতির শর্তগুলো নিয়ে আলোচনা করার জন্যে আপনার সঙ্গে বসতে চাই। আহমদ শাহ মাসউদ জানালেন, আমরা আগামীকাল আপনাদের সঙ্গে আলোচনায় বসতে পারবো না। ইনশাআল্লাহ, দুই সপ্তাহ পর আমরা আপনাদের সঙ্গে বসবেত আদেন তিনি কৃষকদেরকে গম ও অন্যান্য শস্য জমিয়ে রাখতে আদেশ দিলেন। তিনি তাদের বললেন, আমি যুদ্ধক্ষেত্র প্রবেশ করতে যাছি। আপনারা গম ও অন্যান্য শস্য সংগ্রহ করে ছরে তুলে রাখন।

দুই সপ্তাহ পর তিনি কালাশনিকভ হাতে নিলেম। এই কালাশনিকভণ্ডলো ছিলো রূপ বাহিনী থেকে গনিমত হিসেবে পাওয়া। সামরিক পোশাক পরলেন। তিনি ও তাঁর সঙ্গে যে-দলটি ছিলো তাঁরা সামরিক পোশাক পরতেন। তাঁদের প্রত্যেকের জন্যে ফজরের নামায় থেকে নিয়ে আসরের নামায় পর্যন্ত সামরিক পোশাক পরা বাধ্যতামূলক ছিলো। সামরিক পোশাক পরে কালাশনিকভ হাতে নিয়ে তাঁরা সেই কমিটির অফিসে গেলেন। কাদের কমিটি ছিলো এটা? এটা সেইসব সামরিক অফিসারদের কমিটি ছিলো যারা আটলান্টিক চুক্তির বিরুদ্ধে গিয়ে গোটা বিশ্বের মুখোমুখি হওয়ার পরিকল্পনা করেছিলো। আহমদ শাহ মাসউদ বন্ধেন, 'আমি তাদের শর্তাবলির কাগজপত্র হাতে নিলাম এবং লাল কালি দিয়ে দাগালাম। তারপর নতুন করে কঠিন কভোগুলো শর্ত লিখলাম। আমার শর্তগুলো ছিলো আগের শর্তগুলোর তুলনায় বহু বহুগুণ কঠিন ৷ আমি কাগজগুলো এগিয়ে দিলাম, তারা সেগুলো হাতে নিলো। ভারা লাল দাগাদাগি দেখলো এবং তাদের কাগজগুলোর করুণ অবস্থা দেখলো। তীক্ষ্ণ দৃষ্টিতে নতুন শর্তগ্রসোর দিকে তাকালো। এরপর তারা ফুলে উঠলো, ফুঁসে উঠলো, লাল হয়ে উঠলো ও জ্বলে উঠলো।' তারা আহমদ শাহ মাসউদকে বললো, 'আমাদেরকে একটু বাইরে যাওয়ার সুযোগ দিন। আমরা সিগারেট খাবো।' আহমদ শাহ মাসউদ বললেন, 'ঠিক আছে।

আপনারা যান। তারা গলায় শিকার আটকে-খাওয়া সাপের মতো গক পক করতে করতে বেরিয়ে গেলো। সিগারেট খেলো। 'এই ব্যাটার সঙ্গে আমরা কী আর আলোচনা করবো। যাও ভোমরা সবাই ঘরে ফিরে যাও', তারা বলে। তারা ফিরে এসে আবার আগের জায়গায় বলে। এক সামরিক কর্মকর্তা—জেনারেল বা এ-পর্বায়ের একজন—কাগজগুলো হাতে নেয়। সেনিজেকে স্থির রাখতে পারে না; কাগজগুলো আহমদ শাহ মাসউদের ওপর ফুঁড়ে মারে। আহমদ শাহ মাসউদ কাগজগুলো হাতে নিয়ে মুঠি বানিয়ে সেই ক্রশ সামরিক কর্মকর্তার মুখে আঘাত করে বলেন, 'বেয়াদব, এখান থেকে বেরিয়ে যাও।' তখন অন্য সামরিক কর্মকর্তা বলে, 'ভাকে আপনি সুযোগ দিন। সে নিজের ওপর নিয়য়ণ হারিয়ে ফেলেছে।' আহমদ শাহ মাসউদ বললেন, 'এই বেয়াদব ঘর থেকে বেরিয়ে না গেলে আমাদের পক্ষে আলোচনা চালিয়ে যাওয়া সম্লব নয়।'

আল্লাহ্ আকবার! আল্লাহর রাসুলের একজন সৈনিক এক রূপ জেনারেলকে বৈঠক থেকে বেরিয়ে যেতে বাধ্য করলেন! ইসলাম তার সৈনিককে জিহাদের মাধ্যমে কী মর্যাদাই না দিয়েছে। তারা সেই জেনারেলকে বৈঠক থেকে বের করে দিয়ে আবার বসলো। বিতীয় দিন তারা আহমদ শাহ মাসউদকে একটা চিঠি লিখলো, 'আমরা কালাশনিকভের তয়ে শক্তি। তাহাড়া এইসব শর্ত পক্ষপাতমূলক ও বিধ্বংসী। শর্তগুলো মানা আমাদের পক্ষে সন্তব নয়।' কমিটির প্রধান আহমদ শাহ মাসউদের কাছে আসে। তাঁকে অনুরোধ করে, 'আপনি অনেক কঠিন শর্ত দিয়েছেন। আপনি আমাদের প্রতি নরম হোন।' সে আরো নানা ধরনের অনুরোধ জানায়। ইয়া সালাম! আহমদ শাহ মাসউদ তাদের প্রতি দয়ার্দ্র হন। তিনি শর্তগুলো শিথিল করেন এবং একটি বা দুটি শর্ত কেটে দেন। তারা আবার আলোচনায় বসে এবং তারা এটাকে রাশিয়ার সন্মানের জন্যে হ্মকি মনে করে।

এক উপত্যকায় একজন সামান্য মুজাহিদ। এখন পর্যন্ত সেখানে গাড়ি প্রবেশ করে না। সেখানকার জমি এখনো আবাদ হর নি। রুশরা ভাবে, এই ব্যাটা যা ইচ্ছা তাই আমাদের ওপর চাপিয়ে দেবে, তা হতে পারে না। আহমদ শাহ মাসউদের বিরুদ্ধে যুদ্ধের পরিকল্পনা করতে সোভিয়েত রাশিয়ার প্রতিরক্ষা-মন্ত্রী সপোলত নিজে সেখানে আসে। যুদ্ধের সার্বিক পরিকল্পনা করতে সে তার সঙ্গে দুইজন জেনারেশকে (বা দুইজন মার্শাল) নিয়ে আসে। আফগানিস্তানে নিযুক্ত তাদের গোয়েন্দারা তাদেরকে জানায় যে, 'আহমদ শাহ মাসউদকে দেশের সব যুবকই পছন্দ করে।' আলহামদ্দিলাহ, আপনরা যুবকদের পকেটে আহমদ শাহ মাসউদের ছবি দেখতে পাবেন। রুশরা বলে, তাহলে তো সে তার জাতির লোক। হটা তারা সত্যই বলেছিলো এবং সেটাই ছিলো বাস্তব।

তারা পরিকল্পনা করে যে পানশিরে একানু হাজার রুশ সেনা প্রবেশ করবে ৷ অধচ সেখানে ছিলো মাত্র চার হাজার মুজাহিদ্ প্রথম তিনদিনের প্রতিদিন ছয়শো বিমান হামলা হবে। প্রতিটি হামলায় জংশ নেবে প্রায় তিরিশটি বিমান। অর্থাৎ, আপনি কল্পনা করুনা, ছয়শো হামলা, অর্থাৎ পানশিরে একদিনে চবিবশ হাজার টন বিক্লোরক কেলা হবে। সংখ্যাটি ভূপ নয়, পানশিরে একদিনে বিস্ফোরক ফেলা হবে চবিবশ হাজার টন। এক কেজি বিস্ফোরক দিয়ে প্রায় বিশটি বোমা বানানো যায়। তাহলে একটন দিয়ে কতোগুলো বোমা বানানো যাবে? বিশ হাজার বোমা বানানো যাবে। এই সংখ্যাটিকে চবিবশ হাজার দিয়ে গুণ কক্ষণ। দেখুন কভো হয়। মানে ৪৮,০০,০০,০০০টি বোমার সমপরিমাণ বিক্ষোরক ফেলা হবে প্রতিদিন। এর ফলে কী ঘটে? বরফ গলে এলাকা প্লাবিত হয়। কাহিনি অনেক লখা। যাই হোক। মুজাহিদরা ট্যাঙ্ক ধ্বংস করার জন্যে উপত্যকায় মাইন পুঁতে রাখে। রুশরা তাদের ধারণামতে যে-পথ দিয়ে পানশিরে প্রবেশ করবে সে-পথে মুজাহিদরা সারি সারি মাইন বিছিয়ে রাখে। উপত্যকার বাইরেও তারা মাইন বিছিয়ে রাখে। উপত্যকার ভেতরে তারা ওত পেতে থাকে ট্যাঙ্ক ধ্বংস করার জন্যে। রুশরা একই সঙ্গে ওপর থেকে বিমান হামলা করছিলো এবং ञ्चलथ पितः हो। क नित्य अभित्य जामहित्ना। अथम पिन हे। कशका अत्य করে। এদিকে পানশিরে মুজাহিদদের ধ্বংসের খবর শোনার জন্যে সপোলভ তার আস্তানায় বসে ছিলো। তবে তার কাছে মুজাহিদদের ধ্বংসের কোনো খবর আন্সে না। খবর আন্সে, 'সামরা পানশিরে প্রবেশ করে মাইন ছাড়া তার কিছুই পাই নি। আমাদের অনেক ট্যাক্ক ধ্বংস হয়ে গেছে।' এই খবর শোনার পর সপোলভ এতোটাই হতভদ হয়ে যায় যে তার হাত থেকে কলম পড়ে যায়। কর্মকর্তারা তাকে জিজেন করে, 'আপনার মনোভাব কি, কী মনে হয়। আপনার?' সে বলে, 'আমরা যুদ্ধে হেরে গেছি।'

সেদিন রাতে বিভিন্ন দেশের রাষ্ট্রদৃতদের সম্মানে রুশ দৃতাবাস কর্তৃক আয়োজিত এক নৈশভোজের অনুষ্ঠান ছিলো। যথারীতি সেখানে রুশ রাষ্ট্রদৃত উপস্থিত ছিলেন। ফরাসি রাষ্ট্রদৃত রুশ রাষ্ট্রদৃতকে জিজ্ঞেস করলেন, 'আপনারা কি পানশিরের সবাইকে জবাই ফরে ফেলেছেন?' জ্বাবটা রুশ রাষ্ট্রদৃতের জানা ছিলো। তাই সে তার মাথা নিচু করে রাখে। চা-পানপর্বের আগেই সে জলসা থেকে বেরিয়ে যায়।

কুদ্ধ তরু হওয়ার পর ছয়মাস পেরিয়ে যায়। রুশ বোমারু বিমান একেক দিন কাবুদের খাজারাওয়াশ থেকে, বাগন্নাম থেকে, কালাদিহ থেকে আসতো এবং পানশিরে হামলা করে ফিরে যেতো। আবার রাশিয়া থেকেও একদিনের জন্যে আসতো বোমারু বিমান। সকালে আসতো এবং পানশিরে হামলা করে রাশিয়ায় ফিরে ফেতো। সকালে বখন বিমান আসতো, বারওয়ান ও কাবিসার বাসিন্দারা বিমান দেখার জন্যে কান্নাকাটি করতো। তারা থাকতো পাহাড়ের চূড়ায়। পাহাড়ের চূড়ায় বিহানো থাকতো মাইন। সেখানে রুল কমান্ডোরা নামতো। পাহাড়ের চূড়াতেই তারা কমান্ডোদের সঙ্গে যুদ্ধে লিও হতো। কমান্ডোরা তাদেরকে উপত্যকার দিকে নিয়ে আসতো। উপত্যকায় তাদের ওপর বোমারু বিমান বোমা বর্ষণ করতো। ট্যাঙ্কগুলো উপত্যকায় প্রবেশ করে তাদেরকে পুড়িয়ে মারতো।

#### রাশিয়ার পরাজয় স্বীকার

জিহাদ! জিহাদ আপনাদের অপহন্দ। আল্লাহপাক বলেছেন---

كتب عليكم القتال وهوكره لكم

'তোমাদের ওপর জিহাদ ফর্ম করা হয়েছে অথচ তা তোমাদের অপছন্দ।' [সুরা বাকারা : আয়াত ২১৬]

আন্তাহপাক তাদেরকে সাহায্য করেছেন। তাদের থৈর্যের কারণে আত্তাহপাক তাদেরকে সাহায্য করেছেন। কেউ কেউ বলেন, রাশিয়া আফগানিস্তান থেকে সরে এসেছে। কে আপনাকে বলেছে রাশিয়া আফগানিস্তান থেকে সরে এসেছে? আফগানিস্তানের ভেতরে রাশিয়ার দর্প চূর্ণ হয়েছে। তারা সেখানে ক্ষতবিক্ষত হয়েছে। মিখাইল গর্বাচেড<sup>০৫</sup> বলেছেন, আফগানিস্তানে আমাদের প্রবেশ ছিলো ভূল পদক্ষেপ। আফগানিস্তানে প্রবেশের কলে আমাদের অর্থনীতি বিপর্যস্ত হয়েছে। রুশ বাহিনীর কমান্তার, তিনিও আফগানিস্তান থেকে ফিরে গিয়েছিলেন, বলেন, এই দিনটির জন্যেই আমার কয়েক বছর আগে অপেক্ষায় ছিলাম।

রুশ টেলিভিশনে এক সৈনিকের সাক্ষাৎকার নেয়া হয়। সাংবাদিকরা তাকে জিজ্ঞেস করেন, যুদ্ধক্ষেত্রে আপনাদের অবস্থা কেমন ছিলো? সৈনিকটি বলে, আমরা যখনই 'আল্লান্ড্ আকবার' গুনভাম, আমাদের কাপড়ে পেশাব করে দিতাম।

<sup>&</sup>lt;sup>প্র</sup> মিধাইল সেপ্টেয়েভিচ গর্বাচেত রাশিয়ার স্টাত্রোপোল ক্রিইর প্রিভোলনোইতে ১৯৩১ সালের ২রা মার্চ জনুগ্রহণ করেন। সোভিয়েত ইউনিয়নের প্রেসিডেন্ট (১৫-০৩-১৯৯০-২৫-১২-১৯৯১)। কেন্দ্রীয় পরিষদের সদস্য (২৭-১১-১৯৭৯-২৪-০৮-১৯৯১)। ২০০৮ সালে তিনি এবং আলেক্সাভার লেবেদেত ইনভিপেনডেন্ট ডেমোক্র্যাটিক পার্টি অব রাশিয়া গঠনের যেবেণা দেন। এর আগে তিনি ২০০১ সালে তিনি সোশ্যাল ডেমোক্র্যাটিক পার্টি এবং ২০০৭ সালে ইউনিয়ন অব সোশ্যাল ডেমোক্র্যাটিক করেন।

আপনারা কি মনে করেন বিষয়টি খুব সহজ ছিলো? রাশিয়া ছিন্নবিছিন্ন হয়েছে। ইমাম শামেলের সঙ্গে তাঁর যুদ্ধের অভিজ্ঞতা বর্ণনা করে প্লাপোভ বলেন, আমরা ককেশাসে বে-পরিমাণ সৈন্য হারিয়েছি তারা মিসর থেকে জাপান পর্যন্ত সব দেশ জয় করার জন্যে যথেষ্ট ছিলো। রুশ বাহিনী যদি আফগানিস্তানে থাকতো ভাহলে রাশিয়া ধ্বংস হয়ে যেতো। ফ্রাঁসোয়া মিটারেভ<sup>৩৬</sup> তাদেরকে বলেন, আফগানিস্তান রুশ সাম্রাজ্যের দেহে এক ভয়ন্তর কর্কট, তা দিন দিন তাদেরকে থেয়ে ফ্রেগছে।

আমেরিকা... আমেরিকা আফগানদেরকে ভয় পেতে গুলু করে। তারা তখনো আফগানিস্তানের ভেতরে। কিছু বই লেখা হয় এবং সেগুলো আমেরিকার বাজারে ছড়িয়ে দেয়া হয় : আফগানেরা রাশিয়ার ওপর ঝাঁপিয়ে গড়েছে। দক্ষিণে যেসব মুসলমান রয়েছে তালের মাধ্যমে তারা রুশ সাম্রাজ্যের ওপর ঝাঁপিয়ে গড়বে। তারপর তারা ইউরোপে প্রবেশ করবে। তারপর, হে আমেরিকা, তোমাকেও ইউরোপের মধ্যছলে মুসলমানদের সঙ্গে লড়াইয়ে নামতে হবে।

ইউরোপীয়রা বলগো, তুর্কিরা আবার ফিরে এসেছে। আফগাদরা ফিরে এসেছে, যেনো আবার তোমরা পাঁচ শতাধীব্যাপী তাদেরকে কর জিযিয়া প্রদান করঃ

তাই গোটা পৃথিবী আঞ্চগানদের এই 'বেড়ে যাওয়া' নিবৃত্ত করার প্রচেষ্টার একত্র হয়। হ্যাচার ম্যান, এক বিখ্যাত আমেরিকান ইহদি, তিনি মার্কিন সরকারকে বলেন, What we have done? We have awakened the giant! আমরা কী করেছি? আমরা তো দৈত্যদেরকে জাগিয়ে তুলেছি। আফগানিস্তানে জিহাদ ছিলো ধৈর্য, কুরবানি, ত্যাগ ■ তিভিক্ষা, দীনের জন্যে অহ্মিকা ও আত্যদানের এক উৎকৃষ্ট জীবন্ত উদাহরণ। তা ছিলো এই দীনের শক্রদের জন্যে একটা শিক্ষা। একারণেই রুশ বাহিনী আফগানিস্তান থেকে পিছু হটার পর বড়ো বড়ো সোজিয়েত নেতা বৈঠকে একত্র হন এবং জনমের জন্যে তওবা করেন। তারা শীকার করেন যে, আমরা সাধারণত সমাজতান্ত্রিক কোনো দেশ ছাড়া পৃথিবীর আর দেশে লাল সেনাদের পাঠাবো না। এখন রাশিয়ার দক্ষিণ দিকে ইসলামি ভৃখণ্ডকো অন্থির হয়ে পড়েছে। তাজিকিস্তানে সত্তর বছর ধরে কুরআনের নাম শোনা যায় নি, অখচ গত পাঁচ মাসে জারবি ভাষার কুরআন পাঠ ওক হয়েছে এবং আরবি ভাষার আ্যান দেয়া তক্ত দেয়া হয়েছে।

<sup>&</sup>lt;sup>20</sup> পুরো নাম ফ্রাঁসোয়া মরিস অদ্রিন মেরি মিটারেড। জন ২৬ শে অটোবর, ১৯১৬ সালে ফ্রান্সের জ্বার্নাকে এবং মৃত্যু ৮ই জানুয়ারি ১৯৯৬ সালে প্যারিসে। ক্রান্সের একুশতম গ্রেসিডেন্ট (২১ শে মে, ১৯৮১–১৭ই মে ১৯৯৫)।

### সম্মান ও আত্মমর্যাদাবোধ

জিহাদ... হাঁা, কঠিনই বটে। জিহাদে আছে ত্যাগ ও তিক্ততা। তবে তা মিষ্ট। জিহাদের ফল হচ্ছে দুনিয়ার সৌভাগ্য ও আখেরাতের সৌভাগ্য। বিশ্বের সব মুসলিম আফগানদের পাগড়িকে সম্মান জানাতে তাদের মাথা উঁচু করেছেন। এই পাগড়ি বিশ্বের সব জায়গায় সম্মানের প্রতীক হয়ে দাঁড়িয়েছে। আমি একবার আফগানি টুপি পরে যুক্তরাষ্ট্রে রাস্তায় হাঁটছিলাম। মার্কিনরা দেখলাম আমার দিকে বিস্ময়ের দৃষ্টিতে তাকাচেছ, লোকটাকে তো আফগান মনে হচ্ছে।

রব্বানী বসে ছিলেন। মার্কিন পররাষ্ট্রমন্ত্রী আর্মাকোস্ট (Michael Hayden Armacost) এলেন। তিনি রব্বানীকে সালাম দিলেন। রব্বানী তাঁকে সালাম দিতে দাঁড়ালেন। আর্মাকোস্ট বললেন, না, না, জনাব, আপনি দাঁড়াবেন না। আপনি দাঁড়াচেহন কেনো। আপনি কারো জন্যে দাঁড়াবেন না, আপনার জন্যে সবাই দাঁড়াবে। মার্কিন পররাষ্ট্রমন্ত্রী আর্মাকোস্ট রব্বানীকে বলছেন, জনাব, আপনি দাঁড়াবেন না।

এটা তায়েক্ষের ঘটনা। রাশিয়া মরণপণ লড়াইয়ের পর মুজাহিদদের সঙ্গে আলোচনায় বসতে চায়। রকানী ভাদেরকে জানান, আমাদের কয়েকটি শর্ত আছে। রাশিয়া জানায়, আমরা আমাদের কেংনো এলাকায় আলোচনায় বসতে পারি। রব্বানী বলেন, না। ইসলামি কোনো দেশে বসা যেতে গারে। তা সৌদি আরব বা পাকিস্তান হতে পারে। এই কথা বলে তিনি হেঁটে চলে যান। কিছুদিন পর রাশিয়া জানায়, আমরা সৌদি আরব বা পাকিস্তানে বসতে রাজি আছি। পাকিন্তান রাশিয়াকে জানায়, রব্বানী এখন ওমরা পালন করতে সৌদি আরবে রয়েছেন। আপনারা সৌদি আরবে তাঁর সঙ্গে যোগাযোগ করুন। ব্রাশিয়া সৌদি আরবে বকানীর সঙ্গে যোগাযোগ করে। তারা জানায়, আপনার সঙ্গে দেখা করতে সৌদি আরবে আসতে আমরা প্রস্তুত। রব্বানী তাদেরকে জানান, আপনারা আগে মৌদি সরকারের সঙ্গে যোগাযোগ করুন। সরকার আপনাদেরকে এখানে আসার অনুমতি দেয় কিনা দেখুন। কারণ, আপনাদের তো ভিসা নেই। রাশিয়া সৌদি সরকারের সঙ্গে যোগাযোগ করে। আপনারা কি আমাদেরকে সৌদি আরবে প্রবেশের অনুমতি দেবেন? আমরা রকানীর সঙ্গে দেখা করতে চাই। রাশিয়া তখন যুদ্ধে বিপর্যন্ত। সৌদি সরকার জানায়, আপনারা সৌদি আরবে প্রবেশ করতে পারেন। রাশিয়ার প্রতিনিধিদল যখন রকানীর সঙ্গে দেখা করে, রকানী তাদেরকে বলেন, তিনটি শর্ডে আমরা আপনাদের সঙ্গে আন্সোচনায় বসতে রাজি আছি।

 আপনারা আমাদের পূর্বে বৈঠকে প্রবেশ করবেন এবং আমরা প্রবেশ করার পর আপনারা উঠে দাঁড়াবেন।

- ২. আমরা আপনাদেরকে সালাম দেবো না :
- অাপনারা ভবিষ্যতে কখনো সরকারের বিষয় নিয়ে আলোচনা
  করবেন না। [নাজিবের সরকারের কথা বলা হচেছ।] এই বিষয়ে
  কোনো কথা বলবেন না। আপনারা কি রাজি আছেন?

হাঁ, রাশিয়া রাজি হলো। তারা তখন বিপর্যন্ত, ক্ষতবিক্ষত। তারা মুজাহিদদের সঙ্গে আলোচনায় বসতে চায়। শেষ পর্যন্ত মুজাহিদরা আলোচনায় বসলেন এবং স্পষ্ট ঘোষণা করলেন, এই দিনের পর তারা কখনো রাশিয়ার সঙ্গে আলোচনায় বসবেন না। রাশিয়ার প্রতিনিধিদল বৈঠক শেষে যখন বেরিয়ে এলো, তাদের সঙ্গে মুজাহিদদের পক্ষ থেকে এক টুকরো কাগজও নেই।

এই সম্মান, কীসের সম্মান এটাঃ এই উচ্চ মর্যাদা, এই প্রশংসা, এই আত্মসম্মানবাধ কীসের জন্যে? একারণেই গোটা পৃথিবী আফগানদের জিহাদের ফলাফলে সম্ভষ্ট হতে পারে নি। এটাই বাস্তবতা। তারা সব সময় আফগান জিহাদ এইভাবে শেষ হওয়ার অপেক্ষায় ছিলো।

### ইসলামি পরিভাষার প্রভ্যাবর্তন

পশ্চিমা বিশ্ব ও আমেরিকা ভেবেছে আফগানিস্তানের বিষয়টি হচ্ছে রাশিয়ার বাড়াবাড়ি ও তাদের বিলাসিতা। এটা রাশিয়ার ব্যাপক বিলাসিতা ছাড়া কিছু নর। রাশিয়ার শক্তির বাড়াবাড়ি এবং তাদের অর্থের বিলাসিতা। কিন্ত আসলে কি তাই? আল্লাহপাক বলেছেন, তোমরা ধৈর্য ধারণ করো, বিজয় ও মর্বাদা গ্রহণ করো। আমি জানি না তারা কিভাবে ধৈর্ব ধারণ করেছে। আমি বখন সিরাতের গ্রন্থগুলোতে পড়তাম, মুসলিম সেনাবাহিনী কোনো বেতন ছাড়াই যুদ্ধ করেছেন, আমার বিশ্বাস হতে চাইতো না! কীভাবে আপনি বেতন ছাড়া জিহাদ করবেন? কোনো এক তারকা বা দৃই তারকার প্রতীক নেই, কোনো ব্যাজ্ঞ নেই, কোনো পদবি নেই, কোনো ঞ্চিতা নেই। কীভাবে তারা জিহাদ করে? আমি অর্ধমিলিয়ন আঞ্চগানকে জিহাদ করতে দেখেছি এবং কমান্ডারের কাছে তাদের চূড়ান্ত চাওয়া হচ্ছে খাদ্য ও প্রয়োজনীয় সামগ্রী। তারা পর্বান্ত বাবার পেতো না। অথচ তারা জীবনে অনেক মূল্যবোধ ফিরিয়ে এনেছে। 'মুজাহিদ' শব্দটা তারা বিশ্বের জন্যে অগরিহার্য করে দিয়েছে। তবে কতিপয় আরব সাংবাদিক তাদেরকে 'মুজাহিদ' স্বীকার করতে ও স্বীকৃতি দিতে নারাজ। পশ্চিমারা তাদেরকে যে-নামে অভিহিত করতো তারাও তাদেরকে সে-নামে অভিহিত করতো। তারা তাদেরকে বলতো বিদ্রোহী... ইত্যাদি ৷ কম সংখ্যক আরবই এই ধারণা পোষণ করতো, না... তারা তো বিদ্রোহী। আরবদের হয়তো বুঝে আসবে!

আরবরা তাদেরকে বললো, 'তোমরা তো শরণার্থী।' আফগানরা বললো, 'না, আমরা মুহাজির। আমরা শরণার্থী নই। আমরা পালিয়ে এসে খাদ্যের জন্যে আশ্রয় গ্রহণ করি নি।'

প্রথম দফায় পাঁচ মিলিয়ন মুসলমান তাদের ঈমানকে সঙ্গী করে ঘরবাড়িছেড়ে পালিয়ে চলে যায়। তাদের উচিত ছিলো দমানের সঙ্গে আফগানিস্ত ানের ভেতরেই থাকা। সেখানেই তারা সুন্দর জীবনযাপন করতে পারতো। কিন্ত তারা ঈমান ও দীনকে সঙ্গী করে পালিয়ে যায়, যাতে তারা আফগানিস্ত ানের বাইরে থেকে জিহাদে সহযোগিতা করতে পারে। 'গনিমত', 'ফায়', 'ইমারত' ইত্যাদি পরিভাষা তো আমরা ভুলেই গেছি।

আমি আমাদের এক অধ্যাপকের একটি বই পড়েছিলাম। সেই অধ্যাপক এটা
লিখতে লচ্জাবোধ করেছেন যে, জিহাদের একটি সিদ্ধান্ত হচ্ছে 'সাল্ব' বা
নিহত শক্তর সব সামগ্রী নিয়ে নেয়া। 'সাল্ব' কথাটি লিখতে তিনি লচ্জাবোধ
করেছেন। কীভাবে তিনি এটি লিখবেনং কেননা, পশ্চিমারা এর অর্থ করবে
'লুঠন বা ছিনতাই করা'। ['সাল্ব'-এর শান্দিক অর্থ লুঠন করা; ছিনতাই
করা; ছিনিয়ে নেয়া।] অথচ হাদিসে এসেছ, من قبل قبيلا قله سلبه হাদিসে এসেছ, من قبل قبيلا قله سلبه গাদিসে এসেছ, من قبل قبيلا قله سلبه গাদিসে এবেছ, اسابة তার দাককে হত্যা করবে সে তার সামগ্রীর মালিক হবে।' অর্থাৎ আমরা তার
টাকা-পয়সা, তার তরবারি ও অন্ত এবং তার ঘোড়া নিয়ে নেবো।
নাউবুবিল্লাহ! কীভাবে আমরা পশ্চিমাদের জন্যে লজ্জাবোধ করিং
অধ্যাপকদের লজ্জা হয় মিসকিনদের জন্যে আর আমরা লজ্জিত হই
অধ্যাপকদের জন্যে। আমরা তাঁদের মতাদর্শের জন্যে লজ্জিত হই। তাঁরা
পশ্চিমাদের কারণে ভাঁদের দীন প্রকাশে লজ্জাবোধ করেন, তাঁদের রবের
আদেশ প্রকাশে লজ্জাবোধ করেন।

আফগানরা আরেকবার নতুনভাবে ইসলামকে পুনরুজ্জীবিত করেছে। তারা তাদের সংবিধানে লিপিবদ্ধ করেছে, এই ইসলামি জিহাদি রাষ্ট্রের আবশ্যক কর্তব্য হলো কাবুলকে মুক্ত করার পর বায়তুল মুকাদ্দাসকে মুক্ত করা। তারা তাদের সংবিধানে এই কথা লিখেছে। হে বিশ্ববাসী, তারা তোমাদের সঙ্গে লড়াই করবে। বে পশ্চিমা বিশ্ব, তারা তোমাদের সঙ্গেও লড়াই করবে। আর হে ইইদিরা, গোটা পৃথিবী তোমাদের ওপর ঝাঁপিয়ে পড়বে। তখন বুদ্ধিজীবীরা বললেন, না, না, সংবিধানের এই নীতি পান্টাতে হবে। আমার বুঝে আসে না, ইসলামি আকিদায় বিশ্বাসীরা, দীনে বিশ্বাসীরা কীভাবে এই শোচনীয় পর্বায়ে পৌছালেন?

## মুসলিম সমাজ-প্রতিষ্ঠার কৌশল : দাওয়াত ও তরবিয়ত

আমি একটি মিশন নিয়ে বের হয়েছি: মুগগিম সমাজ প্রতিষ্ঠা — ইসলামি দাওয়াত ব্যতীত মুসলিম সমাজ প্রতিষ্ঠা সম্ভব নয়। মুসলিম যুবকদের প্রথমে আল্লাহর দীনের ওপর গড়ে তুলতে হবে; তাদেরকে আল্লাহর ভয় ও পরহেযগারি শেখাতে হবে; নামায, রোযা, দৃষ্টি অবনত রাখা, জিহ্বা হেফাযত করা, পাপ থেকে শরীরের অঙ্গ-প্রত্যঙ্গ হেফাজত করা ইত্যাদি শেখাতে হবে। তাদেরকে আত্মসম্মানবোধ, ভয় থেকে মৃক্তি, বিশেষ করে জীবিকার ভয় থেকে মৃক্তি, একনিষ্ঠ ইমানী চেতনার ওপর গড়ে তুলতে হবে। কেননা যা ঘাড় ও মেরুদণ্ড ভেঙ্গে দেয় তা হচ্ছে জীবিকা-রোজগারের ভয়। সংবাদবিনিময় ও গোয়েন্দাকার্যক্রম এমন এক,জটিলতায় এসে দাঁড়িয়েছে যে তার সমাধান সম্ভব নর। জটিল অপচছায়া মুসলিম যুবকদেরকে সবসময় সর্বত্র তাড়িয়ে বেড়ায়। সুতরাং ভয় থেকে মৃক্তির বিকল্প নেই; জীবিকার ভয়, জীবনের ভয় ও রোজগারের ভয় থেকে অবশ্যই মুক্ত থাকতে হবে। এভাবে তরবিয়ত দেয়ার পরই মুসলিম যুবকেরা ইসলামি স্রোতধারা, ইসলামি আন্দোলন ও ইসলামি সমাজ প্রতিষ্ঠায় সক্ষম হবে। এটা তখনই সম্ভব হয়ে যখন আল্লাহর শত্রুদের বিরুদ্ধে সমান ধারাবাহিকতায় জিহাদ অব্যাহত পাকবে। সমাজে ইসলামি শ্রোতধারা গতিময় হওয়ার ফলে ইসলামি উম্মাহর শক্তির বিকাশ ঘটবে । ইসলামি আন্দোলনের সততা, একনিষ্ঠতা, ত্যাগ ও জিহাদের ফলে তা এক সময় এর চারপাশে বিরাজমান সকলের নেড়ত্ত্বের উপযোগী হিসেবে বিকশিত হবে। তখনই দীনের কল্যাণে যেকোনো পরীক্ষার মুখোমুখি হতে কোনো জটিলতা থাকবে না। আগুনের ওপর দিয়ে চলতে কোনো সমস্যা হবে না এবং জ্বলম্ভ চুক্লিতে খাঁপ দিতেও কোনো বাধা থাকৰে না। ইসলামি আন্দোলনের অধিকাংশ সম্ভানই আল্লাহর পথে নিজেদের উৎসর্গ করবে। যুদ্ধক্ষেত্রে ভারাই লড়াইয়ের অগ্রভাপে থাকবে এবং শাহাদাভ বরণ করবে। আফগানিস্তানে এখন ইসলামি আন্দোলনের শতকরা নকাই ভাগ কর্মী যুদ্ধে শহীদ হচ্ছেন। শতকরা সকাই ভাগ।

একবছর আগে হেকমতিয়ার আমাকে বলেছিলেন, 'আমি জিহাদের শুক্ততে সাতানকাই জন কমাভার যুদ্ধে পাঠিয়েছিলাম। এখন মাত্র আট জন জীবিত আছেন; বাকি উন্নকাই জন শহীদ হয়েছেন।' শতকরা দশ জনমাত্র কর্মী জীবিত আছেন। তাঁরা বেঁচে আছেন মানুষের ভালোবাসায় ও শ্রদ্ধায়। তাঁরা প্রত্যেকে এই কামনা করেন যে, তিনি যদি তাঁর আজাকে আল্লাহর রাহে উৎসর্গ করতে পারতেন। আফগানিস্তানের অভ্যন্তরে ইসলামি আন্দোলনের বাণী সম্মান ও মর্যাদার বিষয় হয়ে দাঁড়িয়েছে। কেননা ইসলামি আন্দোলনের কর্মীরাই যুদ্ধে ঝাঁপিয়ে পড়ছে এবং অগ্রণী ভূমিকা পালন করেছে। তারাই

মুসলিম উন্মাহর শক্তিকে বিকশিত করছে। তারাই ইসলামি কাফেলাকে পথ দেখিয়ে এগিয়ে নিয়ে চলছে। আল্লাহপাক যাঁদের জীবিত রেখেছেন, জিহাদের অর্জনকে রক্ষা করার জন্যেই জীবিত রেখেছেন। ইসলামি দাওয়াত ব্যতীত মুসলিম যুবকদের অন্তরে আল্লাহর ভয় সৃষ্টি হবে না এবং তারা জীবন-জীবিকার তয় এবং দুনিয়া ও মানুবের ভয় থেকে মুক্ত হবে না। কেউ যদি প্রশিক্ষণ ছাড়াই অন্ত ধারণ করে এবং যুদ্ধ করতে চায় তাহলে সে অপরাধ ঘটাবে এবং নিজে ধ্বংস হবে। ইসলামি দাওয়াতও এরকমা দীর্ঘ সময় তা চলবে, সে-সময় কোনো জিহাদ থাকবে না। ইসলামি আন্দোলনের জন্যে শহীদ হওয়ার বিষয়টিও তাই। শহীদ হতে হবে চূড়ান্ত সময়ে। ইসলামি আন্দোলন ও ইসলামি দাওয়াত পরস্পর সম্পর্কিত এবং সম্পূরক। সুতরাং ইসলামি দাওয়াতের কোনো বিকল্প নেই। দীর্ঘসময়ব্যাপী তরবিয়তেরও (প্রশিক্ষণ ও দীক্ষা) কোনো বিকল্প নেই। এবং সবশেষে জিহাদেরও কোনো বিকল্প নেই। এবং সবশেষে

আমি এই সিদ্ধান্ত জানাতে চাই যে, গৃথিবীর যেকোনো ইসলামি আন্দোলনের পক্ষে পৃথিবীর বেকোনো তৃখণ্ড ইসলামি ভ্রুমত প্রতিষ্ঠা করা সম্ভব নয়, যদি মানুবের সন্দতি ও সহারতা তাদের সঙ্গে না থাকে। কেননা এই যুদ্ধ দীর্ঘ এবং প্রয়োজন আনেক। ইসলামি দাওয়াতের কর্মীসংখ্যা কম। তারা দীর্ঘসময়ব্যাপী বিশাল যুদ্ধের প্রয়োজন মেটাতে পারবে না। আমার কথা এটাই। আমার এই মিশনের কথা হচ্ছে, মুসলিম যুবকদেরকে কুরআন-সুনাহ, তাওহিদ, আল্লাহ ও তার রাসুলের ভালোবাসা, ত্যাগ-তিতিক্ষা ও জিহাদের ভালোবাসার ওপর গড়ে তুলতে হবে। রিপুকে দমন কয়া, কুপ্রবৃত্তির ওপর জয়ী হওয়া, নিজের পহন্দের ব্যক্তিত্ব ও নিজ দলের প্রতি পক্ষণাতিত্ব কয়া থেকে দ্রে থাকা এবং যেখানে যেটা সত্য সেখানে সেটা উচ্চারণ কয়া হত্যাদি বিষয়ের ওপর তরবিয়ত দিতে হবে। মুখ ও গোগনাসের কুপ্রবৃত্তি, বিশেষ করে মুখের কুপ্রবৃত্তি—যখন যা মুখে আসে তাই বলে কেলা এবং যখন যা সামনে আসে তা-ই খেয়ে ফেলা—থেকে মুক্ত থাকার প্রশিক্ষণ দিতে হবে। কেননা রাসুল সাল্লাল্লাহ্ন আলাহি ওয়া সাল্লাম বলেহেন সিহল বিন সা'দ য়া, থেকে বর্ণিত)—

তেকা থানি আমার পক্ষ থেকে তার মুখ ও লজ্জাস্থানের যিন্দাদার হয়। (হেকাযত করে), আমি তার পক্ষ থেকে জান্নাতের যিন্দাদার হবো। তি

<sup>&</sup>lt;sup>৩৭</sup> সহি<mark>ত্ন বুধা</mark>রি : হাদিস ৬৪৭৪।

৭৬। ফিলিন্তিনের স্মৃতি

আমরা যখন যুবকদেরকে এইসব বিষয়ের তরবিয়ত ও প্রশিক্ষণ দেবো, তারা মানুষের মান-সন্মান-সম্ভম, তাদের ধন-সম্পদ এবং তাদের রক্তের ব্যাপারে নিরাপদ ও বিশ্বস্ত থাকবে। জিহাদ হচেছ অস্ত্র বহন করা এবং যুদ্ধ করা। আগনি যখন অন্ত বহন করবেন এবং আগনার ইসলামি তরবিয়ত না থাকবে, মনের ও দেহের প্রশিক্ষণ না থাকবে, আপনি সম্রাসী কর্মকাণ্ডে জড়িয়ে যেতে পারেন। কাফেরদের বিরুদ্ধে যুদ্ধ করা বাদ দিয়ে আপনি মানুষের মাঝে তাস সৃষ্টি করে বেড়াবেন। আফগানিস্তানে সাধারণ মানুষ এবং ইসলামি আন্দোলনের কর্মীদের একটি বড়ো অংশের মধ্যে আমি এই প্রবণতা দেখেছি। আর যেসব মূর্ব ও পাপী অক্স ধারণ করে তারা মানুষের যত্ত্বণা, দুর্দশা ও ফেতনাই বৃদ্ধি করে। তাছাড়া ইসলামি আন্দোলনের কর্মীরা হবে দেশের নিরপন্তার প্রহরী। ভারা নারীদের সম্মান-সম্ভম রক্ষা করবে, মানুষের জান-মালের হেফায়ত করবে এবং তাদের দীনের হেফায়ত করবে। বিষয় এই যে, আপনি যখন অন্ত বহন করবেন এবং চারপাশে হাজারো সশত্র লোক থাকবে, আগনার মনে হবে এই এলাকায় আর কেউ নেই আমরাই সব। কখনো কেউ যদি বলে, ভোমরা অমুক মেয়েটিকে আমার জন্যে পরিবেশন করো, স্বামী থেকে এই নারীর বিচ্ছেদ ঘটাও এবং আমার সামনে নিয়ে আসো বা অমুককে ডাকো এবং তাকে টাকা পরিশোধ করতে বলো তাহলে তা হবে রুণ বাহিনীর বর্বরতার চেয়েও ভয়ঙ্কর ও নির্মম। এখানে যদি কোনো অভ্যন্তরীণ বাধা না থাকে যা আপনাকে আল্লাহর নিষিদ্ধ কর্ম থেকে বিরত রাখবে, তাহলে আপনি হয়ে উঠবেন রূপ সৈনিকের চেয়েও পাষও ও নিষ্ঠুর । তাই আমি বলতে চাই, এই দাওয়াত ও তরবিয়তের মিশন নিয়েই আমি বের হয়েছি।

ইসলামি দাওয়াত আর তরবিয়তের ফলেই আফগানিস্তানে মূজাহিদরা বিজয়ী হয়েছেন। ইসলামি আন্দোলনকে নিঃশেষ করে দেয়ার জন্যে দাউদের অভ্যুথান ঘটেছিলো। তারপর তারাকি এসেছে, হাফিজুল্লাহ আমিন এসেছে এবং তারপর রুশ বাহিনী এসেছে ইসলামি আন্দোলকে শেষ করে দেয়ার জন্যেই, কিন্তু তারা পারে নি। রুশ বাহিনী পরাজিত হয়েছে। এখন মূজাহিদরা একটি ইসলামি রাষ্ট্র প্রতিষ্ঠার ঘারপ্রান্তে। বড়ো মহান সে রাষ্ট্র। কবি বলেন—

গমহান সে-রাষ্ট্র যা বর্ণার ফলার ওপর প্রতিষ্ঠিত, মহান রাষ্ট্রের ওভাকাঞ্চীদের নিকট অপবাদ হলো মধুর মতো।

আমরা যদি কাবুল খেকে বাইতুল মুকাদাস পর্যন্ত ইসলামি আন্দোলনকে প্রসারিত করতে চাই তাহলে এটাই পথ : ইসলামি দাওয়াত; যুবকদেরকে ইসলামের ওপর তরবিয়ত করা। তাঁরা বিশ্বাস, ধৈর্য ও শুদ্ধচিন্তা নিয়ে অন্তর্ধারণ করবে এবং যুদ্ধক্ষেত্রে লড়াই করবে। তখনই তারা বিজয়ী হবে। এটা ছাড়া আমাদের সব প্রচেষ্টার ফল হবে পানিতে চারা রোগণ করা আর বাতাসে বীজ বপন করার মতো। কোনো গান্ড নেই। ব্যর্থতার ওপর ব্যর্থতা জ্মা হয়ে ব্যর্থতার পাহাড় হয়ে উঠবে। আমাদের এই আন্দোলন ঘোষণা-স্থোগান, বাক্য অপচয় আর প্রচার-প্রসারের মধ্যেই সীমাবদ্ধ থেকে যাবে। তা কোনো পরিণতিতে গৌছুতে পারবে না।

# আমার জাতি আমাকে ত্যাগ করে নি এবং নিজেদের ভর্ৎসনাও করে নি

আমরা ফিলিন্ডিনে ফিরে যাবো ৷ আমরা এখন, শুধু এখন নয়, আফগানিস্তানে প্রবেশের পর থেকেই আমরা ফিলিন্ডিনের কথা চিন্তা করেছি। আমার ইচ্ছা ছিলো, উপমহাসাগরীয় অঞ্চলে—সৌদি আরব ও কুয়েতে যেসৰ ফিলিন্তিনি যুবক কাজ করে তাদেরকে ধরে এখানে নিয়ে আসি। এখানে তারা জিহাদ দেখক, যুদ্ধ দেখুক। তারা জিহাদের তরবিয়ত গ্রহণ করুক, যুদ্ধের প্রশিক্ষণ নিক। তারা ভয়ের আগল ভেঙ্গে কেলুক এবং যুদ্ধক্ষেত্রের শিক্ষা গ্রহণ করুক। তারা হবে ফিলিন্ডিনের রক্ষিত সম্পদ। যথন ফিলিন্ডিনের জন্যে ভয়াবহ দুর্যোগপূর্ণ দিন আসবে, তারা ত্রাতার ভূমিকায় অবতীর্ণ হবে। কিন্তু হায় আফসোস! আমার জাভি আমাকে ত্যাগ করে নি ৰটে, তবে আমার কথা না শোনার জন্যে নিজেদের ভর্ৎসনাও করে নি। বরং আমি জিহাদে এসেছি বলে আমাকেই ভর্ৎসনা করেছে। তারা নিজেদেরকে এই বলে সম্ভষ্ট রাখছে যে, তারা ফিলিন্তিনের জন্যেই কাজ করছে। যেসব যুবক এখানে আফগানিত ানে একেছে আমি তাদেরকে ফিলিন্তিনের সম্পদ ভেবেছি। বাস্তবিকপক্ষে তাদের হাতেই ফিলিস্তিনের মৃক্তির সূচনা হতে পারতো। তা ছিলো একটা সুযোগ, কিন্তু সে-সুযোগ আর নেই। চুক্তির বাজারে তা শেষ হয়ে গেছে। তাতে যা লাভ হওয়ার হয়েছে এবং যা ক্ষতি হওয়ার তাও হয়েছে। ইহদিরা যখন রাষ্ট্র প্রতিষ্ঠা করতে চাইলো, তারা কোনো সুযোগ ব্যবহার করে ভাদের রাষ্ট্র প্রতিষ্ঠা করে নি। তারা কখনো গোলকধাঁধায় চক্কর খায় নি এবং বিভ্রান্তি তে পড়ে হোঁচট খায় দি। ভারা যা করেছে বাস্তবের নিরিখেই করেছে। কার্যত সেটাই যুক্তিযুক্ত ছিলো। ভারা প্রস্তুতি নিয়েছে, অপেক্ষা করেছে, ধৈর্য ধরেছে এবং ক্লান্তিবোধ করেছে।

যাঁরা মনে করেন পশ্চিমারা ইহুদিদের জন্যে রাষ্ট্র প্রতিষ্ঠা করে দিয়েছে তাঁরা কল্পনার আকাশে আছেন। এটা তাঁদের ভ্রান্তি। আসলে ইহুদিরা নিজ্ঞেদেরকে প্রস্তুত করেছে এবং ধীরে ধীরে ভাদের গভব্যের দিকে এগিয়েছে। ফিলিন্তি নের ভূমিতে রাষ্ট্র প্রতিষ্ঠার জন্যে পশ্চিমা রাষ্ট্রগুলো— আমেরিকা ও রাশিয়া তাদেরকে কেবল সহায়তা করেছে। তারা সশান্ত্র গোষ্ঠী প্রতিষ্ঠা করেছে। তারা যুক্ষে অংশগ্রহণ করেছে এবং নিহন্তও হয়েছে। প্রশিক্ষণ ও অভিজ্ঞতা লাভের লক্ষ্যে ছিতীয় বিশ্বযুক্ষের সময় তারা বিটেনের সক্ষে খুক্ষে অংশগ্রহণ করেছে। ১৯৪৪ সালে দিতীয় বিশ্বযুক্ষ থেকে তারা বের হয়ে আসে। [যুক্ষ শেষ হয় ১৯৪৫ সালে।] এরপর তারা নতুন সংকল্প, শক্তি ও অভিজ্ঞতা নিয়ে আবির্ভৃত হয়। দুইতিন বছর পর তারা এই শক্তি ও অভিজ্ঞতাকে ফিলিস্তিনি জাতির বিক্ষক্ষে কাজে লাগায়। খাটের ওপর যেমন সাঁতার কাটা যায় না, তেমনি তথু কাগজ-কলম দিয়ে জিহাদ করা বায় না। যে খাটের ওপর সাঁতার শিখেছে, তারপর বস্থুদেরকে দেখাতে নিয়ে গেছে কীডাবে সে সাঁতার শিখেছে, এটা বই সঙ্গে নিয়ে হাত-পা হোঁড়ার বিষয়টি বইয়ের লেখার সঙ্গে মিলিয়ে নেয়ার মতোই; সে সাগরে নামবে আর ফিরে আসবে না।

১৯৪৭ সালে ইহুদিরা যখন ফিলিভিনিদের সঙ্গে যুদ্ধ শুরু করে তখন তাদের প্রশিক্ষণপ্রাপ্ত সশস্ত্র সৈন্যসংখ্যা ছিলো ৭৫ হাজার। ফিলিন্তিন এবং যেসব আরব দেশ এই যুদ্ধে অংশগ্রহণ করেছিলো তাদের সব সৈন্য মিলিয়েও ৭৫ হাঙ্গার ছিলো না। তারা এই ৭৫ হাজার সৈন্যকে আরো সংহত করেছে, আধুনিক অত্তে সমৃদ্ধ করেছে ও প্রশিক্ষণ দিয়েছে এবং নতুন সৈন্য যোগ করেছে। গত তিরিশ বছরেরও বেশি সময় ধরে তারা তাদের ডিন্তি সংহত করে যাচেছ। সুতরাং এটা বলা যাবে না যে, তারা সংশ্রাজ্যবাদ ও ঔপনিবেশবাদের ফল। তারা নিজেরাই নিজেদের ভিত্তি স্থাপন করেছে এবং তা সংহত করেছে। পঞ্চাশ বছর তারা পৃথিবীতে ঘুরে বেড়িয়েছে, সম্পদ ব্যশ্ন করেছে, রক্ত ঝরিয়েছে, তারপর সফল হয়েছে। বাতিল যখন শক্তি অর্জন করে একং সহয়তা পায়, বিজয় লাভ করে। সত্য যখন তার সৈনিকদের হারিয়ে ফেলে, পরাজিত হয়। তবে হাাঁ, তখন অনেক অনুকূল অবস্থা সৃষ্টি হয়েছিলো যেওলো ইহুদিদেরকে তাদের রাষ্ট্রপ্রতিষ্ঠায় সহায়তা করেছে। এক্ষেত্রে আপনি যদি বিশ্ববড়্যজের কথা বলেন, আমি আপনার সঙ্গে একমত; আপনি যদি ফিলিস্তিনি জাতির ধোঁকাবাজির কথা বলেন, আমি আপনার সঙ্গে একমত; আরব রাষ্ট্রগুলোর দায়সারা ভাব এবং ফিলিন্তিনিদের সঙ্গে তাদের প্রতারণার কথা যদি আপনি বলেন, আমি আপনার সঙ্গে একমত। এই পরিস্থিতিগুলো ইহুদিদেরকে তাদের রাষ্ট্রপ্রতিষ্ঠায় সহায়তা করেছে। তবে একথা বলতেই হবে, এসবের তুলনায় প্রশিক্ষিত বিশাল সেনাবাহিনীর ভূমিকা অগ্রগণ্য। তারা মানেপ্রাণে বিশ্বাস করে যে ভারা তালের পিতৃপুরুষের ভিটায় প্রত্যাবর্তনের জন্যে যুদ্ধ করছে।

কতিগর নষ্ট ভিথিরি বুদ্ধিজীবী বলে থাকেন যে সম্মানিত ইহুদিদের সঙ্গে আমাদের যুদ্ধ করা ঠিক হবে না। আমরা কেবল জায়নিস্টদের বিরুদ্ধে যুদ্ধ করবো। অর্থাৎ কোনো ইহুদিকে বুলেট ছোঁড়ার আগে আমরা তার রক্ত পরীক্ষা করে দেখে নেবো যে তার রক্তে কতো ভাগ জায়নবাদ (Zionism) আছে। যদি তার রক্তে ৫৫ ভাগ জায়নবাদ থাকে তবে ভাকে হত্যা করবো, কেলনা লে জায়নিইট; আর যদি ৪৫ ভাগ থাকে তাহলে তাকে হত্যা করা যাবে না, কেননা সে সন্মানিত ইছদি। আসলে ইছদি ও জায়নবাদী (ঠাকরা বিলের মধ্যে পার্থক্য কী? হায় আফসোস! হে দার্শনিকেরা, তোমরা যদি আমাদের জানিয়ে দিতে কীভাবে আমরা ইছদি ও জায়নিইদের মাঝে পার্থক্য করবো! ভারা বলেন, ক্র্ন্ট্টিন বিলের দিকে প্রত্যাবর্তন অর্থাং যায়া আদি ইছদিবাদের দিকে প্রত্যাবর্তন করতে ভায় তারা ক্রেছ যায়া আদি ইছদিবাদের দিকে প্রত্যাবর্তন করতে ভায় তারা ক্রিকে প্রত্যাবর্তন করতে ভায় তারা ক্রিকে প্রত্যাবর্তন করতে ভায় তারা ক্রিকে প্রত্যাবর্তন দিকে প্রত্যাবর্তন, Chaim Weizmann ও এমনটি বলেছেন। একই কথা বলেছেন Theodore Herzl<sup>39</sup>-ও । তিনি ১৮৯৭ সালে জায়নবাদ (ক্রিকের করেন।

কিষ্ণ কীভাবে তা হবে? আমরা তো দেখতে পাই সবাই আদি ইহুদিবাদের দিকে প্রত্যাবর্তনে বিশ্বাসী। তারা মার্কিন হওয়া সত্ত্বেও ব্রুকলিন, নিউইয়র্ক, শিকাগো, নিউমেপ্লিকো, টেক্সাস ও ভিলার আবাসস্থল ত্যাগ করে কেন

<sup>&</sup>lt;sup>6</sup> Chaim Azriel Weizmann ২৭ শে নভেষর ১৮৭৪ সালে বেলারুশের পিনৃষ্ণ এশাকার নিকটে মোটাল প্রামে জন্মহণ করেন। জারনিস্ট অরগানাইজেশন-এর সভাপতি ভ ইসরাইলের প্রথম প্রেসিডেন্ট। ১লা ফেব্রুয়ারি ১৯৪৯ সালে প্রেসিডেন্ট নির্বাচিত হন এবং ১৯৫২ সালের ৯ই নভেষর মৃত্যু পর্যন্ত একই পদে বহাল থাকেন। তিনি রসায়নবিদ ছিলেন এবং আইনস্টাইনের সঙ্গে মিলে গবেষণা করেন। তাঁর রচিত আজ্বজীবনীমূলক গ্রন্থ Trial and Error: The Autobiography of Chaim Weizmann.

উ ১৮৬০ সালে ২রা মে হাঙ্গেরির পেস্টে এক ইন্থলি পরিবারে জন্মগ্রহণ করেন। পুরো নাম বেনজামিন জি'ইড হার্জেল। ডিয়েনা বিশ্ববিদ্যালয়ে আইন বিষয়ে পড়াশোনা করেন। লেখক, সাংবাদিক, নাট্যকার ■ রাজনৈতিক কর্মী। আধুনিক রাজনৈতিক ইন্থলিবাদের জনক হিসেবে পরিচিত। ১৯৪৮ সালে ফিলিজিনে ইন্থলি রাষ্ট্রপ্রিভিষ্ঠায় ইন্থলিবাদ প্রধান ভূমিকা পালন করে। জার দৃটি বিখ্যাত গ্রন্থ: The Jews' State এবং The Old New Land। তিনি পনেরোটিবও বেশি নাটক রচনা করেন। তরা জুলাই ১৯০৪ সালে ৪৪ বছর বয়সে অফ্রিয়া-হাঙ্গেরির ইডলাকে তার মৃত মৃত্যু হয়। ১৯৪৯ পর্যন্ত তার কবর ছিলো ভিয়েনার ডাবলিকার ফ্রেডহোক-এ। ইসরাইলি রাষ্ট্র প্রতিষ্ঠার পর তার দেহ উঠিয়ে এনে জেরুজালেমে সমাধিস্থ করা হয়। আভনার কক রচিত হার্জেলের জীবনীগ্রন্থ Herzi, King of the Jews: A Psychoanalytic Biography of Theodor Herzi ১৯৯৩ সালে ভয়ালিংটন ইউনিভার্সিটি প্রেল থেকে প্রকাশিত হয়েছে।

জেরুজালেমে এসেছে। তারা এখানে কি এসেছে কেবল একারণে যে তারা জায়নিস্ট? তারা কি ফিলিস্তিনের ভূমিতে ব্লক্ত, বুলেট আর বারুদের ভেতর বাস করছে একারণে যে তারা কেবল জায়নিস্ট? না-কি তারা সেই রাজ্য প্রতিষ্ঠা করতে চায় যেখানে বসে দাউদ আ.-এর বংশধরের কোনো সম্ভান পৃথিবী শাসন করবে? Moshe Dayan যখন ১৯৬৭ সালে মসজিদুল আকসায় প্রবেশ করেছিলেন, তিনি কী বলেছিলেন? Dayan বলেছিলেন, 'জেরুজালেম থেকে ইয়াসরিব পর্যন্ত যে-রাজ্য শাসন করা হয়েছিলো আমি এখানে দাঁড়িয়ে তার ঘ্রাণ পাচ্ছি 🕆 তিনি আরো বলেছিলেন, 'আমি খায়বার থেকে আমার পিতৃপুরুষদের ঘ্রাণ পাচিছ।' David Ben-Guerin যখন ১৯৬৭ সালে পশ্চিমতীরে প্রবেশ করেন আমি তাদের বলতে শুনেছি— পশ্চিমতীর দখলের সময় আমি সেখানে ছিলাম—ইসরাইলি সৈনিকরা মসজিদুল আকসায় প্রবেশ করে এবং বলতে থাকে, 'মারা গেছে..., হ্যা মারা গেছে..., মুহাম্মদ মারা গেছে আর কিছু অবলা তার উত্তরসূরি হয়েছে। ইসরাইলি রেভিওতে আমি তাদের বলতে ওনেছি, ডেভিড বেন গুয়েরিন ঘোষণা করেন, 'কিলিন্ডিনে প্রবেশের পরে আজকের দিনটি আমাদের কাছে সবচেয়ে মহিমাময়। পবিত্র রাজধানীর দুই প্রাপ্ত আজ একত্র হয়েছে। জেরুজালেম ব্যতীত ইসরাইলের কোনো অর্থ থাকতে পারে না। আর আদি ইছদি রাজ্য ব্যতীত জেরুজালেমের কোনো অর্থ থাকতে পারে না।' ডেভিড বেন গুয়েরিন এভাবেই বলেছিলেন। আরেকবার তিনি টেলিভিশনে পশ্চিমতীর এবং সেধান থেকে ভাদের ফিরে যাওয়া ইত্যাদি বিষয়ে বক্তৃতা করার সময় মুসলিম নেতাদের উদ্দেশে বলেছিলেন, 'আমি ধর্মপ্রাণ ব্যক্তি। আপনাদের যেমন হাসানুল বান্না<sup>৪০</sup> রয়েছেন এবং তিনি সাইয়িদ কুতুবকে

ইণ পুরো নাম হাসান বিন আহমদ বিন আবদুর রহমান আল-বারা। আরব ও ইনলামি বিশ্বের ইখওয়ানুন মুসলিমিনের প্রতিষ্ঠাতা। মিসরের কুফ্রুন্দ শায়খ জেলার মুহ এলাকায় ১৯০৬ সালে জন্মহণ করেন। শৈশবেই পরিবারের সঙ্গে বৃহায়রা জেলার মাহমুদিয়া এলাকায় চলে যান। মাদরাত্বর রাশাদ আদ-দীনিয়য়তে অইম শ্রেণি থেকে ঘদশ শ্রেণি পর্যন্ত পড়াশোনা করেন। এ-সমর তিনি শায়খ মুহাম্মদ বাহরানের চিন্তাধারায় দারুল প্রভাষিত হন। একই সময়ে তিনি স্থানীয় কয়েবটি সংক্ষারপন্থী সংস্থার সঙ্গে বৃষ্ণ হন। ১৯২০ সালে দামনাহরের মাদরাসাতৃল মুসায়িমিনে ভর্তি হন। এখানে তিনি সুফিবানী দর্শনে বৃহপত্তি অর্জন করেন। ১৯২৩ সালে কায়রোর দারুল উলুম বিশ্ববিদ্যালয়ে ভর্তি হন এবং ১৯২৭ সালে ভিপ্লোমা অর্জন করেন। কায়রো থেকেই তিনি ইখওয়ানুল মুসলিমিন প্রতিষ্ঠার ঘোষণা দেন এবং পত্রপত্রিকায় লেবালেকি ঋ জনসম্মুখে ভাষণের মাধ্যমে তাঁর বক্তব্য প্রচার করত্তে থাকেন। তাঁর অসাধারণ ব্যক্তিত্ব ঋ চমহকায় প্রকাশতিরির ফলে অল্প সময়ের মধ্যে সংগঠনটিকে দাঁড়ে করিয়ে ফেলতে সক্ষম হন। হাসানুল বায়া তৎকালীন রাজা ফারুকের রোবানলে পড়েন এবং ১৯৪৯ সাজের ১২ই ফেব্রুয়ারি আতভারীদের গুলিতে নিহত হন। রিসাপাতু হাসান আল-

দীকা দিয়েছেন তেমনি আমাকে দীকা দিয়েছেন আমাদের আত্মিক পিতা Jabinski (الأب الروحي جاينسكي)। পশ্চিমতীর থেকে কিরে যাওয়াকে আমরা তাওরাতকে অখীকার করার নামান্তর মনে করি।

আসলে বিষয়টি হচ্ছে বিশ্বাস ও আঞ্চিদার। সিন্যই যুদ্ধে ইন্রাইলের যেসব
ট্যান্ধ অংশগ্রহণ করে সেগুলোর ওপর ভাওরাতের বাণী লেখা ছিলো। আর
মিশরের পক্ষে যেসব ট্যান্ধ যুদ্ধে অংশগ্রহণ করে সেগুলোর গায়ে লেখা ছিলো

মেশরের পক্ষে যেসব ট্যান্ধ যুদ্ধে অংশগ্রহণ করে সেগুলোর গায়ে লেখা ছিলো

মেশরের পক্ষে যেসব ট্যান্ধ যুদ্ধে অংশগ্রহণ করে সেগুলোর গায়ে লেখা ছিলো

মেশরের পক্ষে যেসব ট্যান্ধ যুদ্ধে অংশগ্রহণ করে সেগুলোরী'। এই ব্যাপারগুলো

বিশ্বাস ও আফিদার জায়গা থেকে হরেছে। Moshe Dayan-এর কন্যা

Yaël Dayan তার Israel Journal: June 1967<sup>85</sup> লিখেছেন, 'যখন

শুদ্ধের দক্ষিণ ফ্রন্ট—মিসরীয় ফ্রন্ট—থেকে আয়দের কাছে শক্রের তীব্র

আক্রমণের থবর এলো যে, আমাদের সৈনিকরা শক্রের ভয়ে কম্পিত, তার

এক ঘন্টার মধ্যেই আমাদের কাছে রাবিব এলেন (ইছ্দিদের ধর্যগুরুকে

ইংরেজিতে বলে Rabbi, আরবিতে বলে ১৮৮) এবং তাওরাতের কিছু

অংশ পাঠ করে তনাজেন। তওরাতের পাঠ শুনে আয়াদের লক্ষা লান্ডিতে এবং

তর্ম প্রশান্তিতে পরিণত হলো।' ১৯৬৭ সালে মোলে দায়ান ও ডেভিড বেন

গুয়েরিন যখন জেরুজালেমে প্রবেশ করেন তখন রাব্বি তাঁদের সামনে সামনে

হেটে যাচ্ছিলেন। (এতে তাদের বিশ্বাস ও আফিদার বিশ্বয়টি প্রমাণিত হয়।)

সুলতান আবদুল হামিদের সাহসিকতা

ফিলিন্তিন কীভাবে হাতহাড়া হলো সে-কাহিনি অনেক লখা। তবে এখানে সুগতান আবদুল হামিদের ভূমিকা সম্পর্কে আলোচনা না করা আমাদের উচিত হবে না। আমাদের চিন্তা-ভাবনায় তিনি একটি গুরুত্বপূর্ণ ও সম্মানজনক আসনে রয়েছেন। একদিন দুনিয়াকে তাঁর সামনে পেশ করা ইয়েছিলো। ইহুদিরা তাঁর ব্যক্তিগত পকেটে ১৫০ মিলিয়ন পাউন্ত দিতে চেয়েছিলো। তারা আরো প্রস্তাব দিয়েছিলো, উসমানি সাম্রাজ্যের জন্যে নৌবহর গঠন করবে, জেরুজালেমে উসমানিয়া বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করবে। ভারা প্রস্তাব দিয়েছিলো, এসবের বিনিময়ে তাঁকে পশ্চিমে রাজনীতি করা থেকে বিরত থাকতে হবে। এসবের সঙ্গে ভারা আরো প্রস্তাব দিয়েছিলো,

বালা' নামে তাঁর রচনাবলি প্রকাশিত হয়েছে। ইখওরানুল মুসলিমিন মিসরের রাজনীতিতে সাত দশক ধরে ওরুত্বপূর্ণ ভূমিকা রাখে এবং বর্তমানে শ্বৈরাচারী হসনি মুবারকের পতন ঘটিয়ে সরকার গঠন করে । ২০১৩ সালের ও জুলাই সিসির অভ্যত্তানের মধ্য দিয়ে মুহান্মদ মুরসির সরকারের গতন ঘটে।

<sup>&</sup>lt;sup>65</sup> Israel Journal: June 1967 (also known as A Soldier's Diary) -1967

৮২া ফিলিস্তিনের স্মৃতি

উসমানিয়া সাম্রাজ্যের সমস্ত ঋণ তারা শোধ করে দেবে। কিন্তু সুলতান আবদুল হামিদ থিয়োডর হার্জেল-এর এইসব প্রস্তাব প্রত্যাধ্যান করেছিলেন। অবশেষে তিনি বলেছিলেন, 'তোমরা ড. থিয়োডর হার্জেল-কে বলে দাও, তিনি যেনো এ-পথে আর একটি পদক্ষেপও না করেন। আমার জাতি রক্তের বিনিমরে ফিলিস্তিনের দেখা পেয়েছে। রক্ত ছাড়া সেটা তাদের থেকে কিছুতেই নিয়ে নেয়া যাবে না। ফিলিন্তিনকে আমার সাম্রাজ্য থেকে বিচ্ছিন্ন করার চেয়ে আমার গলায় ছুরি বসিয়ে দেয়াটা আমার জন্যে সহজ হবে। আমরা জীবিত থাকতে আমাদের দেহকে বিচ্ছিন্ন হতে দেবো না।' এরপর তিনি বলেন, 'হে থিয়োডর হার্জেল, তোমার টাকা যথেষ্ট আছে। আবদুল হামিদ চলে যাওয়ার পর তোমারা মাগনাই ফিলিন্ডিন পেয়ে যাবে। আমরা যখন ছোটো ছিলাম আমাদেরকে পড়ানো হয়েছে, আবদুল হামিদ ছিলেন একনায়ক (শক্তিবলে এবং অবৈধ উপায়ে ক্ষমতাপ্রাপ্ত শাসক)। আমারা তাঁর ক্ষেত্রে একনায়কত্বের দৃষ্টান্ত পেশ করতাম। যখন আমাদের কেউ আরেকজনকে গালি দিতে চাইতো, বলতো, তুই হামিদি। মানে, তুই কিছুই বুঝিস না। আমাদের আরব সাংবাদিকেরা আবদুল হামিদের উপাধি দিয়েছেন 'রক্তনিমজ্জিত'। তাঁরা পত্রিকাতে লেখেন, লাল একনায়ক। তাঁরা কখনো আবদুপ হামিদের সঙ্গে 'সুলভান' বিশেষণ প্রয়োগ করেন না।<sup>6২</sup> মুসলমানেরা এবং ফ্রিম্যাসন গুপ্তসভ্যের কর্মীরা একত্র হয়। সুলতান আবদুল হামিদের সঙ্গে তাদের এই বিরোধের পর ইমানুয়েল কারাসু (Emmanuel Carasso বা Emanuel Karasu)80 এবং Herzl ইতালি বান। ইতালি আবদুল হামিদের কাছে একটি তারবার্তা পাঠায়। তাতে তারা এই হুমকি দেয়, 'আপনাকে নিজের প্রাণ ও সিংহাসন দিয়ে এই বিরোধের সৃশ্য পরিশোধ করতে হবে। সুলতান আবদুল হামিদ জানতেন, তিনি বিশ্বইছদি. ভাদের সম্পদ, ক্ষমতা ও তাদের প্রতিনিয়ত উন্ধানির মোকাবেলা করছেন। তুরক্ষের স্যালোনিকা ও অন্যান্য এলাকায় ফ্রিম্যাসন ব্রপ্তসজ্ঞের বড়যগ্র-বৈঠক ন্তরু হয়। তারা উচ্চপদস্থ সামরিক কর্মকর্তাদের ক্রয় করে এবং এসব বৈঠকে তাদের প্রশিক্ষণ দেয়। ১৯০৯ সালে তারা মাহমুদ শওকত পাশাকে

<sup>&</sup>lt;sup>88</sup> সূলতান দিতীয় আবদুল হামিদ স্বাধীনচেতা হলেও সভ্যবাদী আলেমদের রেহাই দেন নি। বিশ্বাভ আলেম শাখ্য ইবরাহিমসহ তিনি বহু হ্কানি আলেমকে হত্যা করেন। তাঁর অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদকারী মানুষের জন্যে তিনি পাহাড়ের পাদদেশে নির্জন কারাণার নির্মাণ করেছিলেন। কারাণারের অন্ধকার কুঠুরিতে রেখে কুধায়-নির্যাতনে মানুষকে হত্যা করেতন। হিংস্রতা ল রক্তপাতের জন্যে তিনি কুখ্যাতি অর্জন করেছিলেন। ইনি শুশুস্থিত ছিলেন। ১৮৭৬ সালে তিনি ক্ষতা গ্রহণ করেন এবং ১৯০৯ সালে ক্ষমতাচ্যুত হন। তাঁর জন্ম ১৮৪২ সালে এবং মৃত্যু ১৯১৮ সালে।

<sup>&</sup>lt;sup>10</sup> একজন ইছদি আইনজীবী।

স্যালোনিকা দুর্গের কমান্ডার নিযুক্ত করে। মাহমুদ শওকত পাষা কনস্ট্যান্টিনোপল হিরে ধরেন এবং অভ্যুথান ঘটনা। সুলতান আবদুল হামিদ পদত্যাগের চুক্তিতে সম্মত হন। শাসনক্ষমতা থেকে পদত্যাগের চুক্তিপত্র নিয়ে তাঁর সঙ্গে সাক্ষাৎ করতে যান তিনজন: কমিটি অব ইউনিয়ন এয়াভ প্রগ্রেস-এর সদস্য আরসাতাদা পাশা, ইহুদি আইনজীবী ইমানুয়েল কারাসু এবং সুলতানের ব্যক্তিগত সহকারী আরিফ হেকমত।

কাবুল থেকে জেরুজালেম : দুই : দুটি ঘটনা

২৭ শে এপ্রিল, ১৯০৯। এই রাতের দুইটি বড়ো ঘটনার কথা আমরা উল্লেখ করতে পারি। সুসভান আবদুল হামিদের শাসনক্ষমতা থেকে গদত্যাদার অর্থ ইছেনিদের হাতে ফিলিস্তিনের পতন এবং ইসলামের চিহ্ন ও অন্তিত্ব মুছে যাওয়া। তারপর আমরা প্রথম বিশ্বযুদ্দে অংশগ্রহণ করি। আমরা তুরদ্ধের বিশ্বদ্ধে বিশ্বদ্ধে বিশ্বদ্ধ কংশগ্রহণ করি। আমরা তুরদ্ধের বিশ্বদ্ধে বিশ্বদ্ধ বিশ্বদ্ধ বিশ্বদ্ধ কংশগ্রহণ করি। আমরা তুরদ্ধের বিশ্বদ্ধ উসমানিয়া সাম্রাজ্য বর্তবিধবিশ্বত হরে যায় এবং মিত্রদের মাঝে তা বিশ্বত হয়। কিছু আমাদের ভাগ্যে কী ঘটে? শরিফ হোসাইনকে সমগ্র আরবের রাজত্ব প্রদানের প্রতিশ্রুতি দেয়ার পর তাঁকে গ্রেপ্তার করা হয় এবং কারাগারে অন্তরীণ করা হয়। আরর অভ্যুত্থানের নেতা এবং ইংরেজ লেখক টমাস লরেল<sup>88</sup> তাঁর Seven Pillars of Wisdom: A Triumph প্রছে লেখেন, 'আমি গর্ববাধ করি যে, আমি তিরিশটি যুদ্ধে উপস্থিত ছিলাম সেখানে ইংরেজদের রক্ত ব্বরে নি। আমাদের শাসনের অধীনে ফেসব জাতি রয়েছে তাদের সকলের রক্তের চেয়ে একজন ইংরেজ্যের রক্ত আমাদের কাছে বেশি প্রিয়। আরব অভ্যুত্থানে আমাদের কেবল ১০ মিলিয়ন দিনারই ব্যয় হয়েছে।'

[১৯১৬-১৯১৭ সালে উসমানিয়া সাম্রাজ্যের বিরুদ্ধে আরব অভ্যুত্থান সংঘটিত হয়। ইংরেজদের মদদে শরিফ হোসাইন বিন আলি ও তাঁর পুত্র ফয়সাল এই অভ্যুত্থানে নেতৃত্ব দেন। শরিফ হোসাইনকে সমগ্র আরবের রাজত্ব প্রদান করা হবে বলে ইংরেজরা তাঁকে প্রতিশ্রুতি দেয়। কিন্তু অভ্যুত্থান সফল

<sup>&</sup>lt;sup>88</sup> পুরো নাম টমাস এ্যাভওরার্ড লরেন। ভাকনাম লরেল অব আরব। ১৮৮৮ সালের ১৬ই আগস্ট যুক্তরাজ্যের কার্নারফনশায়ারের ট্রেমাডগ এলাকায় জন্মগ্রহণ করেন। ব্রিটিশ আর্মি ব্রিটিশ এয়ারফোর্সে অফিসার ছিলেন। উসমানিয়া স্থ্রাজ্যের বিক্লম্বে আরব বিস্তোহে তিনি শুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। প্রথম বিশ্বযুদ্ধ ছাড়াও ভিনি উল্লেখযোগ্য নয়টি যুদ্ধে অংশগ্রহণ করেন। যার অধিকাংশই যটেছে আরব দেশগুলোতে। ১৯৩৫ সালের ১৯ শে নে ইনল্যান্ডের বোডিংটন ক্যান্ডেপ মৃত্যুবরণ করেন। তাঁর আরেকটি উল্লেখযোগ্য গ্রন্থ হলো Revolt in the Desert.

হওয়ার পর ইংরেজরা তাদের প্রতিশ্রুতি ভঙ্গ করে এবং শরিফ হোসাইনকে কারাগারে অভরীণ করে। ইংরেজ সামরিক কর্মকর্তা ও লেখক টমাস লরেক শরিফ হোসাইনের সঙ্গে সার্বক্ষণিক বোগাযোগ রাখেন এবং তুর্কিদের বিরুদ্ধে অভ্যুত্থানের ব্যাপারে তাঁকে উৎসাহিত করেন। এই সরেসকে 'আরব সরেক'ও বলা হয়। Seven Pillars of Wisdom: A Triumph তাঁর বিধ্যাত গ্রন্থ। এটি আরবিতে বিন্দুর নিমে জনুদিত হয়েছে।

এই অভ্যুখানের পর ইহুদিদের জন্যে আবার সব পথ উন্মুক্ত হয়ে যায়।
১৯১৭ সালের ২রা অক্টোবর [২রা নভেম্বর] ফিলিন্ডিনে ইহুদি জাতীয়তাবাদী
রাষ্ট্রপ্রতিষ্ঠার লক্ষ্যে বেলফোর ডিক্লারেশনের<sup>80</sup> প্রকাশ ঘটে। বেলফোর
ডিক্লারেশন প্রকাশের দুই সপ্তাহ আগে লেনিন<sup>86</sup> ইহুদিদেরকে প্রতিশ্রুতি দেন
যে, তিনি তাদেরকে ফিলিন্ডিনে একটি ইহুদি জাতীয়তাবাদী রাষ্ট্র গড়ে দেবেন। ১৯১৭ সালে ৬-৭ই অক্টোবর রুশ বিপ্লব [বলশেভিক বিপ্লব/
অক্টোবর বিপ্লব/ সমাজতান্ত্রিক বিপ্লব]<sup>84</sup> সংঘটিত হয়। এই অভ্যুখানের এক

<sup>&</sup>lt;sup>84</sup> এটি মূলত ২রা নডেমর ১৯১৭ সালে যুক্তরাজ্যের পররাষ্ট্র সচিব আর্থার জেমস বেলফোর কর্তৃক ব্রিটিশ ইন্থদি কমিউনিটির নেতা ব্যাবন রোধকিত-এর কাছে প্রেরিত একটি চিঠি। এর মূল উদ্দেশ্য ছিলো ফিলিন্তনে ইন্থদি জনগোন্তীর জন্যে মাতৃত্মি প্রতিষ্ঠায় ব্রিটশ সরকারের সহায়তা নিশ্চিতকরণ।

<sup>&</sup>lt;sup>66</sup> রুশদেশে ১৯১৭ সালে সংঘটিত সমাজতান্ত্রিক বিপুবের প্রধান নেতা। সমাজতান্ত্রিক রাষ্ট্র সোভিয়েত ইউনিয়নের প্রতিষ্ঠাতা। ১৮৭০ সালে সিম্বির্ক্ অঞ্চলে তাঁর জন্ম। আসল নাম জ্লাদিমির ইলিচ্ উলিয়ানত্। লেনিন (Lenin) তাঁর হন্ধনাম।

কিশোর বরস থেকেই লেনিন রাজনৈতিক আন্দোলনে যোগ দিতে ওরু করেন। রুপ সম্রাট বা জারকে হজার অভিযোগে মৃত্যুদও হয়েছিলো তার বড়ো ভাইরের। এই ঘটনাই তাঁকে রাজনীতিতে অংশগ্রহণে উত্তক্ষ করে। ১৮৯১ সালে তিনি আইনশাস্ত্রে ডিগ্রি লাভ করেন। ১৯০০ সালে দেশের বাইরে থাকার সময় তিনি ইক্রা' (কুলিল) নামে একটি বিপ্লবী পত্রিকা থাকাশ করেন। ১৯০৩ সালে ভৎকাশীন রুশ সোশ্যাল ডেমোক্রেটিক পার্টির ভেতরে তাঁর নেতৃত্বে বলশেতিক পার্টি প্রতিষ্ঠিত হয়। লেনিনের নেতৃত্বে ১৯০৫ সালে জার বিরোধী অভ্যুথানে জারের পতন না ঘটলেও ১৯১৭ সালের অভ্যুথানে জারের পতন ঘটে এবং সোভিয়েত ইউনিয়ন প্রতিষ্ঠিত হয়। ১৯১৭ সালের ৯ই নভেম্বর থেকে ১৯২৪ সালের ২রা ফেব্রুয়ারি পর্যন্ত তিনি সোভিয়েত ইউনিয়নের সরকারপ্রধান ছিলেন।

কার্ল্ নার্ল্স এবং ফ্রেড্রিশ এসেপ্স্-এর চিস্তার সম্প্রসারণ ও ব্যাখ্যার জন্যে তিনি বিখ্যাত। তাঁর এই চিম্ভাই লেনিনবাদ নামে পরিচিত। ১৯২৪ সালে তাঁর মৃত্যু হয়।

<sup>&</sup>lt;sup>89</sup> ১৯১৭ সালের ৭ই নভেমর রাশিয়ার পেব্রোচ্ছাৎ শহরে শ্রমিক-সৈনিক-নাবিকের সশস্ত্র অভ্যুথান ও রাষ্ট্রক্ষয়তা দখল ইতিহাসে রুশ বিপ্রব বা অক্টোবর বিপুর নামে পরিচিত হয়ে আছে। তৎকালে রাশিয়ায় অনুসৃত ক্যালেন্ডার অনুযায়ী দিনটি ছিলো ২৫ শে অক্টোবর। তাই একে অক্টোবর বিপ্রবণ্ড বলা হয়ে থাকে। বিপ্রবের নেভূত্বে ছিলো দেনিনের নেভূত্বাধীন রাশিয়ার কমিউনিস্ট পার্টির সংখ্যাণ্ডর বল্শেন্ডিক স্থাশ। এই বিপ্রব বুর্জোরা ধনিক শ্রেণি ও

সপ্তাহ পর পেনিন ইছদিদের পক্ষে দুই দফাবিশিষ্ট একটি সিদ্ধান্ত ঘোষণা করেন:

- ১. ইছদিদের বিরুদ্ধে কথা বলা এবং ভাদের সঙ্গে শত্রুতা পোষণ করা অপরাধ : এই অপরাধের ক্ষেত্রে আইনানুগ দত্তের বিধান রাখা হবে :
- আমরা ফিলিন্তিনে ইহুদিদের জন্যে একটি জাতীয়ভাবাদী রাষ্ট্রের বীকৃতি দিছিং।

লেনিনের এই ঘোষণার তিন সপ্তাহ পর ১৯১৭ সালের নজেম্বর মাসে ইংরেজরা বেলকোর ডিক্লারেশন ঘোষণা করে। ১৯২২ সালে আমেরিকা এই ডিক্লারেশনের স্বীকৃতি দেয়। সেই যে তারা গুরু করে, ১৯৪৭ সালে তা বাস্ত বারিত হয়।

# টাকার বিনিময়ে ফিলিস্তিনের ভূমি বিক্রয়

ফিলিন্তিনের ভূমি বন্টনের সিদ্ধান্ত প্রকাশিত হয় ১৯৪৭ সালে নভেম্বর মাসের ২৯ তারিখে। ব্রিটেন ফিলিন্তিনে এজেন্ট নিয়োগ করেছিলো। তারা তাদেরকে নিজেদের ভূমি ত্যাগ করতে উৎসাহিত করে। সিদ্ধান্ত অনুযায়ী ব্রিটেন তাদেরকে তাদের জন্যে নির্ধারিত ভূমি প্রদান করে। ১৯৪৮ সালে ১৫ই মে ব্রিটিশ এজেন্সির (ব্রিটিশ মায়ন্ডেট) মেয়াদ শেষ হয়। ইংরেজরা ইন্থদিদেরকে বা আরবদেরকে তাদের চুক্তি অনুযায়ী ভূমি প্রদান করে। ১৯৪৮ সালে ১৫ই মে ব্রিটিশরা যখন ফিলিন্তিন থেকে বেরিয়ে আসে ভখন ইন্থদিদের ভূমির পরিমাণ ও মিলিয়ন একরের বেশি ছিলো না। ফিলিন্তিনের মোট ভূমির পরিমাণ ছিলো ২৭ মিলিয়ন একর। এই ভূমি তারা কীভাবে পেলো! সাধারণভাবে এই অপবাদ দেয়া হয়ে থাকে যে, কিলিন্তিনি জ্ঞাতি তাদের ভূমি বিক্রি করে দিয়েছে। আমি আপনাদেরকে সংখ্যা উল্লেখ করে বলতে চাই ইন্থদিরা কীভাবে এই ভূমির মালিক হলো। ভুরক্রের খেলাফত ব্যবস্থার শেষের দিকে কমিটি অব ইউনিয়ন এয়ান্ত প্রপ্রেস'-এর যেসব ভূর্কি নেতা

সামস্ত জমিদারদের শাসন উৎথাত করে। বিপ্রবপরবর্তী সমরকাল ছিলো নানা দিক দিয়ে জটিল। বে-ব্যাপক সামাজিক-অর্থনৈতিক পরিবর্তন ঘটাবার উদ্যোগ নেরা হয়েছিলো ভা দেশের ভেতর ও বাহির থেকে প্রবল বাধার সম্মুখীন হয়।

সোভিয়েত সমাজতান্ত্রিক ব্যবস্থায় গণতান্ত্রিক অধিকার ক্রমেই সঙ্চিত হয়ে আসে এবং শেষ পর্যন্ত তা একমাত্র কমিউনিস্ট পার্টির একনায়কত্বে পরিণত হয়। অর্থনীতি স্থবির হয়ে পড়ে, রুদ্ধ হয়ে পড়ে চিস্তার স্বাধীন বিকাশ। সমাজতান্ত্রিক বিশ্বব যে-প্রতিশ্রুতি নিরে বাত্রা ওঞ্ করেছিলো নানা প্রীভূত ভ্রান্তি ও জটিলভার কারণে নক্ষইরের দশকে এসে তা একেবারেই তেনে পড়ে।

সৃলতানকে অপসারিত করেছিলো, ইহুদিরা তাদের থেকে ঘৃষ হিসেবে পেয়েছে ৬ লাখ ৫০ হাজার একর ভূমি। ব্রিটিশ হাই কমিশনারের পক্ষ থেকে ইন্ড্ৰি এজেঙ্গি (Jewish Agency) বিনা পয়সায় পেয়েছে ৩ লাখ একর ভূমি। বিটিশ সরকারের প্রতিনিধি কর্তৃপক্ষ প্রতীকী মূল্যে জুইশ এজেন্সির কাছে বিক্রি করেছে ২ লাখ একর ভূমি। দুই খ্রিস্টান আর্চবিশপ ও তাদের পরিবার বিক্রি করেছে মার্জ ইবনে আমের এলাকার ৪ লাখ একর ভূমি। সুলতান আবদুল হামিদের পক্ষ থেকে উপঢৌকনের নামে ব্রিটেন ইহুদিদেরকে প্রদান করে হুলা ও বিসান অঞ্চলের ৬৫ হাজার একর ভূমি। তাইয়ান আল-বয়রুতির পরিবার ইহুদিদের কাছে বিক্রি করে আল-হাওয়ারেস উপত্যকার ৩২ হাজার এক্র ভূমি। সিরিয়া ও দেবাননের তাইয়ান আল-বয়রুতি, কুব্বানি, আল-জায়ায়েরি পরিবার এবং খ্রিস্টান আর্চবিশপ পরিবার বিক্রি করে তুলেকারাম, জানিন ও বিসান অঞ্চলের ২৮ হাজার একর ভূমি। বিশ্বাসঘাতকতা করে ফিলিন্তিনের কিছু মুনাফিক ইন্থদিদের কাছে বিক্রি করে 🖷 লাখ একর ভূমি। এই বিশ্বাসঘাতকতার ফলে এরা মুজাহিদ ও বিদ্রোহীদের হাতে হত্যা ও জবাইয়ের শিকার হয়। ব্রিটিশরা ১৫ই মে ফিলিন্তিন থেকে বেরিয়ে আসার আগের দিনগুলোতে ইহুদি এজেন্সিকে দিয়ে দেয় ১ মিলিয়ন ৪ লাখ ২৫ হাজার একর ভূমি। সব মিলিয়ে ইহুদিরা সাড়ে ৩ মিলিয়ন একর ভূমির মালিক হয়।

এরপর ইংরেজ জেনারেল গ্রুব পাশার (Lieutenant-General Sir John Bagot Glubb) নেতৃত্বে সাতটি আরব রাষ্ট্রের সেনাবাহিনী ফিলিন্ডি নে প্রবেশ করে। তার ফিলিন্ডিনের অভ্যন্তরে ৯ মাস অবস্থান করে। হায়, এরা যদি ফিলিন্ডিনে প্রবেশ না করতো? এই নয় মাসে ইছদিরা কী নিয়েছে? আল-লুদ ও রামাল্লা থেকে নিয়েছে ৯ লাখ ৫০ হাজার একর ভ্মিঃ পূর্বজালিলি ও পশ্চিমজালিলি থেকে নিয়েছে ২ মিলিয়ন একর ভূমিঃ আশ-শোনা, রুদাস ও মানাতিকে খলিল থেকে নিয়েছে ১ মিলিয়ন ৬ লাখ ৭৫ হাজার একর ভূমিঃ নাকাব মরুভূমি ও রগকৌশলগত এলাকা থেকে নিয়েছে ১২ মিলিয়ন ৭ লাখ একর ভূমি। আরব সেনাবাহিনী ফিলিন্ডিনে প্রবেশের পর ইছদিরা মোট দখল করে সাড়ে ১৭ মিলিয়ন একর ভূমি। আগের সাড়ে ৩ মিলিয়ন আর এই নয় মাসে দখলকৃত সাড়ে ১৭ মিলিয়ন—মোট ২১ মিলয়ন একর ভূমি ইছদিরা দখল করে। ফিলিন্ডিনিদের জন্যে অবশিষ্ট থাকে মাত্র ৬ মিলিয়ন একর ভূমি ইছদিরা দখল করে। ফিলিন্ডিনিদের জন্যে অবশিষ্ট থাকে মাত্র ৬ মিলিয়ন একর ভূমি।

### আরব সেনাবাহিনীর বিশ্বাসঘাতকতা

ফিলিন্তিনিরা কী করেছে? ফিলিন্তিনিরা প্রতিরোধ করেছে। পরে আরব সেনারা ফিলিন্তিনে প্রবেশ করে তাদেরকে বলে, তোমরা প্রতিরোধ-লড়াই ত্যাগ করো। আমরাই তোমাদের পক্ষ থেকে প্রতিরোধ করবো। ফলে ফিলিন্তিনিরা থোঁকা খেয়ে নিঃস্ব হয়ে যার। আমি আমার বাবাকে একটি বন্দুকের গল্প কলতে শুনেছি। তিনি বন্দুকটি কেনার জন্যে জানিন থেকে উত্তর আলেপ্নোতে গিয়েছিলেন এবং একশো স্বর্ণমুদ্রা দিয়ে বন্দুকটি কিনেছিলেন।

ফিলিস্তিনের মুসলমানেরা ১৯২০ সাল থেকে ১৯৪৮ বা ১৯৪৯ সাল পর্যন্ত প্রতিরোধ-লড়াই করেছে। তারপর আরব সেনাবাহিনী আল-লুদ ও রামান্তার প্রবেশ করে। আপনারা আল-লুদ ও রামান্তার ছয়মাসে যা ঘটেছিলো তার দৃষ্টাভ লক্ষ্য করুন এবং গ্রহণ করুন। ফিলিন্তিনিরা সবসময় সেখানে সতর্ক পাহারায় থাকতো। নারীরা সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত পাহারায় থাকতো আর পুরুষরা সন্ধ্যা থেকে সকাল পর্যন্ত পাহারায় থাকতো। কোনো ইন্থদি আল-লুদ ও রামান্তার ধারেকাছে যাওয়ারও সুযোগ পায় নি।

আল-লুদ ও রামাল্লা এলাকা দুটি লমার ৪৮ কিলোমিটার। জেনারেল গ্রুব পাশার অনুগামী হয়ে ইংরেজ কমান্ডার মিস্টার ল্যাস-এর নেতৃত্বে জর্ডানের সেনাবাহিনীর একশো পঞ্চাশ জন সৈনিক আল-লুদ ও রামাল্লায় প্রবেশ করে এবং কমান্ডার ল্যাস ভাদেরকে ৪৮ কিলোমিটারব্যাপী বন্টন করে দেন 🖯 প্রত্যেক এক কিলোমিটারে থাকবে তিনজন সৈনিক আর তাদের সবার তত্ত্বাবধানে নিয়োজিত থাকবেন দুইজন কর্মকর্তা। শেষে একদিন অস্ত্রবিরতি চুক্তি সাক্ষরিত হয়। আরব রাষ্ট্রগুলোর ওপর পশ্চিমা রাষ্ট্রগুলোর চাপ প্রয়োগের ফলে এই চুক্তি স্বাক্ষরিত হয়। ব্রিটিশ প্রতিনিধিদল ফিলিন্ডিন থেকে বেরিয়ে যাওয়ার একমাস পর ১৯৪৮ সালের জুন মাসে এই চুক্তি ফিলিন্তিনি জাতির ওপর চাপিয়ে দেয়া হয়। কিন্তু তারপর কী ঘটে? ইহদিরা **ক্রেকাল্লোভাকিয়া থেকে অন্ত সংগ্রহ করে এবং রাশিয়াসহ অন্যান্য দেশে** যেসব ইহুদি ছিলো তাদেরকে নিয়ে আসে। তারা নিজেদের সঙ্গে অন্যদের শক্তির সমতা নিরূপণের চেষ্টা করে: অবশেষে একদিন—চুক্তির সময়সীমার ভেতরেই—ইহুদিরা আল্-লুদ ও রামাল্লায় হামলা করে বলে। মাত্র দূই ঘণীয় তারা রামাল্লা ও আল-লুদ দখল করে নেয়। হ্যা, মাত্র দুই ঘণীয়া! আরব সৈনিকরা কিলিন্তিনে প্রবেশের সময় এই ঘোষণা দেয়া হয়েছিলো বে, কেউ যদি অন্ত্ৰ বা গোলাবঞ্লদ বহনকারী কোনো ফিলিন্তিনিকে পায় সে যেনো তাকে ধরে মার্শাল কোর্টে উপস্থিত করে। তাকে মার্শাল কোর্টে ফাঁসি দেয়া হবে। আরব যুবকেরা ক্রোধে জুলে ওঠে। মিশরের ইসলামি আন্দোলনের সত্তর জন যুবক একটি বিমানে ওঠে এবং ফিলিন্ডিনে প্রবেশের জন্যে আম্মানে

আসে। জেনারেল গ্রুব পাশা বিমানটিকে আম্মান ত্যাগ করে সরাসরি কায়রোতে ফিরে যেতে নির্দেশ দেয়। যুবকদের পাসপোর্ট ছিঁড়ে ফেলা হয়। রাজা ফারুক<sup>৪৮</sup> তাদের পাসপোর্ট ছিঁড়ে ফেলে।

## ইসলামি আন্দোলনের কাল

তারা সিনাই পর্বত পর্যন্ত হেঁটে আসে এবং নাকাব মরুভূমিতে পৌছে। হাসানুল বান্না দেপলেন যে, ফিলিন্ডিন ধ্বংস হয়ে যাচেছ। আরব ভূপণ্ডে তথন ইখওয়ানুল মুসলিমিন ব্যতীত আর কোনো ইসলামি আন্দোলন নেই। আরবি বিশ্ববিদ্যালয়ের প্রধান আযুধাম পাশার কাছে গিয়ে তিনি বলকেন, হে আয্যাম, ফিলিন্তিন তো শেষ হয়ে থেছে। আরব সৈনিকেরা সেখানে লড়াই করতে প্রবেশ করে নি। আমরা পড়াই করার জন্যে প্রস্তুত আছি। এখন আমরা কী করতে পারি? তারা ফিলিন্তিনকে উদ্ধার করার উদ্দেশ্যে নীল নদের পাশে একটি ক্যাম্প স্থাপন করেন। আয্যাম পাশা, হাসানুল বান্না এবং উলুবা পাশার নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের নামের অধীনে লেখানে কাজ চলতে থাকে। আয্যাম পাশা মিশরের একটি অংশে এবং সিরিয়ার একটি অংশে সামরিক প্রশিক্ষণ দেয়ার জন্যে আলাদা ক্যাম্প স্থাপন করেন। ইসলামি আন্দোলনের কর্মীরা এই ক্যাম্পগুলোতে সামরিক প্রশিক্ষণ নিতে শুরু করে ৷ প্রশিক্ষণপ্রাপ্ত কর্মীদের প্রথম দলটি কামেল আশ-শরিফ ও মুহাম্মদ ফারগালির নেভূত্বে লিখিত নির্দেশনা নিয়ে ফিলিন্তিনে প্রবেশ করে। তাঁরা প্রথমে নাকাব, রাফাহ, খানে ইউনুস ও গাজায় তাদের ঘাঁটি স্থাপন করেন। দিতীয় দলটি আহমদ আবদুল আযিযের নেড়েছে ফিলিন্ডিনে প্রবেশ করে। আহমদ আবদুল আযিয় ইখওয়ানুল মুসলিমিনের কেউ ছিলেন না; তিনি সেনাবাহিনীর সাহসী কর্মকর্তা ছিলেন। তবে ইখণ্ডয়ানুল মুসলিমনের লাইয়ুদ পাশা, আবদুল মুনইম, আবদুর রউফ ও মারুফ আল-হাদারি তাঁকে সহায়তা

শি ইনি মিসরের সর্বশেষ রাজা প্রথম ফারুক। ১৯৩৬ সালে মাত্র যোলো বছর বরসে তাঁর পিতা রাজা প্রথম ফুয়াদের স্থাভিষিত হন। ১৯৩৭ সালের ২৯ জুলাই ফারুকের প্রাপ্তবরক্ষ হওয়া পর্যন্ত তাঁর চাচা আমির মুহাম্মদ আলি ভারপ্রাপ্ত রাজা হিসেবে দায়িত্ব পালন করেন। কারুক প্রথমে জনপ্রিয় থাকলেও স্বৈরাচারী কর্মকান্ত ও ভোগ-বিলাসে মন্ত হওয়ার পর জনপ্রিয়তা কমতে থাকে এবং গণবিরোধিতা দেখা দেয়। ১৯৫২ সালে জেনারেল মুহাম্মদ নাজিবের নেতৃত্বে সেনা-অভ্যুত্থানের কলে রাজা ফারুকের গড়দ ঘটে এবং এ-বছরের ১৬ই জুলাই তিনি ইউরোপে নির্বাসিত হন। ফারুক ১৯২০ সালে কায়রোতে জন্মগ্রহণ করেন এবং ১৯৬৫ সালে রোমে তাঁর মৃত্যু হয়। তাঁকে মিসরের ভূমিতে দাফন করার দাবি জানানো হলে সরকার তা থেনে নেয়। ফারুকের প্রথম স্ত্রী সাফিনাক্র মুল ফাকার এবং দিতীর স্ত্রী নারিমান সাদেক। দিতীয় স্ত্রীর ঘরে একমাত্র সন্তান আহম্মদ ফুরাদ।

করেছেন। তাঁরা ফিলিস্তিনে প্রবেশ করেন এবং কুদৃস থেকে আল খলিল পর্যন্ত তাঁদের ঘাঁটি ছাপন করেন। এই দলটির হাতে ইহুদিরা এতো বেশি হত্যা ও বিপর্যয়ের শিকার হয় যা তারা কখনো চিন্তা করে নি। কিন্ত ইন্থদিরা নিজেদেরকে দ্রুত সামলে নেয়। ইসলামি আন্দোলনের এক যুবক, হুসাইন হিবাজি দিতীয় দলের একজন কমান্ডার ছিলেন। তিনি একাই একটি উপনিবেশ ধ্বংস করে দিয়েছিলেন। সেখানে ইহুদিদের যে-কয়টি বাড়ি ছিলো তাব সবগুলো তিনি গুঁড়িয়ে দিয়েছিলেন। ইহুদিদের কী করার ছিলো? তারা কুদসকে নিজেদের কন্ধায় রাখতে চেয়েছিলো। এজন্যেই তারা তাড়াহুড়ো করছিলো। তারা আশঙ্কা করছিলো যে, আহমদ আবদুল আযিয়ের হাতে কুদ্সের পতন ঘটবে। তারা যে-উপনিবেশ স্থাপন করেছে সেগুলোরও পতন ঘটবে। বিশেষ করে সুয়ারে বাহের ও কুদ্সের চারপাশে তারা যে-উপনিবেশ স্থাপন করেছিলো সেগুলোর পতন অবশ্যম্ভাবী। কাফেরদের প্রথম উপনিবেশ ছিলো দুদাম এবং যুদ্ধও সেখানেই চলছিলো। দাজাজ উপনিবেশের বাড়িওলো মুজাহিদরা ভঁড়িয়ে দিয়েছিলেন। অধিক পশুপাখি ও ফসলের কারণে তারা এই উপনিবেশের নাম দিয়েছিলো দাজাজ ও বাকার উপনিবেশ। দাজাজ মানে মুরগি আর বাকার মানে গরু বা পশু। কুদ্সের চারপাশে যেসব কাকের ছিলো তারা ছিলো চূড়ান্ত অবাধ্য এবং তারা ইহুদি ছিলো না। মুজাহিদরা একদিনে ভিনটি উপনিবেশ দখল করে নিয়েছিলেন। কৃদ্সে যে-তিনটি উপনিবেশ ছিলো মুজাহিদরা একদিনেই সেগুলো দখল করে নেন।

তারপর মাওয়ায়ির নেতৃত্বে মিয়রীয় সেনাবাহিনী ফিলিন্তিনে প্রবেশ করে।
তিনি আহমদ আবদুল আয়িষকে বলেন, আমার সঙ্গে এই নির্দেশ রয়েছে যে,
আপনি আমার আনুগত্য করবেন। আহমদ আবদুল আয়িয় বলেন, ঠিক
আছে, আমরা আপনার আনুগত্য করবো। তবে তাঁর কাছে য়য়ন রাজা
কায়কের নির্দেশ আসে তিনি তা প্রভ্যাখ্যান করেন। এরপর আহমদ আবদুল
আয়িয় কায়রোতে যান এবং হাসানুল বায়ার সঙ্গে সাক্ষাৎ করেন। হাসানুল
বায়া তাঁকে বলেন, আহমদ, আপনি আন্তর্জাতিক য়ড়য়য়ের বিষয়ে সতর্ক
থাকুন। আরব রাষ্ট্রগুলো যুদ্ধবিরতি চুক্তিতে সন্মত হয়েছে। আহমদ আবদুল
আয়িয় মিসর থেকে ফিলিন্তিনে ফিরে মান। ফায়ক ঘাতক সালেহ সালেমকে
আহমদ আবদুল আয়িয়ের কাছে পাঠায়। সে তাঁর কাফেলার ভেতরেই তাঁকে
হত্যা করে। তারা ধারণা করেছিলো যে আহমদ আবদুল আয়িয় হাসানুল
বায়ার শিব্য হয়ে গেছেন এবং আশক্ষা করেছিলো যে কুদ্স, বায়তে লাহাম,
মারে ইলয়াস এবং অন্যান্য এলাকা থেকে ইহুদিদের মেরে সাফ করে
দেবেন। তাই তারা ইসলামি আন্দোলনের এই দুয়সাহসী যুবককে হত্যার

বিকল্প খুঁজে পায় নি। শেষে সালেম সালেহ তাঁকে হত্যা করে। এরপর তারা গ্লুব পাশার নেতৃত্বে পরিচালিত সেনাদলটিকে গ্রহণ করে। ধারাবাহিকভাকে এই ধরনের ঘটনা ঘটতে থাকে।

ফিলিন্তিনিদেরকে অস্ত্রের ব্যবহার থেকে বঞ্চিত করা হয়। বাইরে থেকে যেযুবকেরা ফিলিন্তিনে প্রবেশ করেছিলো, তারা চারটি দলে ভাগ হরে বিভিন্ন
অঞ্চল থেকে ফিলিন্তিনের বিভিন্ন এলাকায় প্রবেশ করেছিলো। হাসানুল বানা
মুক্তফা আস-সাবায়ির নেতৃত্বে সিরিয়া থেকে এবং সাওয়াফের নেতৃত্বে ইরাক
থেকে দুটি দল ফিলিন্তিনে পাঠান। তিনি আবদুল লতিফ আবু কুরাকে জর্ডান,
ইরাক ও সিরিয়া থেকে দল নিয়ে ফিলিন্তিনে প্রবেশের নির্দেশ দেন। ফাওযি
আল-কাওকান্ডি মিসর থেকে উদ্ধারকারী বাহিনী নিয়ে ফিলিন্তিনে প্রবেশ
করেন। তিনি সবসময়ই সন্দেহের আবর্তে ছিলেন গ্রুব পাশার অনুমতি নিয়ে
তিনি ফিলিন্তিনে প্রবেশ করেন। কিছে হঠাং একদিন পালিয়ে মিসরে চলে
আসেন। আরব রাষ্ট্রগুলো তাঁর পাশে দাঁভায়।

হাসানুশ বান্না ১৯৪৮ সালের মে বা জুন মাসে আরব রাষ্ট্রগুলোর নেতাদের . কাছে এই মর্মে তারবার্তা পাঠান যে, 'আমি প্রথমবারের মতো দশ হাজার সশস্ত্র যোদ্ধা নিয়ে ফিলিন্তিনে প্রবেশ করতে প্রক্রত। আপনারা যদি ফিলিন্তি নকে ইহুদিদের হাত থেকে মুক্ত করার বিষয়টি ভালো মনে করেন তাহলে আমাকে ফিন্সিন্তিনে প্রবেশের সুযোগ দিন।' পৃথিবী তখন বসে থাকে নি। তারা এই তারবার্তা পেয়ে ইসলামি আন্দোলনকৈ নিস্তেজ করতে উঠেপড়ে লাগে। তারা ভাবতে শুরু করে কীভাবে হাসানুল বানার পরিচালিত ইসলামি আন্দোলনকে নিঃশেষ করে দেয়া যায়। ১৯৪৮ সালে ৬ই সেপ্টেম্বর ব্রিটেন, <u>ক্রান্স ও আমেরিকার ডিন রাষ্ট্রদৃত বৈঠক করেন। তাঁরা হাসানুল বান্লার</u> ইসলামি আন্দোলনকে নিস্তেজ ও তাঁর দলকে ভেঙে দিতে একমত হন এবং চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন। তাঁরা এই সিদ্ধান্তপত্র মিসরের প্রধানমন্ত্রী মাহমুদ ফাহ্মি আন-নাকরাশির কাছে পেশ করেন। তিনি এই দলের সদস্যদের প্রোকতার ও দলটিকে ডেঙে দেয়ার নির্দেশ দেন। এছাড়া তাদের যাবতীয় সম্পত্তি বাজেয়াপ্ত করারও নির্দেশ দেন। যুবকদের গ্রেপ্তার করা হয় এবং কারাগারে নিক্ষেপ করা হয়। তবে তখনো হাসানুল বানাকে আটক করা হয় নি। তিনি জেলখানার বাইরে থেকে যান। আন্দোলনের যে-যুবকেরা যুদ্ধক্ষেত্রে ছিলো তারা ক্রোধে ফুঁসতে থাকে। হাসানুল বান্না তাদেরকে একটি পত্র পাঠান। পত্রে তিনি লেখেন: 'হে আমার ভাইয়েরা, মিসরের ওপর দিয়ে যেসব ঘটনার দমকা হাওয়া বয়ে যাচেছ তা যেনো ভোমাদের বিচলিও ও চিড াগ্রন্থ না করে। তোমাদের কর্তব্য হচ্ছে ফিলিস্তিনকে ইন্থদিদের হাত থেকে মুক্ত করা। যতোদিন একজন ইহুদিও ফিলিস্তিনের মাটিতে থেকে যাবে ততোদিন তোমাদের কর্তব্য শেষ হবে না 🖰

এর দৃই মাস পর ফারুকের রাজকীয় গোয়েন্দা সংস্থার প্রধান মাহমুদ আবদুল মজিদ হাসানুল বান্নাকে শহরের সবচেয়ে বড়ো রাস্তায় হত্যার চেষ্টা করেন। হাসানুল বানা এতে আহত হন। তাঁকে কায়রো বিশ্ববিদ্যালয় হাসপাতালে ছানাডরিত করা হয়। এটিকে রয়্যাল চকু হাসপাতালও বলা হয়। রাজা ফারুক হাসানুগ বান্নাকে হাসপাতালের অন্ত্রোপচারকক্ষেই হত্যা করার জন্যে সামরিক কর্মকর্তা মুহাম্মদ ওয়াস্ফিকে সেখানে পাঠায়। ওয়াসফি জানতে পারেন হাসানুল বান্লা ওরুতর আহত নন। তাঁকে অল্রোপচারকক্ষে হভ্যা না করে ইমাম শাফি কবরস্থানের কাছে (জায়গাটি মুসলিম যুবকদের কার্যালয়ের সামনে) নিয়ে আসা হয় এবং গুলি করে হত্যা করা হয় ৷ ১৯৪৯ সালের ১২ই ফেব্রুয়ারি হাসানুল বান্নাকে শহীদ করার পরের দিন ১৩ই ফেব্রুয়ারি থেকেই মিসর রোডস চুক্তির কার্যক্রম শুরু করে। এই চুক্তিতে মিসর এই বিষয়ে একমত হয় যে, ইসরাইলকে নিরাপদ ভৌগলিক সীমার ভেডরে একটি জাতিরাট্র হিসেবে স্বীকৃতি দেয়া হবে। জর্ডানও রোডস চুক্তির বিষয়ে একমত হয় এবং চুক্তিতে স্বাক্ষর করে। তারা আহ্মদ সিদকি আল-জুনদি থেকে কেবল সীমানা নির্ধারণের বিষয়টি ছুড়ান্ত করতে চায়। এই চুক্তির মাধ্যমে ইহুদিরা ফিলিন্ডিনের প্রায় অর্ধেক ভূমি নিয়ে যায়। আমাদের যে-গ্রাম ছিলো, সীমানা চূড়াস্তকরণের সময় আমাদের গ্রাম থেকেও ৩৪ হাজার একর ভূমি ইছদিদের কজায় চলে যায়। মুরজ ইবনে আমের থেকেও একটি গ্রাম চলে যায়। এভাবেই কিলিন্তিন ধ্বংসের কিনারায় পৌতে।

### আন্দোলনকে নিস্তেজকরণ

ফিলিন্তিনে যে-সব যুবকেরা যুদ্ধ করছিলো, সেই মুজাহিদদের নিয়ে তারা কী ভাবলো। কী ঘটলো তাদের বেলায়? রাজা ফারুক নির্দেশ দিলো, এই যুবকদেরকে গ্রেণ্ডার করে জেলখানায় আটকে রাখো। তাদেরকে বলো, হয়তো আমাদের সঙ্গে মিলে তোমরা লড়াই করবে নতুবা তোমাদেরকে আমাদের সঙ্গে মিলে তোমরা লড়াই করবে নতুবা তোমাদেরকে আমাদের ট্যাঙ্কের ভেতরে প্রবেশ করতে হবে। তাদেরকে যুদ্ধক্ষেত্র, জিহাদ ও লড়াইরের ভূমি থেকে ভূলে নিয়ে কারাগারে বন্দি করে রাখো। একবছর তারা জেলের ভেতরে থাকবে। কিলিন্তিনের বিষয়টি মীমাংসা হয়ে গেলে তাদেরকে ছেড়ে দেয়া হবে। কিন্তু একবছর পর তাদেরকে আর কারাগার থেকে মুক্তি দেয়া হয় নি। রাজা ফারুকের পতনের মধ্য দিয়ে জামাল আবদুন নাসের ক্ষমতায় আসে। জেলখানায় বন্দি মুজাহিদদের ১৯৫৪ সাল পর্যন্ত অপেক্ষা করতে হয়। কিন্তু বৈরাচারী জামাল আবদুন নাসের ছিলো লম্পট ফারুকের চেয়েও ভয়ঙ্কর। তার শাসনামলে মুজাহিদদেরকে ফাঁসি বা যাবজ্জীবন কারাদণ্ড দেয়া হয়। সরকারি লোকেরা কারাগারে গিয়ে বন্দি

যখনই তারা এর ওপর দিয়ে অতিক্রম করতো, মাইনটি বিক্লোরিত হতো। এভাবে চলতে থাকে। অবশেষে আরব ও ইসরাইলের গোয়েন্দা সংস্থার লোকেরা হন্যে হয়ে ভাদের পেছনে লাগে। তারা ফাতাহর যুবকদেরকে মরিয়া হয়ে খুঁজতে থাকে এবং তাদেরকে ধরার জন্যে ফাঁদ পাততে থাকে। এমন ভাব, যেনো তাদেরকে ধরামাত্রই খেয়ে ফেলবে।

### রক্তিম রজনী

১৯৬৭ সালের আরব-ইসরাইল যুদ্ধে আরবদের পরাজয়ের কথা সবারই জালা। ৫ই জুল মিসরের চারশো সামরিক কর্মকর্তা প্রায় ভোর পর্যন্ত একটি বৈঠকে অংশগ্রহণ করেন। এই বৈঠক পরিচালনা করে ইহুদি উপদেষ্টা বারুখ নাদিল। বারুখ নাদিল বলেন, 'রাত দুইটার সময় বৈঠক শেষ হয়। আমি আশঙা করছিলাম যে তারা ভোর পাঁচটার সময় জেগে উঠবে। কারণ প্রথম আঘাত হানা হবে ভোর পাঁচটায়। আমি কিছুক্ষণ চিন্তা করলাম এবং কর্মকর্তাদের দুটি ভাগে ভাগ করে ফেললাম। পুরুষ কর্মকর্তারা একদলে, আরেক দলে হচ্ছে মহিলা কর্মকর্তারা। মহিলা কর্মকর্তাদের আমি বললাম, তোমরা হলে ইসরাইলি মিরাগ (জঙ্গি বিমান)। এখন আমি মিগ ক্রীভাবে মিরাগকে আক্রমণ করে ভেঙ্গে দের তাই দেখতে চাই। আমার এই কথা বলার পর তারা রাত চারটাও বেশি সময় পর্যন্ত মদ, আনন্দ, উল্লাস, হইচই ও মউজ-মান্তিতে নিমজ্জিত থাকে। পাঁড় মাতাল হয়ে রাত চারটার পর তারা নিজেদের বিছানায় নিক্ষেপ করে। এভাবেই ভোর পাঁচটা বাজে। কায়রোর বিমানবন্দরে আক্রমণ শুরু হয়।

